

করোনার এ সংকটেও প্রথম আলো উত্তর আমেরিকা আছে আপনাদের পাশে। সবাই সুস্থ ও নিরাপদ থাকুন। সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।

প্রথম আলো

Prothom Alo North America

18 November 2021, Thursday, 5th Year, Issue 244, 40 Pages

বাংলা সংবাদ মাধ্যমে
চৌকস অভিনেত্রী
তাবসুম পৃষ্ঠা: ২৮



১৮ নভেম্বর ২০২১, ৪ অগ্রহায়ণ ১৪২৮, ১৩ রবিউস সানি ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৫, সংখ্যা ২৪৪, পৃষ্ঠা: ৪০

বাইডেন-কমলা দূরে দূরে কেন



জনপ্রিয়তার ভাটায়
তলানিতে পড়া ভাইস
প্রেসিডেন্টকে নিয়ে দলে
এবং দলের বাইরে এখন
আর কোন উচ্ছ্বাস নেই।

প্রেসিডেন্ট জো বাইডেনের সাথে তাঁর সম্পর্ক, দক্ষতা এবং নিজের ও দলের রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে এরমধ্যেই কথা উঠেছে। দেশের প্রধান দুই ব্যক্তির কাজের সমন্বয় নেই এবং সমঝোতার অভাব রয়েছে বলে মার্কিন মিডিয়ায় সংবাদ প্রকাশিত হয়েছে। উভয় পক্ষ থেকেই অবশ্য এ টানাপোড়েনের কথা অস্বীকার করা হচ্ছে।

প্রথম নারী ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করে আমেরিকায় ইতিহাস সৃষ্টি করেছিলেন কমলা হ্যারিস। তাঁকে আগামী দিনের প্রেসিডেন্ট হিসেবেও মনে করতে শুরু করেছিলেন অনেকেই। ভারতীয় এবং কৃষ্ণাঙ্গ বর্ণের মিশ্রণে আমেরিকার কোন প্রেসিডেন্ট, এমনকি নারী প্রেসিডেন্ট দেখা যাবে— এ নিয়েও শুরুতে একটা উচ্ছ্বাস দেখা গিয়েছিল। ক্ষমতাগ্রহণের কয়েক মাসের মধ্যেই

ইব্রাহীম চৌধুরী

অনেকটা পাদপ্রদীপের আড়ালেই রয়েছেন মার্কিন ভাইসপ্রেসিডেন্ট কমলা হ্যারিস।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

নিউইয়র্কের পুলিশ কর্তাদের চাকরি ছাড়ার হিড়িক

মনজুরুল হক

নিউইয়র্ক পুলিশ থেকে কর্মকর্তাদের চাকরি ত্যাগের ঘটনা ব্যাপকভাবে বেড়ে গেছে। আমেরিকার সবচেয়ে গুরুত্বপূর্ণ নগরীতে চাকরি করে তাঁদের পেশাগত মর্যাদা রক্ষা করতে পারছেন না, এমন কথা বলছেন অনেকেই। অনেক পুলিশ কর্মকর্তা ভাল বেতন ও ভাল আবাসনের জন্যও নিউইয়র্ক ছেড়ে চলে যাচ্ছেন। ফ্লোরিডার ছোট্ট এক শহরে এনওয়াইপিডির ১৪ জন কর্মকর্তা সম্মতি যোগ দিয়েছেন।

পুলিশ বাহিনীর সাথে
নাগরিক আন্দোলনের সংঘাত
চলছে বেশ কিছুদিন থেকে।
ডেমোক্র্যাট নিয়ন্ত্রিত নগর
থেকে পুলিশ কর্মকর্তারা
অন্যত্র সরে যেতে চাচ্ছেন।

আমেরিকার সবচেয়ে বড়
কোলাহলের নগর নামাল দেয়া চৌকস

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১



করোনা
পরীক্ষা

নিউইয়র্কে করোনা সংক্রমণ বেড়েছে। সর্বত্র টেস্টিং কেন্দ্রে আবারও ব্যাপকভাবে পরীক্ষা করা হচ্ছে। কোন তালিকাভুক্তি ছাড়াই যে কেউ করোনা পরীক্ষা করিয়ে নিতে পারছেন। গত বুধবার ম্যানহাটনের এইচথ এভিনিউ থেকে ছবিটি তুলেছেন সৈয়দ মাসুদুল কবির

৩৫তম ফোবানার জোর প্রস্তুতি

জুয়েল সাদত

৩৫ তম ফোবানার সকল প্রস্তুতি শেষের দিকে। প্রতিদিন নতুন নতুন বিষয় যুক্ত হচ্ছে। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে সাতজন বীরশ্রেষ্ঠকে নিয়ে বীরগাঁথা নতুন সংযোজিত হয়েছে। শফিকুল ইসলাম ও দিলশাদ চৌধুরীর গ্রন্থনা পরিকল্পনায় 'বাই'-এর পরিবেশনায় বীরগাঁথা এবারের ফোবানার সেরা আকর্ষণ যা ২৬ নভেম্বর পরিবেশিত হবে।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

খালেদা জিয়াকে বাসায় থাকতে দিয়েছি, এটাই কি বেশি না?

সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী

চাকা ডেস্ক

দুর্নীতি মামলায় দণ্ডিত বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার চিকিৎসার জন্য নির্বাহী ক্ষমতায় যা করার ছিল তা করেছেন বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, বাকিটুকু আইনের ব্যাপার। বিএনপি ক্ষমতায় থাকতে নিজের ওপর হামলা-ঘড়ম্বরের



প্রধানমন্ত্রী শেখ হাসিনা

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

আমেরিকায় শুরু হয়ে গেল ‘উনপঞ্চাশ বাতাস’

রওশক হক

কোভিড-পরবর্তী সময়ে বাংলাদেশের সিনেমার দর্শকদের আবার আমেরিকার সিনেমা হলে স্বাগতম। আজ ১৯ নভেম্বর যুক্তরাষ্ট্র ও কানাডার মোট ১৬টি মূলধারার মাল্টিপ্লেক্স একযোগে বাণিজ্যিকভাবে মুক্তি পেয়েছে মাসুদ হাসান উজ্জ্বলের আলোচিত প্রেম ও মনস্তত্ত্বের সিনেমা ‘উনপঞ্চাশ বাতাস’। এর মধ্যে টাইমস স্কয়ারের

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১



খালেদা জিয়া

খালেদা জিয়ার শারীরিক অবস্থা ভালো না

চাকা ডেস্ক

বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার শারীরিক অবস্থা ভালো না। তাঁর কিডনি ও লিভারের সমস্যা হচ্ছে। ডায়াবেটিসও নিয়ন্ত্রণে আসছে না। সরকার চিকিৎসার জন্য তাঁকে বিদেশে পাঠানোর অনুমতি না দেওয়ায় তাঁর পরিবারের সদস্য ও দলের নেতা-কর্মীরা হতাশ। তিনি ১৩

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

Marks Home Care

মার্কস হোম কেয়ার

E-mail : info@markshhc.com
www.markshhc.com

ফলোয়াস আমাদের
ফেসবুক, ইন্সটাগ্রাম, ওয়াশপা
লিভারের জন্য
ফর লেটেস্ট ইভেন্টস,
প্রাইজস অ্যান্ড গিফটস

আমরা নতুন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।
We Welcome Agency Transfers
and New Clients.

- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
- আকর্ষণীয় সাপ্তাহিক আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন
718-697-7707

Bronx	Brooklyn	Queens	Hicksville	Buffalo
1232 Virginia Ave Bronx, NY 10472	413 Bay Ridge Ave Brooklyn, NY 11220	40-04 Junction Blvd Corona, NY 11368	217 Bethpage road Hicksville, NY 11801	1049 Broadway St. Suite # 4 Buffalo, NY 14212
1514 Castle Hill Ave Bronx, NY 10462	219 Church Ave Brooklyn, NY 11218	37-20 74th Street Jackson Hts, NY 11372		
	1122 Coney Island Ave Suite 220 (2nd fl.) Brooklyn, NY 11230	148-37 Hillside Ave Jamaica, NY 11435		

CHISHTI CPA PC

TRUSTED ACCOUNTING AND TAX SERVICES

চিশতী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস

Trusted Accounting and Tax Services.
Over 13 years of Accounting and Taxation Experience.

আমাদের
অফিস জ্যাকসন
হাইটসের
প্রাণকেন্দ্রে

ইনকাম ট্যাক্স আমাদের সেবাসমূহ

- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
- সেফ-এম্প্লয়েড ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

একাউন্টিং ও বুককিপিং

- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings

Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372

Mohammed K. Chishti, CPA, MBA



Queens Social Adult
Day Care Center Inc

কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরনের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রাহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- ▶ নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ▶ ফিন্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ▶ ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- ▶ নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- ▶ চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ▶ ওজু ও নামাজের ব্যবস্থা
- ▶ টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ▶ ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- ▶ সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা
- ▶ শিক্ষা কার্যক্রম
- ▶ কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- ▶ গ্রন্থাগার
- ▶ শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ▶ ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ▶ ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- ▶ রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- ▶ পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- ▶ মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- ▶ পিকনিক
- ▶ যাদুঘর ভ্রমণ
- ▶ সমুদ্র সৈকতে পার্টি
- ▶ নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- ▶ শান্ত সময়
- ▶ ধ্যান

অবসর কার্যক্রম

- ▶ কেরাম বোর্ড
- ▶ লুডু
- ▶ দাবা
- ▶ ধাঁধা
- ▶ অধ্যয়ন



For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



**ACE INSTITUTE
OF TECHNOLOGY**

এইস্ ইন্সটিটিউট অফ টেকনোলজি

২০১৯ সাল বাঙালীদের জন্য দারুন সুখবর!

Where it's all about excellence in education

নিউইয়র্ক স্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত

Licensed by New York State Department of Education.

কাউন্সিল অব অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এক্রেডিয়েশনপ্রাপ্ত



**BECOME A
MEDICAL
ASSISTANT**

- EKG Technician & Phlebotomy Technician
- Medical Insurance, Billing & Records

**Diagnostic
Medical
Sonographer**



**BECOME A
COMPUTER
NETWORK
ADMINISTRATOR**

- PC Technician (A+ Cert.)
- Networking Concepts (N+ Cert.)
- Network Security (Security+ Cert.)
- Computer Networking (MCITP/MCTS)

**Web & Graphic
Design**

বিস্তারিত জানতে ভিজিট করুন:

www.acecareer.edu | info@acecareer.edu

সুবিধাজনক ক্লাশসূচি

প্রভাতী ক্লাশ

সকাল ৯টা থেকে দুপুর ২টা

সন্ধ্যাকালীন ক্লাশ

বিকাল ৬টা থেকে রাত ৯টা

সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাশের
সুযোগ রয়েছে।

আনুষঙ্গিক সুবিধা সমূহ

Financial Aid available for
select program to those
who qualify.

যোগাযোগ: MANHATTAN 212-695-9700, QUEENS 718-575-3223

40-38. 75th Street, Elmhurst, NY 11373

Gehi Associates
ATTORNEYS AT LAW

www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372

104-05 Liberty Ave, Ozone Park, NY-11417

173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999

TEL: 718-577-0711

TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোস *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ারনসি ভিসা প্রসেসিং



Naresh Gehi, Esq.



- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

**IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR
DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.**

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING
TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সক্ষ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



Raja Kumar

আমরা বাংলায় কথা বলি

মিথ্যা: ~~আমি ইতোমধ্যেই COVID-19 এ আক্রান্ত হয়েছি, আমি সম্পূর্ণ সুরক্ষিত।~~

সত্য:

টিকাকরণ মারাত্মক রোগ, হাসপাতালে ভর্তি, মৃত্যু এবং নতুন
ভ্যারিয়েন্টের হাত থেকে শক্তিশালী এবং দীর্ঘ স্থায়ী সুরক্ষা প্রদান করে।

**COVID-19 টিকা জীবন বাঁচায়।
টিকা নিন।**

আরো তথ্যের জন্য, **NYC.GOV/COVIDVACCINE** ভিজিট করুন।



**NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY**

NYC
Health

Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার

সতর্কীকরণ: সীসা থাকতে পারে

দক্ষিণ এশিয়ার দেশগুলিতে কেনা মশলায়
সীসা থাকতে পারে, যা শিশুদের মধ্যে
শিক্ষা এবং আচরণগত সমস্যা তৈরি করতে
পারে, গর্ভবতী মহিলাদের গর্ভপাত, এবং
বন্ধ্যাত্ব ঘটাতে পারে।

- স্থানীয় মশলা কিনুন।
- আপনি যদি দক্ষিণ এশিয়া থেকে কেনা
মশলা ব্যবহার করেন, তাহলে আপনার
ডাক্তারকে রক্তে সীসার উপস্থিতি
পরীক্ষার জন্য বলুন।

আরো তথ্যের জন্য **311** নম্বরে ফোন
করুন বা **nyc.gov/leadfree** দেখুন।

NYC
Health

Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার

WELCOME BACK EVERYONE
LET'S GET TO THE CINEMAS WITH FAMILY & FRIENDS ONCE AGAIN

NOW
PLAYING

A 'MASUD HASAN UJJAL' FILM

উৎপাশ বাতাস



১৯ নভেম্বর ২০২১

থেকে চলছে

1. REGAL E-WALK 4DX & RPX, TIMES SQUARE
2. REGAL UA KAUFMAN ASTORIA & RPX, ASTORIA
3. JAMAICA MULTIPLEX CINEMAS, JAMAICA
4. BELLMORE PLAYHOUSE, BELLMORE

শো-টাইম ও টিকেট পাওয়া যাচ্ছে সংশ্লিষ্ট থিয়েটারগুলির ওয়েবসাইটে & কাউন্টারে



Red October
Films

STARRING: IMTIAZ BARSHON, SHARLIN FARZANA
PRESENTED BY ASIF HANIF
EXECUTIVE PRODUCER: SYEDA SHAWON



SWAPNA SCARECROW

এছাড়াও চলছে নীচের শহরগুলির CINEMARK থিয়েটারে
LOS ANGELES, UNION CITY, DALLAS, PLANO, AUSTIN, HOUSTON,
BOYNTON BEACH, DAVIE, FAIRFAX, HANOVER

প্রথম আলো

Prothom Alo North America

নেতৃত্বের ব্যর্থতাতেই প্রবাসে সংগঠিত হতে পারছেন না স্বদেশীরা

আমেরিকায় বাংলাদেশীদের তিন প্রজন্ম চলছে। বহু জাতি ও ধর্মের এ দেশটিতে বাংলাদেশীদের প্রথম আগমনের শত বছর পেরিয়ে গেছে অনেক আগেই। আমেরিকায় বাংলাদেশীদের ব্যাপক অভিবাসন ঘটেছে গত চার দশকে। এ চার দশকে বাংলাদেশী জনসমাজের কাছে নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটি এবং ফেবানা নামের সংগঠন ব্যাপকভাবে পরিচিত হয়ে উঠেছিল। এখনো বাংলাদেশী জনসমাজকে এ দুটি সংগঠন নিয়ে কথা বলতে দেখা যায়। সদস্য হওয়ার জন্য লোকজনের মধ্যে আগ্রহ দেখা যায়। নির্মম সত্য হলো, প্রবাসে আমাদের কোন সংগঠনই এখনো শুরু ভিত্তির ওপর দাঁড়াতে পারেনি। গত চার দশকের ইতিহাস ঘটলে দেখা যায়, কোন কোন সময় সংগঠনগুলো এগিয়ে গেছে। মনে হয়েছে প্রবাসে দেশের সব জনসমাজকে প্রতিনিধিত্ব করার যোগ্যতা অর্জন করছে তারা। শেষ পর্যন্ত তেমন কিছু হয়নি। সংগঠনগুলো হয় ভাদনের শিকার হয়েছে, না হয় মামলায় জড়িয়ে পরে সদস্যদের কষ্টার্জিত অর্থ অপচয় করেছে। ফেবানা নামের একাধিক সংগঠনের কথা আমরা জানি। কিছুদিন আগে এর একটির সম্মেলন হয়ে গেল। এমাসের শেষ দিকে ফেবানা সম্মেলনের আয়োজকরা ব্যাপকভাবে সম্মেলন করার প্রস্তুতির কথা জানাচ্ছেন। ভাস্কনের কারণে ফেবানাকে নিয়ে একসময় জনসমাজের যে উৎসাহ ছিল, এখন আর তেমন নেই। নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটির নির্বাচন স্থগিত হয়ে গেছে আবারও।

যুক্তরাষ্ট্রে

প্রবাসীদের সবচেয়ে বড় সংগঠন হিসেবে একসময়ে পরিচিত হয়ে ওঠা বাংলাদেশ সোসাইটি এখন মামলার বেড়াডালে আটকা পড়েছে। গত তিন বছরের বেশি সময় নির্বাচন করার চেষ্টা করতে গিয়ে ব্যর্থ হয়েছে সংগঠনটি। বাংলাদেশ সোসাইটির নির্বাচন হওয়ার কথা ছিল ১৪ নভেম্বর রবিবার। নির্বাচনের সব প্রস্তুতি শেষপর্যায়ে ছিল। দুই প্যানেলের নির্বাচনী প্রচারণা নিয়ে এক মিলিয়ন ডলারের বেশি অর্থ ব্যয় হয়েছে বলে মনে করা হয়েছে। নির্বাচন কমিশনের পক্ষ থেকে ৫টি কেন্দ্র স্থাপনের কাজ শেষ করা হয়। ২৭ হাজারের বেশি লোকজন এবারে সোসাইটির তালিকাভুক্ত ভোটার হয়েছিলেন। জনসমাজের প্রত্যাশা ছিল সোসাইটির নির্বাচনের মধ্যদিয়ে সংগঠনটি আবার বেগবান হয়ে উঠবে এবং প্রবাসীদের নিত্যদিনের কাজকর্মে ভূমিকা রাখবে।

বাংলাদেশী জনসমাজকে ঐক্যবদ্ধ করে নিজেদের মধ্যে সম্প্রীতি ও সৌহার্দ্য বৃদ্ধির লক্ষ্যে ৪৬ বছর আগে নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটি প্রতিষ্ঠা করা হয়েছিল। সময়ের সাথে সাথে এ সংগঠনটি কলহ, নেতৃত্ব দখলের প্রতিযোগিতা, একে অপরের বিরুদ্ধে মামলার কাজে জড়িয়ে যায়। এর আগে নির্বাচন হওয়ার কথা ছিল ২০১৮ সালের ২১ অক্টোবর। তার ঠিক দু’দিন আগে সুপ্রীম কোর্টের স্থগিতাদেশ এসেছিল।

এদিকে শেষ মুহূর্তে আবারও নির্বাচন স্থগিত হওয়ার জন্যে কে বা কারা দায়ী তা চিহ্নিত করার দাবি উঠেছে। তারা বলেন, এত বড় একটি নির্বাচন, এত মানুষ সম্পৃক্ত আর কষ্টার্জিত অর্থ ব্যয় করার পর শেষমুহূর্তে তা থমকে দাঁড়ানো সত্যি দুঃখজনক একটি ঘটনা। এটা কারোই কাম্য ছিল না বলে তাঁরা উল্লেখ করেন।

এমন ঘটনা কারও কাম্য নয়। দেশ ছাড়া প্রবাসীদের প্রথম প্রজন্মের লোকজনই এসব সংগঠনের সাথে জড়িত। এখানে জন্ম নেয়া বা বেড়ে ওঠা বাংলাদেশী আমেরিকানদের মধ্যে এসব সংগঠন কোন উৎসাহ সৃষ্টি করতে পারেনি। প্রয়াস যে নেয়া হয়নি, এমন নয়। নানা কারণে নতুন প্রজন্মের লোকজন স্বদেশী সংগঠনগুলোকে এড়িয়ে চলতে দেখা যায়। এর অন্যতম কারণ সংযোগহীনতা। নিজেদের দলাদলি, অনিয়ম, অব্যবস্থাপনার সাথে আমেরিকায় বড় হওয়া প্রজন্ম ঠিক খাপ খাওয়াতে পারে না। ফলে এসব স্বদেশী সংগঠন ঘুরে ফিরে প্রথম প্রজন্মের অভিবাসীদের কোলাহলের সংগঠন হিসেবেই বিরাজ করছে।

সংগঠনপ্রিয়তা আমাদের স্বদেশীদের মধ্যে খুব বেশি, সবাই মিলে এগিয়ে যাওয়ার প্রত্যাশা থেকেই এমন সংগঠন সৃষ্টি করা হয়। অবশ্য কিছুদিন পরেই শুরু হয় অন্য খেলা। নেতৃত্বে কে থাকবেন, একে অন্যকে পছন্দ করা না-করা নিয়ে বেপরোয়া অবস্থানে চলে যান অনেকেই। নিউইয়র্ক নগরে বাংলাদেশী মসজিদ, মন্দির থেকে শুরু করে আঞ্চলিক সংগঠনগুলোতে এ কলহ, মামলা ও বিরোধ জনসমাজের জন্য বিরক্তির কারণ হয়ে দাঁড়িয়েছে।

নিজেদের কলহ আর বিবাদের খেসারত দিয়েও সবাই বিকারহীন। কখনো সদস্যদের চাঁদা থেকে, কখনো নিজের কষ্টার্জিত উপার্জন থেকে বিপুল অর্থ তুলে দেয়া হচ্ছে আদালত আর আইনজীবীর কাছে। লোকজন আগ্রহ হারাচ্ছে এসব সাংগঠন থেকে। বিপন্ন সময়ে প্রবাসে বাংলাদেশী সংগঠনগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে এগিয়ে আসতে দেখা যায়। কেউ মারা গেলে, অসুস্থ হলে সংকট মোকাবেলায় সংগঠনগুলোকে পাশে পাওয়া যায়। স্বদেশীদের প্রতি সহমর্মিতা নিয়ে এগিয়ে আসার এমন গুণাবলী আমরা দেখেছি করোনা মহামারির তাণ্ডবের সময়। মারা যাওয়া লোকজনের কবরের ব্যবস্থা করে দেয়াসহ ঘরে ঘরে খাবার পৌঁছে দেয়ার কাজ করা হয়েছে স্বদেশী সংগঠনগুলোর পক্ষ থেকে। বিপন্ন সময়ে সহমর্মিতার ঐক্য নিয়ে পাশে দাঁড়ালেও সংগঠনকে শক্তিশালী এবং অব্যবস্থাপনার অপবাদ থেকে কেন মুক্ত রাখা যায় না?—এ প্রশ্নের উত্তর খুঁজতে হচ্ছে বারবার।

আত্মঅহমিকা, সর্বজনগ্রাহ্য নেতৃত্বের অভাব এবং ভালো সংগঠকদের এগিয়ে না আসার কারণেই এমনটি হচ্ছে বলে মনে করা হচ্ছে। সময়ের পরিবর্তনের সাথে প্রবাসে এসব জনসমাজভিত্তিক সংগঠন নতুন প্রজন্মের হাতে দেয়ার তাগিদও কাজ করেছে কোন কোন মহলের কাছে। অনেকেই মনে করেন, নানা পশ্চাৎপদ চিন্তায় আচ্ছন্ন পূর্বসূরীদের হাত থেকে প্রবাসে স্বদেশী সংগঠনের নেতৃত্ব নতুন প্রজন্মের কাছে তুলে দিতে হবে। তা না যাওয়া পর্যন্ত অব্যবস্থাপনা, নেতৃত্বের কোম্পল, মামলাসহ একই লজ্জাস্কর বাস্তবতায় ঘুরপাক খেতে হবে নাজুক হয়ে পড়া সংগঠনগুলোকে।

আব্দুল করিম কিম

সুরমা নদীর তীরে সিলেট শহর গড়ে উঠেছিল

সুরমা নদীর তীরে সিলেট শহর গড়ে উঠেছিল

সুরমা নদীর তীরে সিলেট শহর গড়ে উঠেছিল

সুরমা নদীর তীরে সিলেট শহর গড়ে উঠেছিল ছোট বড় টিলা ভূমি নিয়ে। গত তিন দশকে সে শহর নগরে উন্নীত হয়েছে। কিন্তু এ জনপদের স্বকীয়তা বিনষ্ট করে পুরো নগর প্রায় সমতল করে ফেলা হয়েছে। এখন আর নগরে টিলা খুঁজেই পাওয়া যায় না। মাত্র চার দশক পূর্বেও সিলেট ছিল ছোট-বড় টিলার শহর। গত তিন দশকে নির্বিচারে কেটে সাবাড় করা হয়েছে টিলাগুলো। সমতল নগরে কিছু ধর্মীয় স্থাপনা, কিছু ঐতিহাসিক স্থাপনা এবং কিছু সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান ও ভবন থাকার কারণে হাতেগোনা কিছু টিলা হারাধনের ছেলের মতো বিক্ষিপ্তভাবে টিকে আছে।

সিলেট নগরের প্রাণকেন্দ্র যদি হজরত শাহজালাল (রহ.) দরগাকে ধরে নেয়া হয়, তবে সেই কেন্দ্রটি একটি টিলাতে অবস্থিত। এর ঢালজুড়ে রয়েছে দরগা, গোরস্তান। দরগার দক্ষিণ-পশ্চিম প্রান্তে অবস্থিত ব্রিটিশ আমলে স্থাপিত জেলা পুলিশ লাইন কয়েকটি টিলা নিয়েই গড়ে ওঠেছে। পুলিশ লাইন থেকে সামান্য দক্ষিণে ছোট একটি টিলায় হজরত মধু শহীদে (রহ.) মাজার। এ মাজার থেকে ওসমানী মেডিক্যালের দিকে মাত্র ৪০০ মিটার পশ্চিমে কাজলশাহ এলাকায় রয়েছে যুগল টিলা আখড়া (ইস্কন মন্দির)। ওসমানী মেডিক্যালের পশ্চিম দিকে বাঘবাড়ি এলাকায় রয়েছে নরসিংহ টিলা বা মরার টিলা। সিলেট ইন্টারন্যাশনাল



মাত্র চার দশক আগেও সিলেট ছিল ছোট-বড় অসংখ্য টিলা। কিন্তু এগুলো নির্বিচারে কাটা হয়েছে।
ছবি : সংগৃহীত

ইউনিভার্সিটি থেকে সামান্য দূরে সুরমা নদীর কাছেই ‘খাসিটুলা ঈদগাহ’র অবস্থান দেখলেই বোঝা যায় এটি টিলাভূমি ছিল। এর পাশে আর কোন উঁচু ভূমি না থাকলেও নওয়াব রোডে জেলা পরিষদ ডাকবাংলো লাগোয়া রেঞ্জ রিজার্ভ পুলিশের কমান্ডেন্টের বাংলা টিলাতে স্থাপিত। এই টিলা থেকে প্রায় আধ কিলোমিটার দূরে কুয়ারপাড়ে হযরত সৈয়দ লালের (রহ.) মাজার একটি টিলার অংশ। রিকাবীবাজারে নয়াসড়ক মোড় থেকে কুমারপাড়ার একাংশ নিয়ে হজরত মানিক পীরের (রহ.) মাজার। এই মাজার সংলগ্ন টিলাভূমি

ধর্ষণের মামলা প্রমাণের দায়িত্ব কার?

চিররঞ্জন সরকার

উপর্যুক্ত তথ্য-প্রমাণের অভাবে বহুল আলোচিত বনানীর রেইনট্রি হোটেলে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী ধর্ষণ মামলায় আপন জুয়েলার্সের মালিক দিলদার হোসেনের ছেলে শাফাত আহমেদসহ পাঁচ আসামিকে খালাস দিয়েছেন আদালত। আদালতের এই রায় নিয়ে চলছে ব্যাপক তোলপাড়। কেউ কেউ একে বিচারের নামে প্রহসন বলছেন। অনেকে আবার আদালতের পর্যবেক্ষণ উল্লেখ করে বলছেন, তথ্য-প্রমাণ না পাওয়া গেলে আদালত আর কী করবে?

ধর্ষিত হয়ে মামলা করে বিচার না পাওয়ার মতো দুঃসহ কিছু আর হতে পারে না। ধর্ষণের ঘটনা ঘটিয়েও যদি অভিযুক্তরা ‘তথ্য-প্রমাণের’ অভাবে খালাস পেয়ে যায়, তাহলে কিসের আইন, কিসের বিচার? ওই দুই ভুক্তভোগী নারীর কাছে দেশের আইন-আদালত-বিচারব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিরা কী জবাব দেনে?

হ্যাঁ, একটি মেয়ে ধর্ষণের শিকার হলে অপরাধীদের শাস্তি দেওয়ার জন্য প্রমাণ লাগবে। বেশ ভাঙে কথা। ধর্ষণের শিকার মেয়েটি কি তাঁর শরীরে প্রমাণ নিয়ে ঘুরে বেড়াবেন? ধর্ষিত মেয়েটিকে কীভাবে তিনি ধর্ষিত হয়েছিলেন, সেই বর্ণনাটি বারবার দিতে হবে? একবার চিকিৎসকের কাছে দিতে হবে, একবার পুলিশের কাছে দিতে হবে, একবার আদালতে দিতে হবে, তারপর শুরু হবে উকিলের অসভ্য ও অশ্লীল জুরুর। হয় সমাজ, হয় বিচারব্যবস্থা, যে মেয়েটি ধর্ষিত হয়ে শারীরিক নির্যাতন ও চরম অপমানের শিকার হয়েছেন, সেই ঘটনার দোষী ব্যক্তিদের শাস্তির ব্যবস্থা করার চেয়ে ধর্ষিত মেয়েটিকে আরও বেশি হয়রানি ও মানসিক বিপর্যয়ের দিকে ঠেলে দিতেই কি সমাজ ও বিচারব্যবস্থার সব আয়োজন?

আদালত রায়ের পর্যবেক্ষণে পাঁচ আসামিকে খালাস দেওয়ার কারণ হিসেবে বলেছেন, ধর্ষণ মামলা প্রমাণ করতে হলে মেডিকেল প্রতিবেদন খুব জরুরি। একই সঙ্গে ভুক্তভোগীর পরিহিত বস্ত্রের রাসায়নিক পরীক্ষার প্রতিবেদনও গুরুত্বপূর্ণ। এই মামলায় দুটি প্রতিবেদনও ধর্ষণের অভিযোগ প্রমাণিত হয়নি।

রায়ে আরও বলা হয়, ধর্ষণের মামলায় যদি মেডিকেল প্রতিবেদন না থাকে, সে ক্ষেত্রে পারিপার্শ্বিক সাক্ষ্য খুব জরুরি। মেডিকেল প্রতিবেদন অনুযায়ী, ভুক্তভোগী দুজনকে জোরপূর্বক ধর্ষণের প্রমাণ মেলেনি; বরং আগে থেকে তাঁরা সম্পর্কে জড়িয়েছেন।

মামলার তদন্ত প্রসঙ্গে রায়ে আদালত বলেছেন, সেদিন ওই দুই ভুক্তভোগী রেইনট্রি হোটেলে যান, সেটি প্রমাণ করতে পারেননি তদন্ত কর্মকর্তা। প্রকৃত কারণ ছাড়াই মামলায় অভিযোগপত্র দেওয়া হয়েছে। হোটেলের কোনো সাক্ষী বলেননি, সেদিন ওই দুই নারী হোটেলে ছিলেন। এমনকি



আদালতের পর্যবেক্ষণের প্রতিবাদে রাজপথে নারীরা।
ছবি: সংগৃহীত

হোটেলের রেজিস্টার খাতায় ওই দুই ভুক্তভোগীর নাম নেই।

ভবিষ্যতে সঠিক তদন্ত করে আদালতে প্রতিবেদন দেওয়ার জন্য পুলিশকে নির্দেশ দেন আদালত। একই সঙ্গে ধর্ষণের ঘটনার ৭২ ঘণ্টা অতিক্রান্ত হওয়ার পর পুলিশ যেন মামলা গ্রহণ না করে, সে ব্যাপারেও রায়ে বলা হয়।

আদালত অনেক কথা বলেছেন, অনেক পর্যবেক্ষণ তুলে ধরেছেন। কিন্তু তাতে কি ভুক্তভোগী দুই নারী সান্ত্বনা পাবেন? তাঁরা তো দোষীদের শাস্তির জন্য মামলা করেছিলেন। কিন্তু শাস্তি কি হলো? নাকি ভুক্তভোগীদের ‘উচিত শিক্ষা’ দেওয়া হলো? তাহলে কি রেইনট্রি হোটেলে ধর্ষণের ঘটনা ঘটেনি?

আমাদের বিচারব্যবস্থা ও আইন যে মোটেও নারীবান্ধব নয়, উল্লিখিত মামলার রায়ে আবারও তা প্রমাণিত হয়েছে। প্রচলিত ফৌজদারি বিচারব্যবস্থার নীতি অনুযায়ী, ধর্ষণের ঘটনা প্রমাণের জন্য আলামত চাই। অকাটা প্রমাণের জন্য চিকিৎসকের সার্টিফিকেট চাই, দোষী ব্যক্তিদের ব্যাপারে পুলিশের তদন্ত প্রতিবেদন চাই। আর ধর্ষণের ঘটনাটি প্রমাণ করতে হবে স্বয়ং অভিযোগকারীকেই। আমরা কি ধর্ষণের ব্যাপারে নারীবান্ধব নীতিমালা বানাতে পারি না, তৈরি করতে পারি না নতুন ও কার্যকর একটি আইন? ওই নীতিমালা ও আইন অনুযায়ী, যদি কোনো ব্যক্তি বা ব্যক্তিদের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ উত্থাপিত হয়, তাহলে প্রাথমিকভাবেই ধরে নেওয়া হবে যে ওই ব্যক্তি বা ব্যক্তিরা দোষী। ওই ব্যক্তি এবং ব্যক্তিদেরই প্রমাণ করতে হবে যে তিনি বা তাঁরা নির্দোষ, অর্থাৎ ওই ধর্ষণের সঙ্গে তাঁরা জড়িত নন এবং এ ধর্ষণের অভিযোগ হবে অজামিনযোগ্য। প্রমাণিত হলে দোষী ব্যক্তিদের দিতে হবে মৃত্যুদণ্ড।

আমাদের দেওয়ানি ও ফৌজদারি আইনের কার্যধারা এবং নীতিমালাগুলো

ব্রিটিশ কমন ল-এর কার্যধারা ও নীতিমালা দ্বারা প্রভাবিত এবং ওই প্রধান বিশ্ব আইনব্যবস্থার অনুগামী। ব্রিটিশ কমন ল-ব্যবস্থার ক্রিমিনাল জাস্টিস সিস্টেম বা ফৌজদারি ন্যায়বিচারব্যবস্থার একটি প্রধান নীতি হচ্ছে যে ব্যক্তি কোনো অপরাধ সংঘটনের ব্যাপারে অভিযোগ করবেন, তাঁকে পর্যাণ্ড সাক্ষ্য-প্রমাণ দ্বারা আদালতে তাঁর অভিযোগ প্রমাণ করতে হবে। আর অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হলেই কেবল তাঁকে শাস্তি প্রদান করা যাবে। ফৌজদারি ন্যায়বিচারব্যবস্থার এই শতাব্দীপ্রাচীন নীতির কারণে ধর্ষণের শিকার নারীকে সীমাহীন হয়রানি ও মানসিক নির্যাতনের শিকার হতে হয়। ক্রিমিনাল জাস্টিস সিস্টেমের নীতির কারণে ধর্ষিত নারীকে প্রমাণ করতে হয় যে তিনি ধর্ষণের শিকার হয়েছিলেন। ধর্ষণকারীদের শাস্তি প্রদান করার জন্য ধর্ষণের শিকার নারীকে সন্দেহাতীতভাবে প্রমাণ করতে হয় যে কারা তাঁকে ধর্ষণ করেছিল এবং কীভাবে ধর্ষণ করেছিল।

বাংলাদেশের সমাজে ধর্ষণ যেভাবে মহামারির আকার ধারণ করেছে, তাতে কবে ধর্ষণের ‘প্রমাণের দায’ বা ‘বার্ডেন অব প্রুফ’, বিচার-প্রক্রিয়া ও ফৌজদারি ন্যায়বিচারব্যবস্থার নীতি নিয়ে নতুন করে চিন্তা করার সময় এসেছে। পৃথিবীর অনেক সভ্য ও গণতান্ত্রিক দেশে ওই নীতিমালা ও বিচার-প্রক্রিয়া বিস্ময়ান। জার্মানি, ফ্রান্স, ইতালিসহ ইউরোপের অধিকাংশ রাষ্ট্রে যে আইনব্যবস্থাটি প্রচলিত, তাকে বলে সিভিল ল সিস্টেম, এটি অন্যতম প্রধান বিশ্ব আইনব্যবস্থাও বাটে। ওই সিভিল ল-ব্যবস্থার অনেক দেশে কোনো নারী ধর্ষিত হলে, যে বা যাদের বিরুদ্ধে অভিযোগ এসেছে, তাদেরই প্রমাণ করতে হয় যে তারা নির্দোষ। ধর্ষণের ক্ষেত্রে এ নীতিকে আমরাও গ্রহণ করতে পারি। এ নীতি গ্রহণ করা হলে ধর্ষণের শিকার নারীর

হয়রানি ও মানসিক নির্যাতন অনেকটা কমে যাবে। আর ধর্ষণের ক্ষেত্রে পুলিশের তদন্ত, তদন্ত প্রতিবেদন প্রদান, বিচার-প্রক্রিয়া দুই থেকে তিন মাসের মধ্যে শেষ করে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। প্রতিটি থানায় ‘রেপ ভিকটিম সেন্টার’ প্রতিষ্ঠা করতে হবে। ওই সেন্টারের চিকিৎসক, নারী পুলিশ কর্মকর্তা, সমাজবিজ্ঞানী, মনোবিজ্ঞানী ও সমাজকল্যাণ কর্মকর্তা থাকবেন, যারা হবেন জেলার সংবেদনশীল এবং ধর্ষণের শিকার নারীকে সব ধরনের সহযোগিতা প্রদান করবেন। ধর্ষণ মামলার ক্ষেত্রে ডিএনএ পরীক্ষার ব্যবহার বাধ্যতামূলক করতে হবে। বাংলাদেশের বর্তমান বাস্তবতায় ধর্ষণের ক্ষেত্রে নারীবান্ধব নীতিমালা, আইন ও বিচার-প্রক্রিয়া নিশ্চিত করা জরুরি।

ধর্ষণের ক্ষেত্রে প্রতিকারের চেয়ে অনেক বেশি মনোযোগী হতে হবে সমাজের শিকড় থেকে সমস্যাটিকে নির্মূলকরণের ব্যাপারে। ধর্ষকদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান জরুরি, তবে তার চেয়ে অনেক বেশি জরুরি ও গুরুত্বপূর্ণ হচ্ছে এমন একটি সমাজ গড়ে তোলা, যেখানে নারীরা নির্ভয়ে ও নিঃসংকোচে আত্মসম্মান ও মানবিক মর্যাদা নিয়ে বসবাস করতে পারবেন। এমন একটি সমাজ নির্মাণ করতে হবে, যেখানে আমাদের নারী, শিশু ও প্রবীণেরা হবেন সুরক্ষিত ও সম্মানিত। যেখানে প্রতিটি পরিবার থেকে নারীদের সম্মান করতে শেখানো হবে, যে সমাজে ধর্ষণ হয়ে উঠবে একটি অসম্ভব ঘটনা। আর যদি ঘটনাটি ঘটেই যায়, তাহলে ধর্ষককেই মাথা হেঁট করে চলতে হবে, দৃষ্টান্তমূলক শাস্তি দিয়ে লুপ্ত করে দিতে হবে তার জীবনের অধিকার। কিন্তু প্রশ্ন হলো, এমন সমাজ নির্মাণের অঙ্গীকার কোথায়?

লেখক: গবেষক ও কলামিস্ট

টিলাগড় থেকে শাপলাবাগ এলাকায় দুই দশক পূর্বেও টিলাভূমি ছিল। এখন নেই। আলুতল এলাকার সংরক্ষিত বনাঞ্চল এখন টিলাগড় ইকোপার্ক। টিলাকেন্দ্রিক রিজার্ভ ফরেস্টের ১১২ একর জায়গা নিয়ে ২০০৬ সালে টিলাগড় ইকোপার্ক স্থাপন করা হয়। টিলাগড় ইকোপার্কের দক্ষিণ-পূর্ব দিকে প্রতিনিয়ত টিলা কাটা চলছে। মাদানী নগর আবাসিক এলাকা, বাগমারা এলাকার অনেকেংশ গড়ে উঠেছে টিলা সমতল করে। আলুতল এলাকাতেই প্রতিষ্ঠিত হয়েছে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়। ২০০৬ সালে ৫০ একর জমি নিয়ে যাত্রা শুরু করা এ বিশ্ববিদ্যালয়ের বেশিরভাগ ভূমি ছিল টিলাশ্রেণির।

‘অ্যাগ্গো ফরেস্ট জার্ম প্লাজম সেন্টার’। পাকিস্তান আমলে প্রতিষ্ঠিত সরকারী ছাগল খামার ও গরুর ফার্ম টিলা ভূমিতেই গড়ে তোলা হলেও সেখানেও টিলা বিনাশ হয়েছে।

দরগা-ই-হজরত শাহজালালের (রহ) উত্তর-পূর্বপ্রান্তে মাত্র দুই কিলোমিটার দূরত্বে লাক্কাতোড়া-মালনীছড়া চা বাগান। প্রায় অর্ধ সহস্র ছোটবড় টিলাতেই ব্রিটিশ আমলে প্রতিষ্ঠিত হয় বাগান দুটি। মালনীছড়া হচ্ছে বাংলাদেশের প্রথম চা বাগান। এইরকম সাহেব হার্ডসনের হাত ধরে ১৮৫৪ সালে ১৫০০ একর জায়গাভূড়ে প্রতিষ্ঠিত হয়। মালনীছড়া চা বাগান এখন ব্যক্তি মালিকানাধীন। এ বাগানের ভেতরে টিলা কাটার ভটিমেই লেখক প্রত্যক্ষ সাক্ষী। ২০১৮ সালের ১০ মার্চ টিলা কাটার ছবি তোলায় পরিবেশবাদী ও সংবাদকর্মীদের আটক করে বাগান কর্তৃপক্ষ। পরবর্তীতে

প্রশাসনের উপস্থিতিতে আটককৃতদের ছেড়ে দিলেও টিলাকাটার প্রমাণ দেখে পরিবেশ অধিদপ্তর মামলা দায়ের করেছে। টিলা কাটার দায়ে মালনীছড়া চা বাগানকে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং ৯ লাখ ২০ হাজার টাকা জরিমানা করে।

ওসমানী বিমানবন্দরের সীমানাতে এখনও অনেক টিলা আছে। নাশনাল টি কোম্পানির অধীন লাক্কাতোড়া চা-বাগানের অনেক টিলাভূমি বেদখল হয়ে নগর বর্ধিত হয়েছে। শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল টিলা ও জলাভূমি নিয়ে। বিশ্ববিদ্যালয়ের মস্টার প্লানে টিলা রক্ষা করেই ভবন নির্মাণের কথা থাকলেও সম্প্রতি একটি টিলার কিছু অংশ কেটে ফেলার অভিযোগ উঠেছে। অথচ এই বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার একটি সুউচ্চ টিলাতে নান্দনিক স্থাপত্যশৈলীতে প্রতিষ্ঠা করা হয়েছিল, যা সর্বমহলে প্রশংসা কুড়িয়েছে। সিলেট নগরের পাহাড়-টিলা সংক্রান্ত এ তথ্য পড়ে পাঠকমাত্র ধারণা করতে পারবেন সিলেট জেলা ও সিলেট বিভাগের পাহাড়-টিলার অবস্থা। এ লেখায় জেলা ও বিভাগের পাহাড়-টিলা বিনাশের গল্প যুক্ত করলে লেখার কলমেব বাড়বে। তবে জেলা ও বিভাগের সামগ্রিক অবস্থা সিলেট মহানগরের থেকে ভালো। তাই সিলেট নগরের চারপাশের এই চিত্র থেকে ধারণা নিয়ে সিলেট জেলা ও বিভাগে টিকে থাকা পাহাড়-টিলা রক্ষায় মহাপরিকল্পনা প্রণয়ন প্রয়োজন।

লেখক: বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) সিলেটের সাধারণ সম্পাদক।

* TUITION FREE TAX SCHOOL

লিবার্টি ট্যাক্স স্কুল



BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

**And Join America's Fastest Growing Tax Preparation
Company for the Upcoming Tax Season**

Day, Evening & Weekend Classes are available

Please Contact: 718-297-3500

Email: libertytaxschool101@gmail.com



LIBERTYTAX™

800-658-1042 LibertyTax.com

147- 20 Hillside Ave, 2nd Floor, Jamiaca NY 11435

(তাজমহল রেস্টুরেন্ট এর উল্টো দিকে)

(Between Sutphin Blvd & 148 street, on Hillside Ave)
Close to E & F Train, Bus Q44, Q43, Q20A Q20B, Q30, Q31

***The Tuition Fee is Free. The cost for books and materials varies on schedule & Location**

ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরনের ইন্সুলিন গ্রহণ করা সহ বাংলাদেশী ডাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ণ বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠান)
GRAND RE-OPENING SALESআপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.comঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & \$1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pmউডসাইডে আপনাদের পাশে
উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সার্টফিন ব্রুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস-সালাম ফার্মেসি

(সার্টফিন ব্রুবার্ড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাজমহল
রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোনঃ ৭১৮-১৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT
OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGANসোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার
সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধুঘরে বসে এখন Apps এর মাধ্যমে
দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য
আই ফোন এবং এনড্রয়েড ফোনে
প্লে স্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে

এর Apps টি

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
 - ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
 - ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
 - ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
 - ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
 - ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়।
- লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA
718-777-7001ATLANTA
770-936-9906BROOKLYN
718-853-9558JACKSON HTS
718-507-6002BRONX
718-822-1081JAMAICA
347-644-5150MANHATTAN
212-808-0790MICHIGAN
313-368-3845OZONE PARK
347-505-8670PATERSON
973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

Law Offices এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্য

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদের সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompert, Esq.
Attorney at Law



গাড়ী দুর্ঘটনা
বিল্ডিং এ দুর্ঘটনা,
কাজের জায়গায় দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
বিকলাঙ্গ শিশুর জন্য

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন

৯১৭-২৮২-৯২৫৬

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
স্লিপ এন্ড ফল
হাসপাতালে ভুল চিকিৎসা
লেড পয়জনিং

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ইন্ভেস্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এন্ট্রেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার

Law offices of Timothy Bompert

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompert is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.



আনজুমানে আল ইসলাম নিউইয়র্ক স্টেটের তরবিয়ত, যিকর ও দু'আ মাহফিল অনুষ্ঠান। ছবি: উত্তর আমেরিকা অফিস

আনজুমানে আল ইসলাম নিউইয়র্ক স্টেট আয়োজিত দু'আ মাহফিল অনুষ্ঠিত

উত্তর আমেরিকা অফিস

আনজুমানে আল ইসলাম, নিউইয়র্ক আয়োজিত তরবিয়ত, যিকর ও দু'আ মাহফিল ১০ নভেম্বর বুধবার নিউইয়র্কের ব্রঙ্কসে গোল্ডেন প্যালেসে অনুষ্ঠিত হয়। মাহফিলে বিশেষ অতিথি হিসেবে বয়ানে বাংলাদেশ আনজুমানে আল ইসলামের মুহতারাম সভাপতি আল্লামা হুছামুদ্দীন চৌধুরী ফুলতলী বলেন, পাশ্চাত্যের দুনিয়াবী চাকচিক্যে আকৃষ্ট হয়ে পরকালের জীবনকে ভুলে গেলে চলবে না। এ চাকচিক্যময় জীবন মানুষকে ইহকালে কল্যাণ এবং পরকালে মুক্তি দিতে পারবে না। আমাদের প্রকৃত মনুষ্যত্বের গুণে গুণাধিত হতে হবে। এ জন্য প্রয়োজন সঠিক ইলিম, যে ইলিম মানুষকে আল্লাহ ও তার রাসুলের পথ ও মত পরিচয় করিয়ে দেয়। প্রকৃত ইলিম সেটাই যেটা মানুষকে দ্বীনের সঠিক সমুজ দান করে। আর এ সবার জন্য প্রয়োজন সঠিক আকিদাভিত্তিক পথ ও মত। যে পথ ও মতে কবর পূজারী নেই, মাজার পূজারী নেই, ওয়াহাবিজম নেই, নেই কোন ভ্রান্ত মতবাদ। সেই পথ ও মতের নাম হচ্ছে আহলে সুন্নাত ওয়াল জামাতের সঠিক আকিদা ভিত্তিক সংগঠন আনজুমানে আল ইসলাম। এই সংগঠন আমাদের নবী (সাঃ)র প্রতি সঠিক ইত্তেবা ও সঠিক সম্মান প্রদর্শনের পথ দেখিয়ে দেয়। তাই আনজুমানে আল ইসলামের ছায়াতলে সমবেত হওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানান তিনি।

বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য রাখেন যুক্তরাজ্য আনজুমানে আল ইসলামের সেক্রেটারি জেনারেল ও দারুল হাদিস লতিফিয়া ইউকে'র প্রিন্সিপাল মাওলানা মোহাম্মদ হাসান চৌধুরী এবং লতিফী হ্যান্ডস বাংলাদেশের সেক্রেটারি জেনারেল মাওলানা গুফরান আহমদ চৌধুরী ফুলতলী।

আনজুমানে আল-ইসলাহ ইউএসএ'র নিউইয়র্ক স্টেট কমিটির সভাপতি মাওলানা শাকির আহমেদের সভাপতিত্বে মাহফিল পরিচালনা করেন আনজুমানে আল ইসলাম ইউএসএ'র স্থায়ী কমিটির সদস্য মাওলানা আবুল কাশেম ইয়াহিয়া। মাহফিলে পবিত্র কোরআন তিলাওয়াত করেন কারী মাওলানা এডভোকেট আশিক আহমেদ খান এবং পবিত্র নাতে রাসুল (সাঃ) পরিবেশন করেন কারী আবিদুর রহমান।

মাহফিলে অতিথি হিসেবে বক্তব্য রাখেন আনজুমানে আল ইসলাম ইউএসএ'র স্থায়ী কমিটির সেক্রেটারি প্রিন্সিপাল মাওলানা আব্দুল নূর, স্থায়ী কমিটির সদস্য মাওলানা সৈয়দ সাজিদুল হক, স্থায়ী কমিটির সদস্য মাওলানা শরীফ উদ্দিন।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আনজুমানে আল ইসলাম ইউএসএ'র সাবেক সাংগঠনিক সম্পাদক মাওলানা সুন্নাতুর রহমান, নিউইয়র্ক স্টেট কমিটির উপদেষ্টা মাওলানা মোখলিছুর রহমান ও হাফিজ ইব্রাহিম রহমান চৌধুরী, নিউজার্সি স্টেটের সেক্রেটারি মাওলানা আব্দুল কুদ্দুস মঞ্জলালি, হাফিজ মাওলানা লুৎফুর রহমান,

হাফিজ আলা উদ্দিন, পেন্সিলভেনিয়া স্টেটের সভাপতি হাফিজ মাওলানা আবু জাফর, সাধারণ সম্পাদক মাওলানা রুহান উদ্দিন চৌধুরী, দারুল হাদিস লতিফিয়া ইউএসএ'র প্রধান শিক্ষক হাফিজ কারী মাওলানা বদরুল আলম। আনজুমানে আল ইসলাম নিউইয়র্ক স্টেট কমিটির দায়িত্বশীলদের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সভাপতি হাফিজ মাওলানা ওহি আহমেদ চৌধুরী, সহ-সভাপতি মাওলানা শাহান শাহ ইয়াহিয়া, সহ-সভাপতি হাফিজ জমসেদ হোসেন, সেক্রেটারি হাফিজ কাওছার আহমদ, সহ-সেক্রেটারি কারী খালেদ মিয়া, সাংগঠনিক সম্পাদক মাওলানা আশিক আহমদ খান, প্রচার সম্পাদক মালিক শেখ, সহ-প্রচার সম্পাদক মোশাহিদ আলী, যুব সম্পাদক সৈয়দ সায়েম, প্রশিক্ষণ সম্পাদক হাফিজ মাওলানা আব্দুল কাইয়ুম ছালিক, নির্বাহী সদস্য রুকন হাকীম, হাফিজ মাওলানা জুবায়ের আহমদ রাজু, এমএ কাশেম, মোহাম্মদ নুরুল ইসলাম, ওয়ালী উর রহমান।

মাহফিলে আল্লামা ফুলতলী ছাহেব কিবলাহ (রহঃ) এর আশেকান, মুরিশীন, মুহিব্বীনসহ সর্বস্তরের ধর্মপ্রান মুসলমান অংশগ্রহণ করেন।

মাহফিলে মুরশিদ বরহক আল্লামা ইমাদ উদ্দিন চৌধুরী (বড় ছাহেব কিবলাহ ফুলতলী) স্বহস্তে মনোনীত আলিম উলামা, হুফফাজে কুরআন ও কারী সাহেবদের মধ্যে দালাইলুল খায়রাতের সনদ বিতরণ করেন।

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফু, হজ্জ ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:

30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:

170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী



এটিএম, ফোন কার্ড এবং
মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্চ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন
প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রুকস, নিউইয়র্ক - ১০৪৬২

ক্যাব চালকদের
ফোন হাতিয়ে নিচ্ছে
প্রতারক চক্র

Law Office of Mahfuzur Rahman

Mahfuzur Rahman, Esq.
 এটর্নী মাহফুজুর রহমান
 Attorney-At-Law (NY)
 Barrister-At-Law (UK)

Admitted in US Federal Court
 (Southern & Eastern District, Court of
 Appeals 2nd Circuit and Ninth Circuit.)

সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
 ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড,
 ন্যাচারালাইজেশন এবং সিটিজেনশীপ,
 এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation
 of Removal, VAWA পিটিশন,
 লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B,
 L1B, J1, EB1, EB2, EB3, EB5)

ফ্যামিলি ল' আনকনটেস্টেড এবং
 কনটেস্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট
 এবং কাস্টডি, এলিমিনি।

◆ ব্যাংক্রান্সী	◆ ক্রেডিট কনসলিডেশন
◆ ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট	◆ পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কনস্ট্রাকশন)
◆ রিয়েল এস্টেট ক্লোজিং	◆ মর্গেজ
◆ উইলস	◆ ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
◆ ইনকোর্পোরেশন	◆ ট্যাক্স ম্যাটার

Appointment : 347-856-1736

JACKSON HEIGHTS

75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373

Tel: 347-856-1736, Fax: 347-436-9184

E-mail: attymahfuz@gmail.com

নারায়ণগঞ্জ জেলা সমিতির ৩২ হাজার ডলার ফেরত দাবি

উত্তর আমেরিকা অফিস

সংগঠনের ব্যাংক একাউন্ট থেকে ৩২ হাজার ডলার উত্তোলন করে আকস্মিকভাবে অসাংগঠনিক প্রক্রিয়ায় ইসি কমিটি গঠনের প্রতিবাদে নারায়ণগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা'র ব্যানারে সংগঠনের প্রবীণ-নবীন কর্মকর্তারা ৪ নভেম্বর রোববার জ্যাকসন হাইটসের নবাব রেস্টুরেন্টে সংবাদ সম্মেলন করেন। সম্মেলনে লিখিত অভিযোগপত্রে সংগঠনের বিদায়ী কমিটির সভাপতি মো. মিজা ফরিদ উদ্দিন এবং সাধারণ সম্পাদক মো. আলী হোসেনের বিরুদ্ধে সংগঠনের ৩২ হাজার ডলার হাতিয়ে নেয়ার অভিযোগ করা হয়।

অভিযোগে বলা হয়, তারা কমিটি গঠনের পরপরই ব্যাংক একাউন্ট থেকে অর্থ তোলেন। তারা কোন সভা না করে নির্বাহী কমিটির মেয়াদ পূর্ণ করেন। এদের বিরুদ্ধে অগঠনতান্ত্রিক ও বেআইনীভাবে নতুন কমিটি গঠন করে বিজ্ঞাপন দিয়ে প্রবাসী নারায়ণগঞ্জবাসীর প্রতি অবজ্ঞা প্রদর্শনের অভিযোগ আনা হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন সাবেক সভাপতি ও উপদেষ্টা এবং কমিটির আহ্বায়ক নির্মল পাল, যুগ্ম-আহ্বায়ক ও সংগঠনের সাবেক সভাপতি আরশাদুল বারী আসাদ, মোহাম্মদ মজিবর, সাবেক সভাপতি ও উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, সাবেক সভাপতি ও উপদেষ্টা মোহাম্মদ মজিবর, বিদায়ী কমিটির সহ-সভাপতি

মোস্তফা জামাল টিটো,লেখক ও সাংবাদিক দর্পণ কবীর। মধ্যে ছিলেন প্রতিষ্ঠাতা কোষাধ্যক্ষ নুরুজ্জামান মন্টু, সাবেক সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সেলিম, নূর বাবুল ও একেএম নূরুল হক। নির্মল পাল বলেন, ১৯৮৯ সালে গঠিত সংগঠনের প্রথম নির্বাচন অনুষ্ঠান হয় ২০১৯ সালের ২৫ আগস্ট। নির্বাচন প্রক্রিয়ার সংগঠনের তহবিলে ৩৭ হাজার ডলার জমা হয়। এ ছাড়া ফরিদ-আলী কমিটির নেতৃত্বাধীন সংগঠনের ব্যাংক একাউন্টে গচ্ছিত ৩২ হাজার ডলার সংগঠনের ভবন কেনার জন্য রেখে দেয়ার কথাও বলা হয়।

ফরিদ-আলী কমিটি কার্যক্রমের শুরুতে বিদায়ী কমিটির সভাপতি মিজা ফরিদ উদ্দিন ও সাধারণ সম্পাদক মো. আলী হোসেন রহস্যজনক কারণে কোষাধ্যক্ষ মো. আব্দুল কাদেরকে ব্যাংক একাউন্টে সম্পৃক্ত করতে নানা টালবাহানা করতে থাকেন। একপর্যায়ে জানা যায়, তারা ইসি কমিটির অনুমোদন না নিয়ে ব্যাংক একাউন্ট থেকে অর্থ তুলে নিয়ে গেছেন।

এ ঘটনায় আমরা দৃশ্চিন্তাগ্রস্ত হয়ে মিজা ফরিদ উদ্দিন ও মো. আলী হোসেনের সঙ্গে কয়েক দফা কথা বললেও তারা অর্থ তাদের কাছে আছে জানিয়ে সভা করতে রাজি হননি। তাদের নির্বাহী কমিটির দু'বছরের মেয়াদকালে তারা আর ইসির সভাও করেননি।

নির্মল পাল আরো বলেন, আপনাদের

আরো জানাচ্ছি, গত মাসে একটি পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন ও স্যোশাল মিডিয়ায় প্রকাশিত লিফলেটের মাধ্যমে জানতে পারি, নারায়ণগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকার নতুন কমিটি গঠিত হয়েছে।

অতি গোপনে এবং নিয়মবহির্ভূতভাবে এবং স্বৈচ্ছাচারিতায় গঠিত ওই কমিটির কর্মকর্তার মধ্যে সভাপতি পদে মিজা ফরিদ উদ্দিন, সাধারণ সম্পাদক পদে মোহাম্মদ শামীম আহমেদ ও সিনিয়র সহ-সভাপতি পদে মোহাম্মদ আলী হোসেনের নাম দেখতে পাই। এই কমিটির মধ্যে এমন কিছু নাম দেখছি, যারা কোনদিন এই সংগঠনের সদস্য ছিলেন না। আরও বলতে হয়, এই সংগঠনে ৪ বছর ধরে জড়িত হয়েছেন ওপরে উল্লেখিত তিন কথিত কর্মকর্তা। তারা নিজ ঘরে বসে অবৈধ কমিটি বানিয়ে পত্রিকায় আমাদের নামে অশোভন কথাও বিজ্ঞাপন দিয়ে বলেছেন। সমিতির অর্থ আত্মসাৎ করার চেষ্টা করলে প্রয়োজনে আইনের আশ্রয়ও নেয়া হবে।

সংবাদ সম্মেলনে আরও জানানো হয়, নারায়ণগঞ্জ জেলা সমিতির আহ্বায়ক কমিটি সংগঠনের জন্য একটি ভবন কেনার উদ্যোগ নিয়েছে। সংগঠনের উপদেষ্টা নির্মল পালের কাছে গচ্ছিত ৮ হাজার ডলার ভবন কেনার তহবিলে প্রদান করা হবে। এছাড়া বনভোজন করে বনভোজন কমিটির কাছে প্রায় ২ হাজার ডলারও ভবন কেনায় ব্যয় করা হবে।



নারায়ণগঞ্জ জেলা সমিতির সংবাদ সম্মেলন। ছবি : সংগৃহীত



বাংলাদেশ কনস্যুলেটের সহযোগিতায় ভ্রাম্যমান কনস্যুলেট সেবা প্রদান করা হয়। ছবি : উত্তর আমেরিকার অফিস

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অনুষ্ঠান ২০ ডিসেম্বর

উত্তর আমেরিকা অফিস

আগামী ২০ ডিসেম্বর সোমবার সন্ধ্যা ছয়টায় কুইল প্যালেসের হলরুমে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুক্তিযুদ্ধের বিজয়ের ৫০ বছর পূর্তি উপলক্ষে ঝাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের উদ্যোগ নিয়েছে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা। জালালাবাদ এসোসিয়েশন মহান মুক্তিযুদ্ধকালীন দেশে-বিদেশে সিলেটবাসীর বীরত্বপূর্ণ আবদান, বিদেশি নাগরিকদের সমর্থন সহযোগিতা ও বিশ্বজনমত গড়ে তুলতে যাঁরা অবদান রেখেছেন, তাদের সম্মাননা জানানোর পাশাপাশি মুক্তিযোদ্ধাদেরও সম্মাননা প্রদান করবে।

প্রবাসে সিলেটবাসীর প্রাচীন সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার উদ্যোগে আয়োজনের মধ্যে রয়েছে মুক্তিযোদ্ধা সম্মাননা, মুক্তিযোদ্ধাদের মুখে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ, কবিতা আবৃত্তি, গীতিনাট্য, শিশুকিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বিজয়ের গান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও স্মরণিকা প্রকাশ।

২৪ অক্টোবর জালালাবাদ এসোসিয়েশনের নিয়মিত সভায়



বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুক্তিযুদ্ধের বিজয়ের ৫০ বছর পূর্তি উদযাপন উপ-কমিটি গঠন করা হয়। জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি ময়নুল হক চৌধুরী

হেলালের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সংগঠনের সহ-সভাপতি আহবাব চৌধুরী বোঝানকে আহবায়ক ও সাহিত্য সংস্কৃতিক সম্পাদক শরিফুল হক মনজুকে সদস্য সচিব ও কোষাধ্যক্ষ ময়নুল ইসলামকে সমন্বয়কারী করে ১১ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। উপকমিটির অন্যরা হলেন যুগ্ম আহবায়ক সহ-সভাপতি মনজুর চৌধুরী জগন্নাথ, যুগ্ম আহবায়ক সহ-সভাপতি জুসেফ চৌধুরী, যুগ্ম আহবায়ক সহ-সভাপতি শফি উদ্দিন তালুকদার, সহ সাধারণ সম্পাদক লোকমান হোসেন, সদস্য মানিক আহমদ, জামিল আনসারী, শাহিন কামালী, মামা মুন্সারি ও রোকন হাকিম। ৭ নভেম্বর রবিবার এই উপ-কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উদযাপন উপকমিটির আহবায়ক আহবাব চৌধুরী খোকন। সভায় বর্ণাঢ্য অনুষ্ঠান আয়োজন ও বাস্তবায়নে করণীয় নির্ধারণ করা হয়। অনুষ্ঠানকে সফল করতে সবার সহযোগিতা কামনা করা হয়।

বিএএসজের উদ্যোগে ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা

উত্তর আমেরিকা অফিস

প্রবাসী বাংলাদেশীরা সহজেই মেশিন রিডেবল পাসপোর্ট গ্রহণ ও পাসপোর্ট নবায়নসহ বিভিন্ন সেবা গ্রহণের সুযোগ দেয়ার জন্য নিউজার্সি রাজ্যের আটলান্টিক সিটির ২৭০৯, ফেয়ারমন্ট এভিনিউস্থ বাংলাদেশ কমিউনিটি সেন্টারে নিউইয়র্কে অবস্থিত বাংলাদেশ কনস্যুলেটের সহযোগিতায় ভ্রাম্যমান কনস্যুলেট সেবা প্রদান করা হয়।

প্রবাসীদের পাসপোর্ট-ভিসা হালনাগাদ রাখার গুরুত্ব বিবেচনা করে নিউজার্সি অঙ্গরাজ্যের আটলান্টিক সিটিতে আয়োজন করা হয়েছিল ভ্রাম্যমান কনস্যুলেট সেবার। ১০ নভেম্বর বুধবার সকাল ১০টায় বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সাউথ জার্সির উদ্যোগে তাদের নিয়মিত সাংগঠনিক কার্যক্রমের অংশ হিসেবে আটলান্টিক সিটিতে বসবাসকারী প্রবাসী বাংলাদেশীরা এ সেবা গ্রহণ করেন।

নিউইয়র্কের বাংলাদেশ কনস্যুলেটের ডেপুটি কনসাল জেনারেল এস এম নাজমুল হাসানের নেতৃত্বে কাউন্সেলর আয়েশা হক, প্রথম সচিব প্রসন্ন কুমার চক্রবর্তী, প্রশাসনিক কর্মকর্তা কবির হোসাইন, প্রশাসনিক কর্মকর্তা মোশাররফ হোসাইন, আবু জাফর এই সেবা প্রদান করেন। ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবার আওতায় প্রবাসীরা সহজেই মেশিন রিডেবল পাসপোর্ট গ্রহণ, পাসপোর্ট নবায়নসহ বিভিন্ন সেবা গ্রহণের সুযোগ পান। এ ছাড়া যুক্তরাষ্ট্রের পাসপোর্টধারী বাংলাদেশীরা তাদের পাসপোর্টে নো-ভিসা রিকোয়ার্ড সিলসহ অন্যান্য সেবায় নেন।

Tax & Immigration Services



MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532

IRS e-file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

Tax Immigration Real Estate Mortgage Notary

INCOME TAX
Income Tax Serice & Direct Deposit
quick Refund & Electronic Filling

IMMIGRATION SERVICES
Citizenship & Family Application
Affidavit of Support & all forms
available

REAL ESTATE
For Buying & Selling houses
mortgage services

দীর্ঘ ১০ বছরের সাফল্য ও অভিজ্ঞতার ধারাবাহিকতায়

সকল ধরনের ইনস্যুরেন্সের জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান



আপনার গাড়ি বাড়ি ব্যবসা ও TLC ইন্সুরেন্সের জন্য আমাদের প্রফেশনালদের সহায়তা নিন

Experienced Tax Professional

IRS e-file
IRS Authorized e-file Provider

Low Down Payment
No Extra Fee
6 Hours DDC Classs

Auto Home Business & TLC Insurance TDS Insurance Brokerage Corp.

BROOKLYN
118 Beverley Road, Brooklyn, NY 11218
Phone: 718-483-9310, Fax: 718-483-9311
Email: team@tdsinsurance.com

**বাড়ি ক্রয়ে
২৫% ডাউন
পেমেন্ট দিলে
নো ব্যাকগ্রাউন্ড
চেক**

- রেন্টাল
- প্রপার্টি কেনা-বেচা, শর্ট সেল-
নেগোসিয়েশন কেনাবেচার
ক্ষেত্রে অভিজ্ঞ
- অকশন-সিটি হাউ (HUD) ব্যাংক
- মর্টগেজ ব্যবস্থা
- রি-ফাইন্যান্সিং সহ যাবতীয় সহযোগিতার
জন্য কথা বলুন



Please call or text
646 284 4776

Abu Zaman

Licensed Real Estate Salesperson
abuzaman45@hotmail.com



Silver & Gold Realty

ইনকামট্যাক্স

২০১৯

ইনকামট্যাক্স

আনজুমান ট্যাক্স সার্ভিসেস ইনক

37-21 72nd Street, Suite # 202
Jackson Heights, NY-11372

IRS Authorised E-File Provider

- ইনকামট্যাক্স, ব্যক্তিগত, ব্যবসায়িক ও কর্পোরেশন রিটার্ন
- বুক কিপিং, একাউন্টিং, সেলস ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- কর্পোরেশন ফর্ম ও নতুন ব্যবসা সেটআপ
- স্বামী-স্ত্রী ও পরিবার পরিজনদের জন্য আবেদনসহ যাবতীয় ইমিগ্রেশন সার্ভিস
- ইংরেজী অনুবাদ ও নোটারী সার্ভিস
- ইমিগ্রেশন সার্ভিসেস।

আমাদের অফিস সপ্তাহে সাত দিনই খোলা থাকে।

যোগাযোগ

▶ আবু হেলেন হোসেন

718-777-5477, Cell: 917-496-7966, Fax: 718-777-8020

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাস্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনারদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্মক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমে, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরফল ও একাউন্টিং-এর টিউটোরিয়ালস সহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

অগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)

সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফর্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সার্বিসটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইস

MITU DISABILITY CENTER
MITU PHYSICAL THERAPY P.C.
MITU HOME CARE LLC.



RONJAN
(Disability Consultant)
646-730-8416

MITU DISABILITY CENTER

- স্টেট ডিসএ্যাবিলিটি (TANF)
- ফেডারেল ডিসএ্যাবিলিটি (SSI, SSDI)
- এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

MITU PHYSICAL THERAPY P.C.

আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপী দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হাঁটের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নার্ভের ব্যাথা, অবস হওয়া, ব্লিনকিং করা, মাথা ঘরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।

Nagah A. Alaidy
(ফিজিক্যাল থেরাপিস্ট)

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)

Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

পরীক্ষা ছাড়াই
আমেরিকার
সিটিজেনশীপ

N-648 WAIVER

MITU HOME CARE LLC.

আপনি প্রতি সপ্তাহে আয় করুন

আপনার মা-বাবা, স্বতন্ত্র-শ্রমজী, আত্মীয়-স্বজন, প্রতিবেশী, বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন। আমেরিকায় রোগীকে সেবা করার সম্পূর্ণ স্বতন্ত্র সরকার বহন করে থাকে।

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্ত পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member

H1B

L1A VISA

EB5

E2 VISA

POLITICAL ASYLUM

হটলাইন : +1 ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

৬ষ্ঠ বিশ্ব সিলেট সম্মেলন চলছে



৬ষ্ঠ বিশ্ব সিলেট সম্মেলনের সাংস্কৃতিক অনুষ্ঠান। ছবি : উত্তর আমেরিকা

প্রণবকান্তি দেব

বৃহত্তর সিলেটের সামগ্রিক উন্নয়নে বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা সিলেটদের সম্পৃক্ত করার আহ্বান জানানোর মধ্যদিয়ে শুরু হয়েছে ৬ষ্ঠ বিশ্ব সিলেট সম্মেলন। ৬ নভেম্বর শনিবার নিউইয়র্ক সময় সকাল ১০টায় এবং বাংলাদেশ সময় রাত ৮ টায় ভার্চুয়াল এ সম্মেলনের উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।

সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ব সিলেট ২০২১-এর আহ্বায়ক ড. আহমেদ মুশতাকুর রাজা চৌধুরী। জাতীয় সংসদেও মাধ্যমে শুরু হয় সম্মেলনের আনুষ্ঠানিকতা। এর পর থিম সং পরিবেশন করেন যুক্তরাজ্যে বসবাসরত প্রখ্যাত সঙ্গীতশিল্পী হিমাংগ গোস্বামী। উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য

রাখেন বিশ্ব সিলেট সম্মেলন কমিটির সভাপতি সি এম তোফায়েল সামী, জালালাবাদ এসোসিয়েশন ঢাকার সভাপতি ড. আব্দুল মবিন, নিউইয়র্কের বিশিষ্ট সমাজসেবী রাহাত নাসরীন ও সৈয়দ জাকী হোসাইন, লিয়াকত হোসাইন এবং যুক্তরাজ্যের বিশিষ্ট সমাজসেবী ইকবাল হোসাইন ওবিই। উদ্বোধনী অনুষ্ঠান সঞ্চালনা করেন বিশ্ব সিলেট সম্মেলন ২০২১ এর মহাসচিব ডা. জিয়াউদ্দিন আহমেদ।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, বিশ্ব সিলেট সম্মেলন কোন প্রতিষ্ঠান নয়, এটি একটি আন্দোলন। তাঁরা বলেন, সারাবিশ্বে সিলেটের ঐতিহ্যকে বুকের মধ্যে ধারণ করার আন্দোলন। বক্তারা আরও বলেন, অনাবাসী সিলেটেরা, যারা বিশ্বের বিভিন্ন দেশে নিজেদের অথবা তাদের পূর্বপুরুষের জন্মভূমির ঐতিহ্য ও

এ বিষয়ে বাংলাদেশ ও জাতিসংঘ মানবাধিকার কমিশনের মধ্যকার সমঝোতা

চুক্তি স্বাক্ষরকে স্বাগত জানানো হয়। রেজুলেশনটিতে প্রাথমিকভাবে দৃষ্টি দেওয়া হয়েছে মিয়ানমারের রোহিঙ্গা মুসলিম ও অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের মানবাধিকার পরিস্থিতি এবং ১ ফেব্রুয়ারি ২০২১-এ ভর্তুকি অবস্থা জারির প্রেক্ষাপট এর মতো বিষয়গুলোর প্রতি। রোহিঙ্গা সমস্যার মূল কারণ খুঁজে বের করা, বাংলাদেশের সাথে স্বাক্ষরিত দ্বিপাক্ষিক চুক্তির বাধ্যবাধকতাগুলো পূরণ করা এবং মিয়ানমারে নিযুক্ত জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূতসহ জাতিসংঘের সকল মানবাধিকার ব্যবস্থাপনাকে পূর্ণ সহযোগিতা প্রদান করতে এবারের রেজুলেশনে মিয়ানমারের প্রতি আহ্বান জানানো হয়েছে।

ব্লগার প্রিসিলার জনপ্রিয়তা

শেষ পৃষ্ঠার পর

মডেলিংয়ে নিয়মিত হচ্ছি না। থাকতে চাই সামাজিক কাজকর্ম নিয়ে। ক্ষুধার্ত মানুষের কষ্ট সহ্য করতে পারি না। সহ্য করতে পারি না অসুস্থ মানুষের কষ্ট। নিজে তেমন কিছু করতে পারি না, শুধু চেয়ে চেয়ে দেখি।’

বর্তমানে প্রিসিলা সাংবাদিকতা ও রাজনীতি বিজ্ঞান নিয়ে পড়ছেন। তাঁর আইন বিষয়ে পড়ার ইচ্ছে আছে। প্রিসিলা বলেন,‘পরিবার, আত্মীয়-স্বজন এবং অনেক অপরিচিত মানুষ বিভিন্নভাবে আমায় সহযোগিতা করেন। অনেকে মনে করেন, আমি অনেক টাকা উপার্জন করি। তাই বরচ করি। বিষয়টা এমন নয়।’

ব্লগার হওয়া বা সামাজিক কাজে অংশ নিতে অনেক বাধা-বিপত্তি অতিক্রম করতে হয় প্রিসিলাকে। তিনি বলেন,

‘কেউ আমার কাজকে সমর্থন করে, কেউবা আবার বলে মেয়ে মানুষের এসবের কি দরকার। মেয়েরা তো ঘরে থাকবে। সব মানুষের মতামতকে শ্রদ্ধা করি। প্রধান্য দেই। ভাল কিছু যদি করতে না পারি তাহলে দ্রুত হারিয়ে যেতে হবে। ভাল কিছু করার অপেক্ষায় আছি।’

প্রিসিলা নিজ উদ্যোগে এ পর্যন্ত ২১টিরও বেশি ছইল চেয়ার জনস্বার্থে বিতরণ করেছেন। তাছাড়া বাংলাদেশের বিভিন্ন জেলায় ৩০টিরও বেশি টিউবঅয়েল বসাতে সহায়তা করেছেন। বাংলাদেশকে এবং বাংলাদেশের মানুষকে ভালো মিস করেন। প্রিসিলা বলেন, ‘বাংলাদেশে আগামী বছর যাওয়ার ইচ্ছে আছে। দেশে গিয়ে কিছুদিন সবচেয়ে গরীব মানুষগুলোর সাথে কাটাব। সেখানে এতিমদের এবং বৃদ্ধাশ্রমে সময় দেব।’

নিউইয়র্কের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইমপ্রেস টেলিফিল্ম ও চ্যানেলে আইহর

পরিচালক এবং চ্যানেল আই মিউজিক এ্যাওয়ার্ড ২০২১-এর আমেরিকার প্রকল্প প্রধান জহির উদ্দিন মাহমুদ মামুন। অনুষ্ঠানে ঢাকা থেকে ভাষায়ি যুক্ত হয়ে সম্মাননাপ্রাপ্তদের নাম ঘোষণা করেন শাইখ সিরাজ। অনুষ্ঠান সম্পর্কে কুমার বিশ্বজিৎ বলেন,‘আমাদের স্বাধীনতায় ও ভাষা আন্দোলনে যাঁরা আত্মাছত্তি দিয়েছেন আমরা তাঁদের কাছে অনেক ঋণী, তাঁদের আত্মত্যাগের কারণেই আমরা দেশ পেয়েছি, বাংলা ভাষা পেয়েছি, আজ আমরা মন খুলে বাংলা ভাষায় কথা বলতে পারছি, গাইতে পারছি, নিজের মতো করে মনের ভাব প্রকাশ করতে পারছি।

চ্যানেল আই উত্তর আমেরিকার সিইও রাস্বেদ আহমেদ বলেন,‘মিউজিক এ্যাওয়ার্ডটি ঘিরে আমরা ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছি, তার যথাযথ প্রয়োগ সম্পন্ন হয়েছে। যতটুকু আশা করেছিলাম, তারচেয়ে অনেক ভাল হয়েছে।

পাত্রী চাই

পাত্র সিটিজেন ৫/৬ ইঞ্চি,ধার্মিক মধ্যবিত্ত পরিবারের ধার্মিক হিজাব পড়া সুন্দরী পাত্রী চাই। যোগাযোগ: 929-422-8642

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের USA citizen সুন্দরী, শিক্ষিতা পাত্রীর জন্য শিক্ষিত পাত্র চাই। পাত্রের পেপার না থাকলেও চলবে তবে অবশ্যই শিক্ষিত হতে হবে। যোগাযোগ: ৩8৭-8০০-৮৮০১

পাত্র চাই

আমেরিকান নাগরিক, চাকুরীরতা B.S in applied mathematics (UMD), MS in Project Management (UMD) এবং বর্তমানে MBA পাঠরত া(UMD) ধার্মিক মেয়ের জন্য সমমানের শিক্ষিতা মুসলিম পাত্র চাই। অনুগ্রহ পূর্বক ছবি ও বায়োডাটাসহ যোগাযোগ করুন: nazir.ullah@longandfoster.com

নিভ ইন ন্যানি আবশ্যক

চার বছর বয়সী বাচ্চার জন্য। বাচ্চা স্কুল যায় প্রতিদিন 7:30-3:30, বাসায় আশার পর বাচ্চার যত্ন এবং রান্নার কাজে সাহায্য প্রায়োজন। বাসায় আলাদা বেডরুম এবং বাথরুম সুবিধা পাবেন। প্রতি মাসে ২ উইকেন্ডে ছুটি পাবে। অবস্থান: ওয়েস্টচেষ্টার/ভালহাল্লা এনওয়াই। লায়লা 719 373 3083 নম্বরে কল করুন বা টেক্সট করুন। বেতন আলোচনো সাপেক্ষ হবে।

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।

যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

নিউইয়র্কে রিয়েল এস্টেট ব্যবসায় বিশ্বস্ত নাম আসিফ চৌধুরী

লাইসেন্সড রিয়েলেটর

(ডিজিট্যাল কার্ডের জন্য ৮৫৩৭৭ নাম্বারে টেক্সট করুন)

যোগাযোগ: ৯১৭-৭8১- ৫৩০৮ (সেল)

অফিস: ৭১৮- ২৬২- ০২০৫

ফ্যাক্স: ৭১৮-২৬২- ০২৫৪

ইমেইল: ashif.choudhury@gmail.com

১৮৯-১০ হিলসাইড আভিনিউ, সুইট: ই হলিস, এনওয়াই ১১8২৩

www.EXITPrimeNY.com

Housekeeper wanted

Looking for a middle age or widowed woman housekeeper. Who will stay full time with the family and help with day to day household work. Help with cooking, cleaning, cutting food, laundry, wash dishes, clothes, help elderly mother etc. Living and food is free. Monthly salary is negotiable. Contact: Liza (734-578-3760) Canton City, Michigan.

গৃহকর্মী আবশ্যক

মিশিগানে বাংলাদেশী একটি পরিবারে ঘরের কাজের জন্য কর্মী আবশ্যক। মধ্যবয়সের বা বিধবা মহিলা কর্মী খোঁজা হচ্ছে। কাজের মধ্যে রান্নাঘরে কাটাকুটির কাজ, রান্না করা, কাপড় লন্ড্রি করা, ইঞ্জি করা, ঘরের অন্যান্য নিয়মিত কাজে সাহায্য করাসহ পরিবারের সাথে বসবাসরত শাশুড়িকে দেখাশোনা করার কাজ করতে হবে। কাক্ষিত গৃহ সহকর্মী পরিবারের সাথে সব সময় থাকতে হবে। থাকা ও খাওয়া দাওয়া ফ্রি। মাসিক বেতন আলোচনা সাপেক্ষে।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন: **লিজা, ক্যান্টন সিটি, মিশিগান। ফোন: (734-578-3760)**

Partners and Investor আবশ্যক

Pennsylvania এর York শহরে একটি Solar এবং Garments Factory জন্য Part-ners and Investor আবশ্যক। গ্রীণকার্ড এর সুবিধা আছে।

যোগাযোগ

202-683-5854

202-397-3419

বাসা ভাড়া

২৫৬-০৩-৮৬ এ্যাভিনিউতে দুই বেডরুম লিভিং ডাইনিংসহ হাই সিলিং বেইসমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখে ভাড়া দেওয়া হবে। হাট্টার দূরত্বে স্কুল ও বাস এবং এল আই ডবল আর ট্রেন। যোগাযোগ- ৩৪৭-২৭৯-৫৪০০

বাসা ভাড়া দেওয়া হবে

১ বেড রুম এবং ২ বেড রুমের বাসা ভাড়া দেওয়া হবে। স্থান: East 35 Between Church & Snyder Ave Brooklyn, NY (B-35 বাস এবং 2 & 5 Train)। যোগাযোগ: 646-496-3334

বাসা ভাড়া

২টি রুম ভাড়া হবে। কিচেন শেয়ার। Hildside এবং সার্টফিন ব্রুবার্ডে। মসজিদ, মাদ্রাসা, থ্রোসারী, F ট্রেন সাবওয়ে, বাস স্ট্যান্ড সব কিছু অতি নিকটে। এবং 132 St এবং 88 Ave তে রিচমন্ড হিল একটি রুম ভাড়া দেওয়া হবে। একজন ব্যাচেলার এর কাছে। যোগাযোগ: 929-328-5042

Apartment For Rent

Manhattan, Columbus Ave & 100St on the upper West Side 1 Studio Apartment Separate Bath & Kitchen Rent from September 2021. Included Utility Bill \$1100. Train 1,2,3,B, C & in front of the apartment Bus station available. Contact: 347-656-5106 or Email: bjsaha@gmail.com

Apartment For Rent

Rent :1) Large Studio (like one bedroom) with a huge eat-in kitchen, Standup Shower & Bathtub, plenty of closet space, and 150 sq/ft porch/balcony overlooking goose pond park. Apt is located in Highland ave Jamaica, 2 blocks away from jamaica mosque. Rent \$1,550. Max 2 people. Must have Good Credit and Job Approval. Require Board Approval
2) Two bedrooms Attic for Rent in Elmont. Walking distance to Halal shops, Mosque, Halal restaurants. Superb school district. Max two people. Walking distance express bus to 169th st Hillside. Everything included. Rent \$1275. Call HEMEL: 9178263498 Email: Mohammad.hemel@gmail.com

Semi Basement Rent

2 bachelor women or husband wife One family 1477 Saint Peter’s Ave Bronx ny 10461 Near to 6 train 1 (347) 446-9575

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনাল গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

OFFICE SUITS FOR RENT

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্র ৭২ স্ট্রিট ও রুজভেল্ট এভিনিউর কর্ণারে প্রফেশনাল অফিস সেন্টারে বিভিন্ন সাইজের পৃথক অফিস রুম ভাড়া দেয়া হবে।
Please Contact: 646-641-5348
Email: DgDesignNYC@gmail.com

PRIVATE TUTORING

GRADE 4 - 12

MATH & ELA

SHSAT

SAT

NY ST EXAM

NY ST REGENTS

→ EXPERT TUTOR :
+20 YEARS TEACHING EXPERIENCE
IN PUBLIC & PRIVATE SCHOOLS IN
Sty V , Bronx Sci, Trinity ...
FOR RATE AND MORE DETAIL
PLEASE VISIT :
TanvirTutoring.com/privatelesson
833-826-8478

বাসা ভাড়া

জ্যামাইকা হলিসে, ২য় তলা ১ সেপ্টেম্বর মাস থেকে ২টা বেডরুম, বড় বাথরুম, লিভিং ও কিচেন একসাথে। সম্পূর্ণ নতুন ও বড় এটিকসহ ভাড়া দেওয়া হবে। নিরিবিলি ও মনোরম পরিবেশ। রাস্তা গাড়ি পার্কিং সুবিধা আছে। মসজিদ, দোকান, লব্জি, স্কুল ও বাস বাসার কাছে। Q3, Q2, Q83 ভাড়া আলোচনাসাপেক্ষে। বিস্তারিত জানতে কল করতে পারেন ৯১৭-৭১৭-৮৫৮২

বাড়ি ভাড়া

জামাইকার ব্রায়ারউড ১৫০ স্ট্রিটে এখনই মুভ করার মতো বাড়ি ভাড়া হবে। তিন বেড রুম। হিটিং এবং গ্যাস বিল ভাড়ার সাথে ঠিক করা হবে। চমৎকার নিরিবিলি পরিবেশ।
প্রকৃত আগ্রহীরা যোগাযোগ করুন। ফোন ৯১৭- ২৪২- ৭২৮৫

রুম ভাড়া

এফ ও ই ট্রেনের নিকটে 139 স্ট্রিটে একজন কর্মজীবী মহিলা বা স্টুডেন মেয়ের কাছে আলাদা রুম ভাড়া দেওয়া হবে। ফুল ফার্নিসড। 347-475-8406/ 347-725-7526

লোক আবশ্যক

কুইন্স ভিলেজে বেবি সিটার ও ঘরের ছোটখাট কাজের জন্য পার্ট টাইম লোক আবশ্যক। # 646-515-1469

বাসা ভাড়া

২৫৬-০৩-৮৬ এ্যাভিনিউতে দুই বেডরুম লিভিং ডাইনিংসহ হাই সিলিং বেইসমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখে ভাড়া দেওয়া হবে। হাট্টার দূরত্বে স্কুল ও বাস এবং এল আই ডবল আর ট্রেন। যোগাযোগ- ৩৪৭-২৭৯-৫৪০০

এ্যাপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকা এ্যাভিনিউতে E F J & LI R R ট্রেনের সন্নিহিত তিন বেড দুই বাথরুম বড় লিভিং রুম ও কিচেনসহ প্রাইভেট হাউসের একটি এ্যাপার্টমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ ৭১৮-৬৯০-৬৭৪৮

রুম ভাড়া

84-58 162 street জ্যামাইকা পারসন ব্রুবার্ডে F ট্রেনের পাশে দ্বিতীয় তলায় একটি ফ্যামেলীর সাথে থাকার জন্য স্বামী-স্ত্রী বা মহিলার কাছে ভাড়া দেওয়া হবে। 917-412-0615

বাসা ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউয়ে ৮৮-২১ ১৮৭ স্ট্রিটের ২য় তলায় একটি বেডরুম, বাথরুম, কিচেনসহ ভাড়া দেওয়া হবে। সম্পূর্ণ রিনোভেটড। ভাড়া সমস্ত বিলসহ ১৬০০ ডলার। যোগাযোগ: 929-386-6473

মহিলা আবশ্যক

জ্যামাইকা, কুইন্সে বাসার দৈনন্দিন কাজ করার জন্য একজন মহিলা আবশ্যক, এবং পার্ট টাইম সেলস ম্যান পদের জন্য একজন মহিলা আবশ্যক। জ্যামাইকা বসবাসকারীকে প্রাধান্য দেয়া হবে। যোগাযোগ করুন দুপুর ১ টা থেকে রাত ১ টা পর্যন্ত। 9176695000

বেসমেন্ট ভাড়া

হিলসাইড ও জ্যামাইকা এভিনিউর মাঝে ১৯৯ স্ট্রিট, হোলিসে ২ বেডরুম, ১ লিভিং রুমের বেসমেন্ট ভাড়া হবে। ব্যাচেলর/ছোট পরিবার অগ্রাধিকার। মোবাইল: ৩৪৭-২৩৮-৬২৯৩, ৩৪৭-৪৭৬-২২৮৩

সেমি বেইসমেন্ট ভাড়া

পহেলা ডিসেম্বর থেকে জ্যাকসন হাইটসের নিকটে 70 স্ট্রিটে 32 এভিনিউতে, মসজিদ সংলগ্ন সুন্দর পরিবেশে সম্পূর্ণ নতুন ২-বেডরুম, ১-লিভিং, ১-কিচেন ও ১-বাথরুমের একটি সেমি বেইসমেন্ট বাসা ভাড়া হবে। যোগাযোগ Pavel - (929) 424-7881 , (646) 957-5154

Help Wanted

Looking for employee’s for an ice cream parlor located at Gaithersburg, MD. looking to hire: CSR, Manager, Ice cream maker and Young/energetic individuals with/without experience. In house training will be available for reliable employees. If anyone is interested contact the following numbers: +1-347-499-9427, +1-917-687-5248

অ্যাটিক ভাড়াঃ

ব্রংক্সের পার্ক চেম্বার এলাকায় জেমেগা সাবওয়ে থেকে মাত্র ২ ব্লকের মধ্যে ১ বেডরুম, ১ বাথরুম, লিভিং, ডাইনিং ও কিচেন স্পেসসহ ভাড়া দেওয়া হবে। ১ ব্লকের মধ্যে মসজিদ, বাংলাদেশী থ্রোসারি, স্কুল।
যোগাযোগ: 347-340-6474

পাত্রী চাই

শিক্ষিত, মার্জিত ও প্রতিষ্ঠিত চল্লিশোর্ধ (Early Forties) সিটিজেন পাত্রের জন্য অনুর্থ ৩৫ বছরের পাত্রী আবশ্যক। আমেরিকায় অবস্থানরত অথবা নিজ দায়িত্বে আমেরিকায় আসতে সক্ষম পাত্রীরা সাম্প্রতিক ফটো এবং সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ যোগাযোগ করুন। সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হবে।
যোগাযোগের ঠিকানা: PO BOX: 4698 Sunnyside NY 11104
অথবা ই-মেইল: pjlovebangla@yahoo.com

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।
যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।
যোগাযোগ সান্দ্র-৯১৭-৮০৭-৪৮৫১

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩৬ বছর (৫-৪”) সুশিক্ষিত মুসলিম পাত্রের জন্য উপযুক্ত পাত্রী চাই। ডিভোর্সী হলেও চলবে। পাত্র দেখতে সুন্দর, নামাজী। অভিভাবক এমনকি পাত্রী সরাসরি যোগাযোগ করতে পারবেন। ৯২৯-৩৯৫-৫৩১৫

পাত্র চাই

আমেরিকা বসবাসরত গ্রীনকার্ডধারী বাংলাদেশ থেকে ইংলিশে ব্যাচেলার করা ২৫ বছর বয়সী পাত্রীর জন্য দেশে/ আমেরিকায় কম্পিউটার ইঞ্জিনিয়ার/ইলেকট্রিক ইঞ্জিনিয়ার পাত্র চাই। ধুমপানমুক্ত সুশিক্ষিত ধার্মিক পাত্র চাই।
Email: bfatama34@gmail.com Phone :646-266-2609

পাত্র চাই

আমেরিকান সিটিজেন, ২৯ বছর বয়সী কর্মরত রেজিস্ট্রার ফার্মাসিস্ট পাত্রীর জন্য পাত্র চাই। Doctor, Eng. Pharmacist, IT professional অগ্রাধিকা-রযোগ্য। যোগাযোগ: 718-902-7200

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777 , everlybrown@yahoo.com

লোক আবশ্যক

রিগো পার্কে ঘরের কাজের জন্য একজন মহিলা আবশ্যক। 831-313-8600

আবশ্যক

কুইন্স কাউন্টিতে অবস্থিত একটি মসজিদে ধর্মভীরু, সং ও যোগ্য স্বেচ্ছাসেবী (ভলান্টিয়ার) প্রয়োজন। মার্জিত, শিক্ষিত এবং উদার প্রকৃতির মুসলমান ভাইবোনদের দৃষ্টি আকর্ষণ করছি। সবার কাছ থেকে কিছুটা সময় ও সার্বিক সহযোগীতা পেলে মসজিদটির অস্তিত্ব টিকে থাকবে। সত্ত্বর যোগাযোগ করুন: (646) 684-8762, (917) 722-1405, (718) 524-9777

লোক আবশ্যক

জ্যাকসন হাইসের প্রানকেন্ড্রে সেলভেল ফোনের দোকানে সেলস পার্সন ও টেকনিশিয়ান আবশ্যক। কাজ জানা এবং ইংরেজী জানাদের অগ্রাধিকার দেয়া হবে। ভাল বেতন আলোচনা সাপেক্ষে দেয়া হবে। 718-478-8100

অফিস ভাড়া

জ্যাকসন হাইটসের প্রাণকেন্ড্রে ফার্নিচার, ইন্টারনেট, বিদ্যুৎসহ একটি অফিস ভাড়া দেওয়া হবে। ভাড়া: 700 যোগাযোগ: 646-645-9830

হাউস কীপার আবশ্যক

জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রিটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যক। থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন। দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন।
ফোন: ৩৪৭-৪৪৫-৫০৯৩, ৯১৭-৪৩৫-৯৪১৬

বাংলা সংবাদ মাধ্যমে চৌকস অভিযাত্রী তাবসসুম

মনজুরুল হক

সিফাত আরা তাবসসুম বাংলাদেশের সংবাদ পাঠিকা, সাংবাদিক, উপস্থাপক। প্রায় এক দশক থেকে সাংবাদিকতা ও সংবাদ পাঠ করতে গিয়ে দেশে ও দেশের বাইরে এরইমধ্যে পরিচিত হয়ে উঠেছেন তাবসসুম। বর্তমানে ছুটিতে যুক্তরাষ্ট্রে অবস্থানরত সিফাত আরা তাবসসুম প্রবাসের বাংলা সংবাদ মাধ্যমের হালচাল দেখছেন। অভিজ্ঞতা বিনিময় করছেন। চেষ্টা করছেন প্রবাসে বাংলাদেশী জনসমাজের নানা বিষয়কে অনুধাবন করতে। নিউইয়র্ক, ওয়াশিংটন ডিসিসহ আমেরিকার গুরুত্বপূর্ণ জনপদ ঘুরে অভিজ্ঞতা সঞ্চয় করে নিজেকে সমৃদ্ধ করার কথা জানালেন।

প্রথম আলো উত্তর আমেরিকার সাথে আলাপকালে সিফাত আরা তাবসসুম জানান, সংবাদ পরিবেশনা শুরু হয় টিভি চ্যানেল জিটিভি দিয়ে। জিটিভির অন্যতম সংবাদ পাঠিকা হিসাবে কাজ করেছেন। পাশাপাশি দেশের নানা প্রতিষ্ঠানের সাথে কাজ করেছেন প্রশিক্ষক হিসাবে। সংবাদ পাঠ এবং অনুষ্ঠান উপস্থাপনায় দক্ষ হয়ে ওঠা তাবসসুম জানান, বাংলাদেশে নতুন নতুন টিভি চ্যানেল এসেছে। নতুন ক্ষেত্রের সাথে সন্ধাননা আর চ্যালেঞ্জ সামনে এসে দাঁড়িয়েছে। সময়ের সাথে সাথে নিজেকে নতুন করে তৈরি করতে না পারলে সংবাদমাধ্যমে এখন টিকে থাকা দুর্লভ। তিনি মনে করেন, টিভি সাংবাদিকতার জন্য বাচনশৈলী, কণ্ঠমাধুর্য এবং সাবলীল উপস্থাপনা দর্শকের মধ্যে ব্যাপক জনপ্রিয়তা পাওয়ার পূর্বশর্ত।

চলতি বছরে সিনিয়র নিউজ প্রজেক্টার হিসাবে বাংলাটিভিতে যোগদান করেছেন সিফাত আরা তাবসসুম। বাংলা টিভিতেও তিনি তাঁর প্রতিভার স্বাক্ষর রেখেছেন। সংবাদ পাঠ, অনুষ্ঠানের স্ক্রিপ্ট লেখা আর উপস্থাপনার কাজ করছেন। অনুষ্ঠান উপস্থাপনার ক্ষেত্রেও তাঁর নিজস্ব স্টাইল রয়েছে বলে মনে করেন তাঁর অনুরাগীরা। ক্যারিয়ারের এতগুলো বছর অত্যন্ত সফলতার সাথে পার করে এসেও নিজেকে নতুন করে গড়ে তোলার তাগিদকে প্রতি মুহূর্তেই অনুভব করেন সিফাত আরা তাবসসুম। সাবলীল উপস্থাপনা



হোয়াইট হাউসের সামনে সিফাত আরা তাবসসুম।

ছবি : সংগৃহীত

আর সংবাদ পরিবেশনার জন্য তিনি পেয়েছেন রিহাব বর্ষসেরা সংবাদ পাঠিকা পুরস্কার, ঢাকা রিপোর্টার্স ইউনিটি অ্যাওয়ার্ড, বাংলাদেশ ক্যাবল টিভি অ্যাওয়ার্ড এবং প্রজেক্টার্স সোসাইটি অব বাংলাদেশ অ্যাওয়ার্ড।

নিউইয়র্কের বাংলা টিভি চ্যানেল টাইমস টিভি ও টিবিএন-২৪ এর বিভিন্ন অনুষ্ঠানে যোগ দিয়ে বর্ণনা করেছেন তাঁর অভিজ্ঞতার কথা। আমেরিকার বাঙালি জনসমাজে নিজের অভিজ্ঞতাবিনিময় নিয়ে উচ্ছ্বসিত সিফাত আরা তাবসসুম জানান দেশ যেমন এগিয়ে যাচ্ছে, তেমনি দেশের বাইরে স্বদেশী জনসমাজের এগিয়ে যাওয়া কাছে থেকে দেখার সুযোগ হয়েছে আমেরিকা সফরে। তাঁর এ অভিজ্ঞতা পেশাগত জীবনকে আরও সমৃদ্ধ করবে।

নয়ন-আলী পরিষদের বিজয় ঠেকাতেই নির্বাচন বানচালের অভিযোগ

বাংলাদেশ সোসাইটি

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশ সোসাইটির স্থগিত হওয়া নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী নয়ন-আলী পরিষদের বিজয় সুনিশ্চিত জেনেই নির্বাচন বানচালে একটি মহল ইন্ধন দিয়েছে। ১৪ নভেম্বর রোববার রাতে নিউইয়র্কের ব্রঙ্কসের নিরব রেস্টুরেন্ট পাটি হলে নয়ন-আলী পরিষদের ব্রঙ্কস নির্বাচন পরিচালনা কমিটির সমাবেশে এমন অভিযোগ করা হয়েছে। সভায় ষড়যন্ত্রকারীদের মুখোশ উন্মোচনসহ তাদের সামাজিকভাবে বয়কটেরও আহ্বান জানানো হয়।

বাংলাদেশ সোসাইটির নির্বাচনে নয়ন-আলী প্যানেলের ব্রঙ্কস নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক জুনেদ আহমেদ চৌধুরীর সভাপতিত্বে এবং সমন্বয়কারী মো. শামীম মিয়া পরিচালনায় সভায় বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির স্থগিত হওয়া নির্বাচনের



নয়ন-আলী পরিষদের ব্রঙ্কস নির্বাচন পরিচালনা কমিটির সমাবেশ। সংগৃহীত

সভাপতি প্রার্থী কাজী আশরাফ হোসেন (নয়ন), সিনিয়র সহ-সভাপতি প্রার্থী আব্দুর রহীম হাওলাদার, সাধারণ সম্পাদক প্রার্থী মোহাম্মদ আলী, স্কুল ও শিক্ষা সম্পাদক প্রার্থী মো. সামাদ মিয়া (জাকের), বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নিউইয়র্ক স্টেট কমান্ডের কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মঞ্জুর আহমেদ ও বীর মুক্তিযোদ্ধা আবুল মনসুর, নয়ন-আলী প্যানেলের ব্রঙ্কস নির্বাচন পরিচালনা

কমিটির প্রধান সমন্বয়কারী মাহবুব আলম, সদস্য সচিব মোজাফফর হোসেন, কুমিল্লা সোসাইটি অব ইউএসএ ইনকের সভাপতি আবুল খায়ের আখন্দ, সহ-সভাপতি মিয়া মো. দাউদ, সাবেক সহ- সভাপতি খবির উদ্দিন ভূইয়া ও সাবেক সভাপতি ইঞ্জিনিয়ার আবদুল খালেক, ব্রঙ্কস বাংলাদেশ এসোসিয়েশনের সাবেক সভাপতি এ ইসলাম মামুন ও সাধারণ সম্পাদক কাজী রবি উজ্জমান প্রমুখ।

Semi Basement Rent

2 bachelor women or husband wife One family 1477 Saint Peter's Ave Bronx ny 10461 Near to 6 train 1 (347) 446-9575

রুমমেট চাই

Jamaica 148 Street 88 Aveতে মনোরম পরিবেশে এপার্টমেন্টে ২ জন অধুমপায়ী নামাজী ব্যাচেলর রুমমেট আবশ্যিক। এখন সম্পূর্ণ খালি আছে। লোকেশন: তাজমহল রেস্টুরেন্ট/ কাওরান বাজার এর অপজিটো। এক ব্লকের মধ্যেই F Train. ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: 347-553-4830

বাসা ভাড়া দেওয়া হবে

বেডরুম ৩, বড় একটি লিভিং রুম, বাথরুম, কিচেনটি খুব বড় ও শেয়ার হবে। 148-09-86 Ave 2nd floor, Jamaican Hillside. মসজিদ, মাদ্রাসা, বাস স্ট্যান্ড, F ট্রেন সাবওয়ে সব কিছু অতি নিকটে। যোগাযোগ: 929-328-5042

রুম ভাড়া

জ্যাকসন হাইটস আপনা বাজারের সামনে এ্যাপার্টমেন্ট বিল্ডিং এ মা মেয়ে সাথের একজন ছাত্রী অথবা কর্মজীবী মহিলার কাছে একটি রুম ভাড়া দেওয়া হবে। কিচেন ও বাথরুম শেয়ার করতে হবে। যোগাযোগ: 347-237-3171

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা হিলসাইড এফ ট্রেনের পাশে ১৮০ স্ট্রীটে ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: 347-639-4571

Apartment for rent

1 Bedroom apartment in East Elmhurst 100th street & 25th ave, next to LaGuardia Airport. Phone : 917-745-7249

ভার্চুয়াল বৈঠকে বাইডেনকে ‘পুরোনো বন্ধু’ সম্বোধন সি চিন পিংয়ের

উত্তর আমেরিকা ডেস্ক

তাইওয়ান, বাণিজ্য ও মানবাধিকারের নানান বিষয়ে উদ্বেজনার মধ্যেই আজ মঙ্গলবারের ভার্চুয়াল বৈঠক শেষ করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও চীনের প্রেসিডেন্ট সি চিন পিং। প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার এটাই তাঁদের প্রথম বৈঠক। বৈঠকে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়েছে। খবর বিবিসির।

বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে,



উষ্ণ অভ্যর্থনার মধ্য দিয়ে দুই নেতার গুরুত্বপূর্ণ বৈঠক শুরু হয়। সি চিন পিং বলেন, ‘পুরোনো বন্ধু’ বাইডেনকে দেখে খুশি লাগছে। জো বাইডেন বলেন, ‘দেশগুলোর মধ্যে প্রতিযোগিতা আছে।

তবে সেই প্রতিযোগিতা যেন সংঘর্ষে রূপ না নেয়, সেটি নিশ্চিত দুই দেশেরই দায়িত্ব রয়েছে।’ সি চিন পিং বলেন, ‘দুই দেশের নিজস্বের ভেতরে যোগাযোগ আরও বাড়তে হবে। একসঙ্গে সংকট মোকাবিলা করতে হবে।’

চীনের রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের বরাতে দিয়ে বিবিসি জানিয়েছে, বৈঠকে জলবায়ু পরিবর্তন ও করোনার মতো বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় চীন-মার্কিন সুসম্পর্ক থাকা দরকার বলে মন্তব্য করেছেন চিন পিং।

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdous MD

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudhesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. M Nayeem

Podiatric Surgeon

Complete Physical & Follow up

DMV/TLC, School Physical

Flu Shots, Hajj & Umrah Vaccine

Blood, Urine Test, EKG

Immigration Physical

Podiatric Surgery

COVID Test & COVID Vaccine

All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

বেসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটস সংলগ্ন নর্দান বুলেভার্ড ও ৮০ স্ট্রিটে প্রাইভেট বাসার বেসমেন্ট (২ বেডরুম,লিভিং রুম, ডাইনিং, কিচেনসহ) ১ আগস্ট থেকে ভাড়া হবে। ছোট পরিবারকে অগ্রাধিকার দেয়া হবে। যোগাযোগ: ৯১৭-৪৭৬-৬৮৭৩

পাত্রী সন্ধান

দেশে ও প্রবাসে প্রতিষ্ঠিত পাত্রের জন্য পাত্রী (৩৫+, ৫'৪", শুশ্রী) আবশ্যিক। ডাক্তার অথবা কলেজ গ্রেজুয়েট এবং সনাতন সংস্কৃতি চর্চার অভিজ্ঞতা থাকা আবশ্যিক। বায়োডাটা, রফারেস (আত্মীয়/ অনাত্মীয়) এবং ছবি সহ যোগাযোগ করুন: email - ghoshsc@aol.com

পাত্রী চাই

সুপ্রতিষ্ঠিত পেশায় ইঞ্জিনিয়ার গ্রীনকার্ড হোল্ডার USA থেকে উচ্চ শিক্ষায় শিক্ষিত ৫.৭' ৩৩ বছর বয়সী পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ:732-595-2602 Email :kanalyst2020@gmail.com

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (চা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessal4@gmail.com

পাত্রী চাই

সু-প্রতিষ্ঠিত,পেশায় ইঞ্জিনিয়ার, Green Care Holder, USA থেকে উচ্চশিক্ষায় শিক্ষিত ৫'৭ ৩৩ বছর পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ: 732-595-2602। Email: kanalyst2020@gmail.com

ডেলিভারি ম্যান আবশ্যক

নিউইয়র্কের পাঁচ বোরোতে নিউজ পেপার ডেলিভারি দেওয়ার জন্য গাড়িসহ দুজন ডেলিভারি ম্যান আবশ্যিক। ফোন 518-253-0966



আটলান্টিক সিটিতে 'ফুড ব্যাংক'। ছবি : সংগৃহীত

আটলান্টিক সিটিতে 'ফুড ব্যাংক'

সুত্রত চৌধুরী

আটলান্টিক সিটিতে গত ১১ নভেম্বর বৃহস্পতিবার বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জারসির উদ্যোগে 'ফুড ব্যাংক'-এর আয়োজন করা হয়। ওইদিন আটলান্টিক সিটির ২৭০৯, ফেয়ারমার্ডিনট এডিনিউতে অবস্থিত বাংলাদেশ কমিউনিটি সেন্টারে সকাল দশটা থেকে দুপুর একটা পর্যন্ত ফুড ব্যাংকের কার্যক্রম চলে, যা কমিউনিটিতে বেশ সাদা ফেলে। আটলান্টিক সিটির বিভিন্ন কমিউনিটির বিপুল সংখ্যক লোক এই কার্যক্রমে অংশ নেয়া ফুড ব্যাংক কার্যক্রমে তাজা শাকসবজি, ফলসহ বিভিন্ন ধরনের খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

উল্লেখ্য, বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জারসি তাদের নিয়মিত সাংগঠনিক কার্যক্রমের অংশ হিসাবে দীর্ঘদিন ধরে এই ফুড ব্যাংক চালিয়ে যাচ্ছে। বিশেষ করে

করোনাকালীন দুঃসময়ে জীবনের ঝুঁকি নিয়ে সংগঠনের কর্মকর্তারা যেভাবে ফুড ব্যাংকের কার্যক্রম অব্যাহত রেখেছিলেন তা আটলান্টিক সিটির সর্বমহলে বেশ প্রশংসিত হয়েছিল। এর ফলে প্রবাসী বাংলাদেশীদের ভাবমূর্তিও উজ্জ্বল হয়।

বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জারসির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আবদুর রফিক, সভাপতি জহিরুল ইসলাম বাবুল ও সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা ফুড ব্যাংকের কর্মসূচী সফল ও সার্থক করায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business

Now Hiring Sales Persons
Free Training (Free course fees for selected people)
Earn up to 300K Yearly

Call Us: 718-255-1555 | 917-400-3880

We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals

718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com

70-32 Broadway, Jackson Heights NY-11372

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্

ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেল্স ট্যাক্স
★ বিজনেস সেটআপ

AUTHORIZED IRS e-file PROVIDER

ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীণকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট

আলম টুর এন্ড ট্রাভেলস

AIR TICKET

• Emirates • Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More

(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider Department of Health, State of New York

নিউইয়র্ক স্টেটের হোম কেয়ার ডিপার্টমেন্টের সার্ভিসেস/হোম কেয়ার সেলসমেন মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা, স্বতন্ত্র-স্বত্বাধী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন

কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
President & CEO

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

JOY TECH ELECTRONICS & COMPUTER

সেলস এবং রিপেয়ার
Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।

ultrap SIMPLE h2o T-Mobile UNIVISION mobile Lycamobile

Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

ল' অফিস অব এটর্নি মো: গোলাম মোস্তফা

Our Services

- ★ Personal Injury & Workers Compensation (Recovery over 3 million dollar)
- ★ Car Accidents
- ★ Medical Mal Practice
- ★ Accident in Construction
- ★ Lead Poisoning
- ★ Slip and Fall
- ★ Dental Mal Practice
- ★ Immigration all kinds &
- ★ Green Card via employment & Investments
- ★ Real Estate & Business Closings
- ★ Non payment or no over time payment
- ★ Will, Trust and Estate Planning
- ★ Bankruptcy, Landlord-Tenant
- ★ Family Matter-Divorce
- ★ All Civil Matters

"Prior results do not guarantee a similar outcome"

New York State Attorney M. Mostofa, Esq
LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK, Barrister-At-Law, London LL.M, USA, Attorney-At-Law, NY

Queens: 146-10 Hillside Ave, 2nd Fl. Jamaica, NY 11432
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Ph# 917-285-6247
E-mail: abmostofa1@gmail.com

বাড়ি বিক্রয়ের সুযোগ্য ও বিশ্বস্ত সাথী
সর্বোচ্চ মূল্যে বাড়ির নিশ্চয়তা - দীর্ঘ বকেয়া মর্টগেজ / কবজাকার মালিকের বাড়ি বিক্রয়ে বিশেষ অভিজ্ঞ

Attorney Realty Inc.
Regulated by Experienced Real Estate Attorney

REAL ESTATE SALESPERSONS

MOSHARRAF HOSSAIN Cell: 347-307-1406
ADVOCATE MD NURUZZAMAN Cell: 347-469-9268
ADVOCATE MOHAMMAD HASHEM Cell: 646-552-2748

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
DR. SADI ALAM, DPM
আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218

Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Alam Podiatry, P.C.
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | Email: dralamdpm@gmail.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS



সিফনি ক্লাবের তৃতীয় বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠান। ছবি : সংগৃহীত

মিশিগানে সিফনি ক্লাবের তৃতীয় বর্ষপূর্তি উদযাপন

পার্থ সারথী দেব, মিশিগান

মিশিগানে সংগঠনের তৃতীয় বর্ষ পূর্তি উদযাপন উপলক্ষে সিফনি ক্লাব বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। ১৪ নভেম্বর শনিবার সিফনি ক্লাব ওয়ারেন সিটির রায়ান রোডে তাদের নতুন অফিসের উদ্বোধন করা হয়। উদ্বোধনের পর প্রদ্যুম্ন চন্দ্রের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সংগঠনের তৃতীয় বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়। ৩১ ডিসেম্বর সাংস্কৃতিক সন্ধ্যা ও ইংরেজী বর্ষবরণ অনুষ্ঠান করবে সিফনি ক্লাব। ১ জানুয়ারি ২০২২ থেকে ওয়ারেন সিটির

রায়ান রোডের সিফনি ক্লাবে শুরু হচ্ছে গানের স্কুল, নৃত্যের ক্লাস ও শিশু-কিশোরদের বাংলা শিক্ষার ক্লাস। আগ্রহীরা এতে অংশ নিতে পারবেন। এছাড়া ক্লাবে বিভিন্ন খেলাধুলা ও বিনোদনের ব্যবস্থা থাকবে বলে সংগঠনটির কর্মকর্তা বিজিত ধর মনি জানান। তিনি আরও জানান, ক্লাবের পক্ষ থেকে একটি ত্রৈমাসিক সাহিত্য পত্রিকা বের করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। ‘ভিন্নতার খোঁজে একদল অভিযাত্রী’— এই স্লোগানকে সামনে রেখে তিন বছর আগে মিশিগানে যাত্রা করেছিল সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন সিফনি ক্লাব।

প্রচলিত ধারার বাইরে গিয়ে কমিউনিটির জন্য কিছু করার সংকল্প নিয়ে একদল তরুণ ক্লাবটি প্রতিষ্ঠা করেছিলেন। বিগত তিন বছরে সংগঠনটি গুণী প্রবীণজন সম্মাননা, ‘শুধু নারীদের অংশগ্রহণে নাটক’, ‘বর্ষা মঙ্গল’ সহ বিভিন্ন ব্যতিক্রমী অনুষ্ঠান উপহার দিয়েছে মিশিগানবাসীকে। সংগঠনটির উদ্যোক্তাদের একজন দেবশীষ দত্ত জানান, বাংলা ও বাঙালি সংস্কৃতির লালন ও বিশ্বায়নই তাদের মূল লক্ষ্য। বাঙালি কমিউনিটিকে মূলধারার রাজনীতি ও সামাজিক-সাংস্কৃতিক ধারার সঙ্গে সম্পৃক্ত করার সাক্ষাৎ হিসেবে তাঁরা কাজ করছেন।

কোয়ান্টাম মেডিটেশন সোসাইটির ফ্রী মেডিটেশন প্রোগ্রাম

উত্তর আমেরিকা অফিস

কোয়ান্টাম মেডিটেশন সোসাইটির সাপ্তাহিক ফ্রী মেডিটেশন প্রোগ্রাম এবং বিষয়ভিত্তিক আলোচনা নিয়ে সেমিনার ১৩ নভেম্বর শনিবার জ্যামাইকা, নিউইয়র্ক কোয়ান্টাম লার্নিং সেন্টার হলে অনুষ্ঠিত হয়। সেমিনারের বিষয় ছিল—‘সকল পরিস্থিতিতে আশাবাদী থাকুন, সাফল্য আসবেই’।

সকাল ১০টায় শুরু হওয়া মেডিটেশনসমূহ এই প্রোগ্রামের সঞ্চালনার দায়িত্বে ছিলেন কোয়ান্টাম মেডিটেশন সোসাইটির দায়িত্বশীল মো. রকিবুর রহমান। আলোচক ছিলেন সোসাইটির দায়িত্বশীল মেহজাবীন আহমেদ। এতে উপস্থিত ছিলেন বরণে সংগীতশিল্পী এসআই টুটুল। তিনি দীর্ঘদিন কোয়ান্টামের সাথে চলার অভিজ্ঞতা ও অনুভূতি বিনিময় করেন। মানবতার কল্যাণে কোয়ান্টাম মেডিটেশন সোসাইটি ইউএসএ যেন আরও বেশি বেশি অবদান রাখতে পারে সেই আশা করেন। শুরুতে চারটি মোমবাতির কথোপকথন নিয়ে একটি গল্প দিয়ে আলোচনা শুরু হয়। একটি ঘরে চারটি মোমবাতি জ্বলছিল। প্রথম বাতিটি শান্তি, দ্বিতীয় মোমবাতিটি বিশ্বাস, তৃতীয় মোমবাতিটি ভালবাসা এবং চতুর্থ মোমবাতিটি আশা।

একসময় শান্তি, বিশ্বাস ও ভালবাসার মোমবাতি তিনটি নিভে গেল, নিভু নিভু করে জ্বলতে থাকে আশার বাতি আর এই আশার বাতির আগুন দিয়েই আবার জ্বলানো হলো শান্তি, বিশ্বাস ও ভালবাসার নিভিয়ে যাওয়া বাতি তিনটি। সময়ের শিক্ষাটা হচ্ছে, সব কিছু যখন হারিয়ে যায় তখনও যদি আশা থেকে যায়, তাহলে তার দ্বারা সব ফিরিয়ে আনা যায়।



কোয়ান্টাম মেডিটেশন সোসাইটির ফ্রী মেডিটেশন প্রোগ্রাম। ছবি : সংগৃহীত

সব সময় বিশ্বাস করুন যে, আপনি সুস্থ হবেন। সুস্থতার ব্যাপারে আশাবাদ নিরাময় প্রক্রিয়াকে বেগবান করে।

সেমিনারে বক্তরা বলেন, মুক্তিযুদ্ধের পর নতুন বাংলাদেশ নিয়ে যখন থানিকটা হতাশা নিয়ে, অনেকে তখন বলেছিলেন এ জাতিকে দিয়ে কিছু হবে না। তখন প্রথম আশার কথা বলা শুরু করেছিল কোয়ান্টাম। সেই আশির দশক থেকে। কোয়ান্টাম থেকে জাতিকে দেয়া হলো একটি স্বপ্ন-মনছবি বাংলাদেশ ২০২৫। যারা কোয়ান্টাম কোর্স করেছেন তারা নিশ্চই এই ‘মনছবি বাংলাদেশ ২০২৫’ মেডিটেশনটি করেছেন।

সবার সার্বিক সুস্থতার জন্য মেডিটেশন এখন পরীক্ষিত বৈজ্ঞানিক পদ্ধতি ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি। প্রতি শনিবার সদকায়নে অংশ নিতে অনুরোধ জানানো হয়।

ট্রান্স্পের সহযোগী স্টিভ ব্যাননের আত্মসমর্পণ

উত্তর আমেরিকা ডেস্ক

সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপদেষ্টা স্টিভ ব্যানন যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় তদন্ত সংস্থার (এফবিআই) কাছে আত্মসমর্পণ করেছেন। কংগ্রেস অবমাননার অভিযোগে অভিযুক্ত হওয়ার পর গত সোমবার স্টিভ ব্যানন আত্মসমর্পণ করেন বলে বার্তা সংস্থা এএফপি জানায়। তৎকালীন প্রেসিডেন্ট ট্রাম্পের উগ্র সমর্থকেরা গত ৬ জানুয়ারি কংগ্রেস ভবন ক্যাপিটল হিলে সহিংস হামলা চালায়। এই হামলা নিয়ে কংগ্রেসের শুনানিতে ব্যাননকে তলব করা হয়েছিল। কিন্তু ব্যানন শুনানিতে হাজির হয়ে সাক্ষ্য বা তথ্য-প্রমাণ সরবরাহ করতে অস্বীকৃতি জানান। এ কারণে ব্যাননকে কংগ্রেস অবমাননার অভিযোগে অভিযুক্ত করা হয়।



স্টিভ ব্যানন

গত শুক্রবার যুক্তরাষ্ট্রের একটি ফেডারেল গ্র্যান্ড জুরি ৬৭ বছর বয়সী ব্যাননকে অভিযুক্ত করেন। ফেডারেল গ্র্যান্ড জুরির বিচার শুরুর আদেশের পর প্রেক্ষিতে সোমবার ব্যানন আত্মসমর্পণ করেন। ব্যাননের বিরুদ্ধে কংগ্রেস অবমাননার দুটি অভিযোগ আনা হয়েছে। প্রতিটি অভিযোগের সাজা এক মাস থেকে এক বছরের কারাদণ্ড। কারাদণ্ডের পাশাপাশি জরিমানারও বিধান আছে।

উত্তর আমেরিকায় বাংলা গানের রকস্টার পাঙ্খু

এসএম সোলায়মান

দেশের সীমানা ছাড়িয়ে এখন আরেক বাংলা দেশের বাইরে। বাংলা সঙ্গীতের শিল্পীরা এখন দেশেই নয়, প্রয়াসেও বিচরণ করেন দাপুটের সাথে। উত্তর আমেরিকায় এমনই এক দাপুটে সইলির নাম পাঙ্খু আহমেদ।

আমেরিকা ও কানাডায় বাংলা গানে মাতিয়ে এ সময়ের আইয়ুব বাচ্চু হিসেবে খ্যাত হচ্ছেন তিনি। আধুনিক গানে দাপুটে দখল রয়েছে পাঙ্খুর। মা মাটি ও দেশের গান, পপ সংগীত, আশির দশক থেকে একবিংশ সময়ের গান—সবক্ষেত্রেই তিনি তাঁর দখলাদারিত্ব দেখিয়ে চলেছেন উত্তর আমেরিকার মধ্যে। পেশায় কম্পিউটারে টেকনোলজিস্ট পাঙ্খু আহমেদ। ভক্তদের কারও কাছে আইয়ুব বাচ্চু, কারও কাছে পপ সন্মতি আজম খান হিসেবে পরিচিতি পাচ্ছেন তিনি। স্টেজে বা লাইভে দর্শকদের চাহিদামাত্রই পূর্ণ করেন গানের অনুরোধ।

বাংলাদেশের চট্টগ্রামের সন্তান পাঙ্খু আহমেদ লেখাপড়া করেছেন ঢাকা কলেজে। কানাডার মন্ট্রিয়ালে এখন অবস্থান করছেন। সংগীতের স্রোতের টানেই বয়ে যাচ্ছে তাঁর জীবন।



বাংলা গানের রকস্টার পাঙ্খু। ছবি : সংগৃহীত

গানের সাথে মিলিয়ে পরেন পোশাক। আধুনিক এবং টেকস উপস্থাপনায় নিজেকে গ্রহণযোগ্য করে তুলতে সক্ষম হয়েছেন পাঙ্খু। যে কোন কিংবদন্তির গানই মানিয়ে যায় তাঁর গলায়। সাথে রয়েছে নিজের সৃষ্টি হরের রকম মৌলিক গান।

মিশিগানে করোনা সংক্রমণ বৃদ্ধি

পার্থ সারথী দেব, মিশিগান

যুক্তরাষ্ট্রের মিশিগানে গত কয়েক দিন ধরে করোনাভাইরাস সংক্রমণ বৃদ্ধি পেয়েছে। সোমবার পর্যন্ত আগের তিনদিনে ২১ হাজার ৩৪ জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন এবং ৯৫ জন সংক্রমিত হয়ে মারা গেছেন। গড়ে প্রতিদিন মিশিগানে ৭ হাজার ১১ জন করোনায় আক্রান্ত হচ্ছেন। মিশিগানে এ পর্যন্ত করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন ২২ হাজার ৮৬২ জন এবং আক্রান্ত হয়েছেন ১২ লাখ ৯ হাজার ৭১২ জন। স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। রাজ্যে প্রতিদিন গড়ে ৪০ হাজার মানুষ করোনা পরীক্ষা করাচ্ছেন এবং পজিটিভ রোট হচ্ছে ১৫ দশমিক ৬২ শতাংশ। গত কয়েক সপ্তাহ ধরে হাসপাতালে রোগী ভর্তির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। রাজ্যে করোনায় আক্রান্তদের মধ্যে মৃত্যুর হার ১ দশমিক ৯ শতাংশ। মিশিগানে এ পর্যন্ত ১ কোটি ডোজ করোনার ভ্যাকসিন দেয়া হয়েছে বলে জানা গেছে। এরই মধ্যে রাজ্যে বুস্টার ডোজ ভ্যাকসিন দেয়া শুরু হয়েছে।

এদিকে বৃহত্তর ডেট্রয়েটের বাঙালি-অধ্যুষিত এলাকাগুলোতে করোনার প্রকোপ আবার দেখা দিয়েছে। একাধিক বাঙালি হাসপাতালের নিবিড় পরিচর্যা ইউনিটে (ICU) আছেন।

জাহিদা আলম

আমেরিকার সবচেয়ে বড় কেনাকাটার মৌসুম শুরু হয়ে গেছে। থ্যাঙ্কসগিভিং ডের পরদিন ব্ল্যাক ফ্রাইডেতে রীতিমতো উৎসবের সাথে কেনাকাটা করার প্রথা দীর্ঘদিন থেকে চলে আসছে।

বৃহস্পতিবার মধ্যরাতের আগে থেকেই বিপণিবিতানগুলোতে লাইন পড়তে দেখা যায়। দীর্ঘ সপ্তাহান্তের ছুটিতে থাকা লোকজনকে ক্রিসমাস মৌসুমের কেনাকাটার অধিকাংশই ব্ল্যাক ফ্রাইডেতে করে ফেলতে দেখা যায়। মার্কিন অর্থনীতির জন্য এদিনটিকে খুবই গুরুত্বের বলেও ধরে নেয়া হয়। সাম্প্রতিক সময়ে কেনাকাটার ধরন পাল্টে গেছে। শপিংমলে বা দোকানে গিয়ে কেনাকাটার চেয়ে লোকজন অনলাইনে কেনাকাটার দিকে ঝুঁকে পড়েছে। ব্যবসা প্রতিষ্ঠানগুলোও তাদের বাণিজ্য সুবিধা অনলাইনে সম্প্রসারিত করেছে। ব্ল্যাক ফ্রাইডে উপলক্ষে বিভিন্ন সামগ্রীর বিরাট ছাড় দেয়ার ঘটনা ঘটে। কোন কোন সময় ৫০ থেকে ৭০ শতাংশ ছাড়ে জামা-

কাপড়সহ অন্যান্য সামগ্রী এদিনের কেনাকাটায় পাওয়া যায় বলে লোকজনকে ছমড়ি খেয়ে পড়তে দেখা যায়। করোনা মহামারিপরবর্তী বাস্তবতায় সবকিছুতেই নাটকীয় পরিবর্তন আসছে। ব্যবসা প্রতিষ্ঠানগুলো এখন আগাম ব্ল্যাক ফ্রাইডের মূল্য ছাড় দিয়ে পণ্যসামগ্রী বিক্রি করতে শুরু করেছে। অ্যামাজন, ওয়ালমার্ট, জেসি পেনি, বেস্ট বাই, টার্গেটসহ মার্কিন বাণিজ্য প্রতিষ্ঠানগুলো ওয়েবসাইটে ব্ল্যাক ফ্রাইডের মূল্য ছাড়ের ঘোষণা দিচ্ছে।

এরমধ্যেই ৫৫ ইঞ্চি স্মার্ট টিভি পাওয়া যাচ্ছে ২২৮ ডলারে। কম্পিউটার, সেল ফোন, রান্নাঘরের বিভিন্ন সামগ্রী ২০ থেকে ৪০ শতাংশ ছাড়ে এখনই পাওয়া যাচ্ছে। আমেরিকার সারা বছরের কেনাকাটার সিংহভাগই হয়ে থাকে নভেম্বর থেকে মধ্য ডিসেম্বরের মধ্যে। করোনা মহামারির কারণে গত বছরে এসময় কেনাকাটা প্রত্যাশা অনুযায়ী হয়নি। এবার মার্কিন অর্থনীতি ঘুরে দাঁড়াচ্ছে। ব্যবসায়ীরা মনে করছেন, এবারে প্রত্যাশা অনুযায়ী কেনাকাটা হবে।

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ

Utpal Chowdhury, MD.

Board certified internal medicine

Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়

পরিষেবা/চিকিৎসা

- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টীকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরয়েড
- এজমা
- বাতের ব্যাধা
- যৌন রোগ

TREATMENT / SERVICES

- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL /JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG

Please call for Appointment

At# 917-503-5002

Jamaica office

167-02 Highland Ave, 1st Floor, Jamaica, NY 11432

Phone: (718) 297-4444 & (917) 503-5006

Fax: (718) 297-4443& (917) 503-5005

Office Hours:

Monday & Thursday, 5pm-9pm

Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office

40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373

Phone: (917) 503-5002 & (718) 533-0002

Fax: (917) 503-5004 & (718) 533-0005

Office Hours:

Monday, Tuesday Thursday 9am-3pm

Wednesday & Friday 5pm-9pm

Sunday: Lab. Work only. 9am-1pm

ডাঃ উৎপল চৌধুরী

Tel: 917-503-5002, Fax: 917-503-5004

আমরা প্রায় সব ধরনের ইন্স্যুরেন্স নিয়ে থাকি

যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের ত্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি

We accept all major insurances including Medicare, Medicaid

True Medical Care P.C.

40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373 167-02 Highland Ave, 1st Floor Jamaica, NY 11432

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?

Hard Money 9% Low Income, No Problem

আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

646-920-4799

Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106

Direct Lender

★ ট্যাক্সি ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেস্ট রেট কম
- ইনভেস্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাস্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। এই ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিশ্চয় সেবা গ্রহণ করুন:

- নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্রাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন)
- ক্রিমিনাল (স্টেট/ফেডারেল)
- সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট,
- এন্ট্রিভেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি
- ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস)
- ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী,
- বুক কিপিং ও অন্যান্য
- বাড়ীর ভায়েলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভারশন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/সেট্ট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং ঘোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল ১ মাম ফ্রি

স্পোর্টস, কার্টুন, ফুড প্রোগ্রাম ও
ফ্রী আনলিমিটেড ভিডিও

6:57 AM
Thursday, June 3, 2021

KICK ASS
POMPEII
WHO'S SALT
TED
FOX NEWS

tvdesiBox
Dependable live streaming platform

72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372

718-565-9099

ত্রি়কেটে পাকিস্তানের কাছে বাজে ভাবে হেরেছে ভারত। সত্য হয়নি ভারতীয়দের। হাতের কাছে পাকিস্তানি কেউ ছিলো না। বিকল্প হিসেবে মার খেয়েছে পাঞ্জাবে পড়তে যাওয়া কাশ্মিরী ছাত্ররা। এখানে কিন্তু ধর্ম লাগেনি, মারার জন্য লেগেছে অজুহাত। আর সেই অজুহাত ছিল খেলা। বলতে পারেন, পাকিস্তানীরা মুসলমান, কাশ্মিরীরাও তাই। সেজন্যই তাদের মার খেতে হয়েছে। অর্থাৎ যোগ-বিরোগ করে ফল হিসেবে বলা যায়, মুসলমানদের অনেকেই ভারতীয় বলে মানেন না। মুখে স্বীকার করলেও মন তাদের অন্য কথা বলে।

এটাকে কি সাম্প্রদায়িকতা বলা যায়? না, যায় না। ভারত পাকিস্তানের শত্রুতা এখন দেশজ। যদিও দ্বি-জাতি তত্ত্বের কথা অনেকে তুলবেন। যাঁরা তুলবেন, তাঁদের জ্ঞাতার্থে বলে নিই, দ্বি-জাতি তত্ত্ব পুরো একটা ভাঁওতা। নেতাদের ভাগ করে খাবার প্রবণতা ছিলো এই তত্ত্বের মূলে। এ বিষয়ে যাঁদের পড়াশোনা আছে এবং যাঁরা বোঝেন, তাঁদের নতুন করে বোঝাতে হবে না। যাঁরা বোঝেননি তাঁরা কখনোই বুঝবেন না। আর তাঁদের মত মানুষের জন্যই দ্বি-জাতি তত্ত্বের মূল্য বুলানো। দ্বি-জাতি তত্ত্ব যে ভাঁওতা কাশ্মির তার প্রমাণ।

বাংলাদেশের কথায় আসি। বাংলাদেশ হেরে গেলে কখনো এদেশের হিন্দু সম্প্রদায় আক্রান্ত হয়নি। ত্রিকেটে অনেকবারই হেরেছে বাংলাদেশ ভারতের কাছে। কিন্তু আক্রান্ত হওয়ার ঘটনা ঘটেনি। ভারতকে পরাজিত করা বাংলাদেশের কাছে অন্যরকম আনন্দের যা প্রতিফলনে পরিষ্কার। তখনও কোনো ঘটনা ঘটেনি, কেউ লাল্জিত হয়নি। দেশ-ধর্ম বিষয়ে বাংলাদেশ ও ভারতের পার্থক্যটা এইখানেই। ভারতকে শত্রু ভাবলে বাংলাদেশেও পাঞ্জাবের মতন ঘটনা ঘটতো। সাম্প্রদায়িকতার ক্ষেত্রেও তাই। সুতরাং বাংলাদেশে একশ্রেণির কথিত আঁতেলের দ্বি-জাতি তত্ত্ব বিষয়ক চিৎকার মূলত বুঝে না বুঝে ‘পোন্দ্রা-পণ্ডিতের’ কর্ম।

এরপরেও এই ‘পণ্ডিত’গণ ত্রিপুরার কথা বলবেন। বলবেন, বাংলাদেশের ঘটনার পাল্টা প্রতিক্রিয়াতেই মুসলমানদের উপর আক্রমণ। মোটা দাগে অবশ্য তাই মনে হয়। যেমন, দুটো বাসের মুখোমুখি সংঘর্ষ হলো সড়ক দুর্ঘটনা এবং তা মোটা দাগে। কিন্তু এটা শুধু ঘটনা, কার্য-কারণ নয়। এর পেছনে রয়েছে হয় চালকের অসতর্কতা, যান্ত্রিক ত্রুটি অথবা রাস্তার খানা-খন্দক ইত্যাদি সবের কোন একটা। তেমনি ত্রিপুরা বা বাংলাদেশের সাম্প্রদায়িক সংঘাতের ঘটনাও তাই। আর এই ঘটনার কার্য-কারণটাই আসল। ঘটনাটা মোড়কমাত্র। মোড়ক যাওয়া যায় না, খেতে হয় মোড়ক খুলে ভেতরের জিনিস। মোড়ক বা ছাল খায় বিশেষ একটা চারপেয়েপ্রাণি।

যাকগে, দীর্ঘদিন ধরেই আমি বলে আসছি সংঘাতের জন্য ধর্ম একটি অনুযঙ্গ মাত্র। সংঘাতের পরিচালক মূলত রাজনীতি এবং প্রয়োজক অর্থনীতি। ধর্ম ছাড়াও এর অন্যান্য অনুযঙ্গের মধ্যে রয়েছে বর্ণ, সম্প্রদায় এমনকি খেলাও। যার জন্য আক্রান্ত হয়েছে পাঞ্জাবে কাশ্মিরী ছাত্ররা। ইন্দ্যান্ডের ফুটবল দাম্পা বলা যায় পৃথিবী বিখ্যাত। আমাদের দেশে তো পাড়া-পাড়ায় সংঘাত হয়। দুই

ধর্ম, অধর্ম ও মানব মুক্তির পথ

শেখর ভট্টাচার্য

শেখর ভট্টাচার্য, ২০১৩

ধর্ম মানুষকে বিনয় শিক্ষা দেয়। ধার্মিকেরা সৃষ্টিকর্তার কাছে বিনয়ে নতজানু হন। রবীন্দ্রনাথের মতো ধার্মিকেরা সৃষ্টিকর্তার প্রতি কৃতজ্ঞ হয়ে বলেন, ‘আমার মাথা নত করে দাও হে তোমার চরণধুলার পরে, সকল অহংকার হে আমার ডুবাবু চোখের জলে।’ সব সময় বিনয়ে মাটির সাথে মিশে যেতে চান ধার্মিক মানুষেরা। যেমন পৃথিবীতে আগমনের জন্য, ফুল মাটির প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে রবীন্দ্রনাথের গানের ভাষায় বলে, ‘ধন্য আমি, ধন্য আমি মাটির পরে ধার্মিকেরাও প্রতি ক্ষণে সৃষ্টিকর্তার প্রতি নানাভাবে কৃতজ্ঞ হয়ে লুটিয়ে পড়েন। প্রকৃত ধার্মিকেরা সত্যক্ থাকেন তাঁদের আচরণে কোন মানুষ যাতে অন্তরে ব্যথা না পায়। সৃষ্টিকর্তার সৃষ্টিকে ভালোবেসে পরম দয়াময়কে ভালোবাসার অনুভূতি পান ধার্মিকেরা। প্রতিটি ধর্মের নির্দিষ্ট করে দেয়া আচরণের বাইরে এ’ কথাগুলো সকল ধর্ম এবং ধার্মিকের জন্য মৌলবাণী। অন্য ধর্ম অন্য মতের অধিকার প্রতিষ্ঠার জন্য নিজের জীবন উৎসর্গ করারও উদাহরণ আছে আমাদের এই উপমহাদেশে। ধার্মিক মানুষেরা মাটির উপর দিয়ে হেঁটে যাওয়ার সময় চিন্তা করেন তাদের পদস্পর্শে মাটি যেন আঘাত না পায়। সেরকম মানুষ কি করে হিংস হয়ে যায়, ধর্মের নামে? সম্প্রতি কুমিল্লায় সংঘটিত সাম্প্রদায়িক হামলায় যারা যুক্ত ছিলো, তারা কী প্রকৃত ধার্মিক? ধার্মিক মানুষেরা কি অগ্নিসংযোগ, লুণ্ঠন, মানুষকে হত্যা করতে পারেন? সকল শুভমুখিসম্পন্ন মানুষের ধারণা প্রকৃত ধার্মিকেরা এরকম নিষ্ঠুর সাম্প্রদায়িক নির্যাতনে অংশগ্রহণ করতে পারেন না। যারা এ কাজটি ধর্মের নামে করেছে তাদেরকে কোন অর্থেই ধার্মিক বলা যায় না। পবিত্র ধর্মগ্রন্থে এরকম আদেশ, নির্দেশ কোথাও নেই যে মানুষকে নির্যাতন করে ধর্মগ্রন্থ অবমাননার প্রতিশোধ নিতে হবে।

আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে আমার জানামতে কবিদের মধ্যে সবচেয়ে বেশি সাম্প্রদায়িক হিংসার শিকার হতে হয়েছে। তাঁর হৃদয় ছিল মানুষের প্রতি ভালোবাসায় পরিপূর্ণ। তিনি ইসলাম ধর্মের মৌলবাণী ধারণ করে প্রচুর হামদ, নাত যেমন রচনা করেছেন; একইভাবে সনাতন ধর্মের অনুসারীদের জন্য অত্যন্ত উচ্চমানের শ্যামা সঙ্গীতও রচনা করে গেছেন। ধার্মিকদের জন্য তাঁর হৃদয়ভরা ভালোবাসা ছিল। কিন্তু ধর্ম ব্যবসায়ী, ভণ্ডদের জন্য ছিল না। কী আশ্চর্য, তাঁর মৃত্যুর পর তাঁর বাণীকে অধার্মিকেরাই সবচেয়ে বেশি ব্যবহার করেছে। তিনি ছিলেন বাঙালির ইতিহাসের সবচেয়ে পরিপূর্ণ ‘মানুষ’, ‘ধার্মিক’ এবং ‘বাঙালি’। তাঁর চরিত্রে ভণ্ডামির লেশমাত্র ছিল না। নজরুল তাঁর সারাটি জীবন সংকীর্ণ সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়ে গেছেন। নজরুলকে বাঙালি প্রধান দুটি সম্প্রদায়ের মৌলবাদীদের বিরুদ্ধে লড়ে যেতে হয়েছে। নজরুলকে তাঁর আদর্শের পক্ষে নিজেকেই দাঁড়াতে

ধর্মকে অধর্মের মূল যারা ভাবেন সামাজিক পরিচিতির তত্ত্বটা তাদের অজানা

কাকন রেজা



পাড়ার মধ্যে লেগে যায়। এই লেগে যাওয়াতে ধর্ম লাগে না।

এ কথাটাই আমি বলে আসছি। বলে আসছি ‘সোশ্যাল আইডেন্টিটি’ কীভাবে গড়ে ওঠে, কেন গড়ে ওঠে সে ব্যাপারে। ‘সোশ্যাল আইডেন্টিটি’ শুধু একটা কিছুর উপরই নির্ভর করে না। ইদানিং অবশ্য দৃ’একজন ‘তাজফেল’র ‘সোশ্যাল আইডেন্টিটি থিওরি’ নিয়ে কথা বলছেন। তবে আমাদের বেশিরভাগ ‘পোন্দ্রা-পণ্ডিতগণ’ সামাজিক পরিচিতির এই তত্ত্ব সম্পর্কে ওয়াকিবহাল নন। তাঁদের অনেকেই ‘হেনরি তাজফেল’

এর নামই শোনেননি। অন্তত কয়েকজন ‘রামবুদ্ধিজীবী’কে জিজ্ঞেস করে তাই মনে হয়েছে। আবার বলি ‘রাম’ মানে বড়। ‘রামবুদ্ধিজীবী’ মানে বড় বুদ্ধিজীবী। আর অনেকেই ‘সোশ্যাল আইডেন্টিটি’র তত্ত্ব যায় না মাথায় দেয় তাও জানেন না। এই না জানাওয়ালাগণ হচ্ছেন সামাজিকমাধ্যমের বুদ্ধিজীবী। তাঁদের মধ্যে অনেকে আবার ‘তালিকাভুক্ত’। এঁদের কেউ কেউ আবার ‘রামপদবি’ ধারণ করেন। রামের ব্যাখ্যা তো আগেই দিয়েছি। ‘সোশ্যাল আইডেন্টিটি থিওরি’ অনুযায়ী, সংঘাতের কারণ

শিশুদের ভ্যাক্সিন, বাবা-মায়ের স্বস্তি

অগণন মানুষ নানাভাবে নির্যাতিত হয়ে পঙ্গুত্ববরণ করেন। লক্ষ কোটি মানুষের তাজা রক্ত দিয়ে স্বাধীনতাত্তোর বাংলাদেশে লেখা হয় বাহান্তরের সংবিধান। সে সংবিধানে শহীদদের প্রতিশ্রুতি অনুযায়ী উঠে আসে জাতীয়-তাবাদ, ধর্মনিরপেক্ষতা, গণতন্ত্র ও সমাজতন্ত্র। মনে রাখতে হবে, বাহান্তরের সংবিধান হলো বাঙালি জাতির সাথে বাংলাদেশের লিখিত চুক্তি। সে’ চুক্তি থেকে বিচ্যূত হওয়া শহীদদের রক্তের শপথ থেকে দূরে সরে আসা। বাংলাদেশ রাষ্ট্রের মৌলনীতি থেকে পথ ভ্রষ্ট হওয়া। কী আশ্চর্য! গত কয়েক বছর, পথে ঘাটে ধর্ম সভার নামে বাহান্তরের সংবিধানের প্রতি বিদ্বেষদাপার করা হচ্ছে। বলা হচ্ছে, ধর্মনিরপেক্ষতা নাকি আমাদের মুক্তিযুদ্ধের অঙ্গীকারের মধ্যে ছিল না। স্বাধীনতাপ-রবতী সময়ে ধর্মনিরপেক্ষতাকে জাতির ওপর চাপিয়ে দেয়া হয়েছে। এরকম কথা বলে সাধারণ মানুষদের বিভ্রান্ত করা হচ্ছে। এরকম বিভ্রান্তি ছড়ানোর পরও সংবিধান অবমাননা, মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতির জন্য রাষ্ট্রি তাদেরকে বিচারের সম্মুখীন করেনি। শ্লাঘাতে আক্রান্ত খুলন দাসকে জামিন না দিয়ে মাসের পর মাস কারাগারে থাকতে হয়। কিন্তু সংবিধান ও মুক্তিযুদ্ধকে অবমাননাকারীদের রাষ্ট্র ও সুশীল সমাজ চ্যালেঞ্জ জানাতে ভয় পায়। নীরবতার সংস্কৃতি গ্রাস করে সমাজ, রাজনীতি ও প্রশাসনকে।

আমাদের সকলের নাগের ডগায় বেড়ে উঠেছে অসংখ্য বিষাক্ত ষ্ণাপদ, যে ষ্ণাপদের বিষ নিঃশ্বাস আমাদের ঘাড়ের ওপরেই পড়ছিল। আমরা সকলেই খুব ভালভাবে তাঁদের উচ্চ নিঃশ্বাস সারা শরীরজুড়ে অনুভব করছিলাম। আমরা অনুভব করে, অনুভব না করার ভান করে যাচ্ছিলাম অনেক দিন ধরে। এরকম করে করে আমরা সর্বনাশের প্রায় শেষ সোপানে এসে পড়েছি। এখনও সময় আছে, আমরা আশাবাদী আমাদের তরুণদের প্রতি, যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাম্প্রদায়িকতাবিরোধী নাটক মঞ্চায়ন করে এরকম গ্রহণ বেলায়। আমরা আমাদের দেশের শুভশক্তিসম্পন্ন মানুষদের বিশ্বাস করি যাঁরা সম্প্রীতি বজায় রাখার জন্য সারাদেশে সম্প্রীতি সম্মেলন করে বেড়াচ্ছেন। যাঁরা কুমিল্লা, সিলেট, রংপুর, সাতক্ষীরা, চট্টগ্রামের সাম্প্রদায়িক হামলায় আক্রান্ত মানুষের পাশে এসে দাঁড়িয়েছেন তাঁদের ভালবাসার ষ্ণণ বাংলাদেশ শোখ করতে পারবে না।

বাংলাদেশকে বাঁচাতে হলে প্রয়োজন রামু থেকে শুরু করে কুমিল্লা পর্যন্ত সংগঠিত সকল সাম্প্রদায়িক হামলার নেপথ্যের কুশীলবদের ধরে এনে সম্পূর্ণ বিচারকার্য সম্পাদন করা। দোষী ব্যক্তিদের শাস্তি দিয়ে দৃষ্টান্ত স্থাপন করা। যদি আমরা তা করতে ব্যর্থ হই তাহলে কুমিল্লার পরের ঘটনার জন্য আমাদের প্রস্তুত হতে হবে। এরকম হামলার পেছনের মানুষদের সাহসের সীমা অতিক্রম করলে ভোটের রাজনীতির হিসাব হয়ত মিলবে। কিন্তু মুক্তিযুদ্ধের বাংলাদেশকে আর পাওয়া যাবে না। আমরা নিশ্চয় ত্রিশ লক্ষ শহীদের জীবনের দামের এবং তাঁদেরকে দেয়া প্রতিশ্রুতি থেকে সরে আসব না। যদি না আসি, তাহলে এখনই সময়, সৃষ্ট বিচার-প্রক্রিয়া শুরু করা এবং সফলভাবে বিচারের সমাপ্তি ঘটানো।

অনেকগুলো।। এর মূল বিষয়টি হচ্ছে আমাদের ও তোমাদের ঘিরে। আমরা বা আমাদের এই গোষ্ঠীটি নানাভাবে গর্বিত হতে পারে। হতে পারে নিজের দেশের পরিচয়ে, সম্প্রদায়গত দিকে, ধর্মীয় এমনকি সাংস্কৃতিক আচরণেও যা হয়ে উঠতে পারে সংঘাতের কারণ। হেনরি তাজফেল থেকে সরাসরি উদ্ধৃত করি। তাজফেল বলেছেন, ‘We divided the world into “them” and “us” based through a process of social categorization.’ আমরা ও তাহারা’ই মূলত সব সংঘাতের মূলে। এই আমরা আর তাহারা নির্ধারণ করে দেয় একটি রাজনৈতিক সমাজ, যে সমাজ নির্মাণ করে অর্থনীতি।

সাংস্কৃতিক সংঘাতের কথা বললাম, তাজফেল থেকে সে কথাও তুলে ধরি, ‘cultures may result in racism; in its extreme forms, racism may result in genocide, such as occurred in Germany with the Jews, in Rwanda between the Hutus and Tutsis and, more recently, in the former Yugoslavia between the Bosnians and Serbs.’ এখন প্রশ্ন হলো সংস্কৃতি বলতে আসলে কী বোঝায়। আমাদের ‘পোন্দ্রা-পণ্ডিত’দের মতে, গান-বাজনা, নাটক-থিয়েটার এগুলো? না, সংস্কৃতি মানে মানুষের সামগ্রিক যাপিত জীবন। এরমধ্যে রয়েছে ‘সঙ্গম’ তথা যৌনতাও। সংস্কৃতি মানুষকে ভিন্নতা দেয়। গড়ে তোলে সামাজিক বৈচিত্র্য। অবশ্য এ নিয়ে আলাপ তোলা সময়সাপেক্ষ এবং এ লেখা দীর্ঘ হবে। আর দীর্ঘ লেখা ক্ষেত্রবিশেষে বিরক্তির কারণ ঘটায়। সুতরাং সংস্কৃতির আলাপটা অন্য সময়ের জন্য তোলা থাক।

মূল কথায় ফিরি। যাঁরা বলেন, ‘ধর্মই অধর্মের মূল’ তাঁরা শ্রেফ অন্ধের রাজ্যে বাস করছেন। তাঁরা জানেন না, মানুষের সামাজিক পরিচিতি শুধু ধর্মের উপর নির্ভর করে না। ধর্ম বিষয়টি যদি তুলে দেয়া হয় তবু সংঘাত হবে। আমাদের ও তোমাদের ভিত্তিতে যে সংঘাত। সে সংঘাত হতে পারে বর্ণ নিয়ে, খোদ অ্যামেরিকা যে সংঘাতে ভুগছে এবং ভুগবে। হোয়াইটসুপ্রিমিস্টরা এই সংঘাতেরই চর্চা করছেন। সম্প্রদায় নিয়ে হতে পারে, ছতু-টুটসি’র কথা তো তাজফেল বলেছেন এবং তা অনেকেরই জানা। ভারতে রয়েছে উচ্চবর্ণ আর নিম্নবর্ণের সংঘাত। ধনী ও গরিবের সংঘাত তো আছেই। খেলা নিয়েও আছে। ব্রাজিল ও আর্জেন্টিনা নিয়ে খোদ আমাদের দেশেই তা ঘটে গেছে। কোথায় বিশ্বকাপ ফুটবল, কোথায় ব্রাজিল-আর্জেন্টিনা, তা নিয়ে সংঘাত হয় আমাদের দেশে, আজব না।

সুতরাং এরপরেও যাঁরা ধর্মকে টাগেটি করেন, সেই টাগেটের মধ্যে রয়েছে মূর্খতা নয় অর্থনীতি ব্যাকড রাজনীতি। এর বাইরে কিছু নেই। মুশকিল হলো মূর্খতা ও উদ্দেশ্যের বিপরীতে এসব লেখা অন্ধের দেশে চশমা বিক্রির সমান। অবস্থা দেখে মনে হয়, আমরা মূলত সেই চশমা বিক্রেতাই।

কাকন রেজা : লেখক ও সাংবাদিক।

শিশুদের ভ্যাক্সিন, বাবা-মায়ের স্বস্তি

এম আর ফারজানা

শিশুদের ভ্যাক্সিন, বাবা-মায়ের স্বস্তি

শিশু মানে আগামীরা ভবিষ্যৎ। আজ যে শিশু, কাল সে হতে পারে দেশের কর্ণধার। হতে পারে পরিবারের হাল ধরার নাবিক। করোনা থেকে শিশুদের নিরাপদ রাখতে যুক্তরাষ্ট্রে ৫ থেকে ১২ বছর বয়সী শিশুদের টিকা দেয়ার পরিকল্পনা করেছে। অন্ধকার ভেদ করে সূর্য যেমন আলো দেয়, তেমনি একটা শিশু পরিবারে আলো হয়ে আসে। সংসারের শত টানপোড়েনের মাঝেও বাবা- মা সর্বোচ্চ চেষ্টা করেন তাঁদের বাচ্চাদের যত্ন করে বড় করবে। একটু অসুস্থ হলেই তাঁদের বুকে ধড়কড়ানি শুরু হয়। আমার বাচ্চার কী হলো— এই ভেবে অস্থির হয়ে পড়ে। ছুটে যান ডাক্তারের কাছে সব কাজ ফেলে। সবকিছুর বিনিময়ে চান সন্তান ভালো থাকুক। সেটা শিক্ষিত হোক বা অশিক্ষিত পরিবার হোক,ধনী বা দরিদ্র সব বাবা-মায়ের অনুভূতিগুলো একই।

পরিবারের একটা শিশু মানে

আনন্দের স্রোতধারা। তাই বাচ্চা একটু অসুস্থ হলেই বাবা-মায়ের দুর্গশ্চিন্তার শেষ নেই। বাচ্চার ঝুলে যাচ্ছে ঠিকই,কিন্তু বাবা-মা সবসময় একটা টেনশনকে থাকেন কখন না আবার ভাইরাসে আক্রান্ত হয়। এমন হয়েছে সাধারণ সর্দি-জর হলেই বাবা-মা আতঙ্কে ভোগেন ভাইরাস হলো কিনা—বাবা-মায়ের এমন দুর্গশ্চিন্তা অবসান হতে চলেছে। করোনায যে কোন শিশু আক্রান্ত হয়নি তা নয়। অনেক শিশুই আক্রান্ত হয়েছে। এর থেকে শিশুদের নিরাপদ রাখতে যুক্তরাষ্ট্রে দুই কোটি ৮০ লাখ শিশুকে টিকা দেয়ার পরিকল্পনা করেছে। টিকা উদপাদনকারী কোম্পানিগুলো ইতিমধ্যেই তাদের টিকা অনুমোদনের জন্য জমা দিয়েছে।

অনুমোদন পেলেই শিশুদের টিকা দেয়া শুরু হবে। এমন খবরে বাবা-মা খুশি। আর হবেনবা না কেন, কারণ একটা পরিবারে শিশু অসুস্থ হলে সেই পরিবার থেকে আনন্দ হারিয়ে যায়। আর সব বাবা-মা চান তাঁর সন্তান নিরাপদ থাকুক। শিশুদের নিরাপদ রাখতে যুক্তরাষ্ট্রে দুই কোটি ৮০ লাখ শিশুকে টিকা দেয়ার পরিকল্পনা করেছে। টিকা উদপাদনকারী কোম্পানিগুলো ইতিমধ্যেই তাদের টিকা অনুমোদনের জন্য জমা দিয়েছে।

আজকের এই শিশুদের থেকে হয়ত আগামীতে বের হয়ে আসবে বড় কোন বিজ্ঞানী, গবেষক। কারণ আজ যাঁরা ভ্যাক্সিন আবিষ্কার করছেন তারাও একসময় শিশুই ছিলেন। সুন্দর হোক আর যাবে না। এর সাথেই আমাদের

শিশুদের ভ্যাক্সিন, বাবা-মায়ের স্বস্তি

বসবাস করতে হবে। তাই ভ্যাক্সিন হচ্ছে একমাত্র উপায় যার থেকে আমরা বাঁচতে পারি। আক্রান্ত হলেও প্রতিরোধ করার মত শক্তি যেন আমাদের থাকে। আর তা ভ্যাক্সিনের মাধ্যমেই সম্ভব। সারা বিশ্বে করোনায় মারা গেছে লক্ষ লক্ষ মানুষ। এই আমেরিকাতেই প্রায় সাত লাখ মানুষ মারা গেছে। অনেকে আক্রান্ত হয়ে মৃত্যুর দুয়ার থেকে ফিরে এসেছেন। তবে তাঁরা সুস্থ হলেও দেখা দিয়েছে নানা সমস্যা, বিশেষ করে অনেকেই স্ত্রিস্থিতি লোপ পেয়েছে। অনেকেই নিকটাতীত ভূলে যাচ্ছেন দ্রুত। ফলে ভবিষ্যতে সুন্দর করে চলতে হলে ভ্যাক্সিনের বিকল্প নেই। এই ভ্যাক্সিন একবিংশ শতাব্দীর এক সাফল্যমণ্ডিত অর্জন। এত অল্প সময়ে এই ভ্যাক্সিন আবিষ্কার করে করোনার রাস টেনে ধরত তা ভাবতেই পারেনি অনেক বিজ্ঞ মানুষ। কারণ ভ্যাক্সিন তৈরি এমন নয়, এক তুরিতেই হয়ে গেলে। এটা সময়সাপেক্ষ ব্যাপার। গবেষণার ব্যাপার। কমপক্ষে তো পাঁচ বছর লাগার কথা। কিন্তু সেই সময়কে সংক্ষিপ্ত করে অল্প সময়ে গবেষকরা, বিজ্ঞানীরা তাঁদের অক্লান্ত পরিশ্রম দিয়ে আবিষ্কার করেছেন করোনা ভ্যাক্সিন। লাপাম টেনে ধরেছেন করোনারা। মনে হচ্ছিল গবেষকদের সাথে ভাইরাসের এ এক লুকোচুরি খেলা। ভাইরাস হতই রূপ বদলাচ্ছে, গবেষকরা তাঁদের গবেষণা, বিজ্ঞানীরা তাঁদের আবিষ্কার আরও তড়িৎ করে তুলছেন। এখন বাচ্চাদের জন্য ভ্যাক্সিন প্রস্তুত। হয়ত সামনে একমুহুরে আসবে আমরা করোনার সাথেই বসবাস করছি অহেতুক দৃশ্চিন্তা ছাড়া এই ভ্যাক্সিনের কারণ।

গবেষকদের এই আবিষ্কার মাইলফলক হয়ে থাকবে ইতিহাসের পাতায়। কেউ অমর নয়, তবে সবাই চায় জীবন উপভোগ করতে। তাই শিশুকাল থেকে শুরু করে বৃদ্ধ হওয়া পর্যন্ত আমাদের বাঁচার ষ্ণণ পালক রঙিন। আমরা বাঁচতে চাই যেকোন কিছুর বিনিময়ে হলেও। আর শিশুরা তো ফুলের মত, এই বয়সে এরা থাকে নিম্পাপ, অবুরা। একজন বয়স্ক মানুষ হয়ত তাঁর জীবনের অনেক ধাপ পার করে আসেন ,অভিজ্ঞতা সঞ্চয় করেন। কিন্তু শিশুরা তাদের জীবন শুরু করে মাত্র। তাই এখনই যেন করোনার কারণে ষ্ণণ তাদের জীবন থেকে সরে যায়। তাই গবেষকদের চেষ্টা। আজ হয়ত যুক্তরাষ্ট্রে বাচ্চারা পাবে। সামনে অন্যান্য দেশেও পাবে। বিশেষ করে এশিয়াতে। জীবন-মৃত্যু স্ট্রিকিদের হাতে। আবার তিনি এও বলেছেন, জীবন বাঁচানো ফলজ যে কোন পরিস্থিতিতে। সত্যি তো জীবন থাকলেই তো আমরা স্বপ্ন দেখব, আনন্দ করব ,সামনে এগিয়ে যাব। আর শিশুরা নিরাপদ থাকলে আমাদের ভবিষ্যৎ উজ্জ্বল হবে।

আজকের এই শিশুদের থেকে হয়ত আগামীতে বের হয়ে আসবে বড় কোন বিজ্ঞানী, গবেষক। কারণ আজ যাঁরা ভ্যাক্সিন আবিষ্কার করছেন তারাও একসময় শিশুই ছিলেন। সুন্দর হোক আর যাবে না। এর সাথেই আমাদের

নটরিয়াস রুট ৬৬

রহমান মাহবুব

চামৎকার একটি ভ্রমণ পরিকল্পনা ছিল। ভ্রমণটি শেষও হয়েছে অত্যন্ত সুন্দরভাবে। একমুহূর্তের জন্য বিরক্ত হননি কেউ। ক্লাস্তিও তেমন একটা অনুভব করেননি কেউ।

সাত জনের একটি দল। সুশৃঙ্খল
চার দলের অগ্রণ। নিউইয়র্ক জেএফকে
যেমনে ডেল্টা এয়ার লাইন্সের একটি
ফ্লাইটে ও নভেম্বর বুধবার সকালে
লাসভেগাস এয়ারপোর্টে নামি আমরা।
গাড়ি আগে থেকেই বুক দেখা ছিল।
এয়ারপোর্ট-খেলগা অভিন্স রেন্টাল
থেকে ফোর্ড এক্সপেডিশন গাড়িটি পিক
আপ করি। অত্যাধুনিক প্রযুক্তি সমন্বিত
এই গাড়িতে সাতজন হাত-পা ছেড়ে
বসার এবং সবাব ব্যাগ-ব্যাগেজ রাখার
পর্যাপ্ত স্পেস রয়েছে। গাড়ি চালানো
কবি এবং সাংবাদিক দর্পণ কবীর, এটা
আগে থেকেই ঠিক করা ছিল। সিরকা
রিসোর্ট হোটেলে অ্যান্ড পার্কসিনো।
বিলাসবহুল হোটেলে। অভূত আদলের
একটি ভবন। ভোগসের

কেন্দ্রীয় এলাকার এই হোটেলটিতে আমাদের সাত জনের জন্য কামরা বুক দেয়া। এক কাজটি এবং পুরো ভ্রমণ পরিকল্পনাটি করেছেন শাহ জে চৌধুরী। শাহ চৌধুরী নিউইয়র্কের ব্যবসায়ী। বাংলা চ্যানেল নামে একটি টিভি চ্যানেলেরও কর্ণধার তিনি। গ্রুপের বাকি সদস্যদের সাথে পরামর্শের ভিত্তিতে করা পরিকল্পনা। এই ভ্রমণ সম্পন্ন হয়েছে অত্যন্ত সুচারুভাবে।

দর্পণ কবীর, শাহ জে চৌধুরী ছাড়া এ
গ্রপের বাকি সদস্যরা হলেন, একজন
একেএম ফজলুল হক, এক
নিউইয়ার্কের বিখ্যাত ব্যবসায়ী। হক এন্ড
সঙ্গের কর্ণধার তিনি। জাকার আহমেদ
রাশেদ। ঢাকা থেকে এবারের নিউইয়ার্ক
বাংলা বইমেলায় যুক্ত হতে আসা একজন
কবি এবং ব্যক্তি ঘর প্রকাশনার প্রধান
নির্বাহী রাশেদ ভাই। আরেক সজ্জন হেলাল
উদ্দিন। নিউইয়ার্কের আরেক সাংবাদিক
তোফাজ্জল লিটন। এই ছয়জনের সাথে
আমিও এই গ্রপের সদস্য।

হোটেলে পৌঁছানোর আগেই রাস্তায়
হালকা খেয়ে নিয়েছিলাম আমের। সন্ধ্যায়
একটি নিমন্ত্রণ আসছে। কারো বাসায়
গিয়ে খাওয়ার নিমন্ত্রণ নয়। হক ভাইয়ের
বড় ছেলে ভোগাসে স্থানীয় চিকিৎসক। ডা.
সোহাগ আমাদের দলটিকে ডিনার
কারবনে একটি রেস্টুরেন্টে। ভোগাস
নগরীর প্রাণকেন্দ্রের যেখানে এ
রেস্টুরেন্ট পড়েছে, বিকিনি পরা নানা
বয়সের গির্জা পরীসের আর্থ বিক্রণ এ
এলাকায়। ঘোরাঘুরি করে সে এলাকাটি
একটু পথক করে নিলেন সবাই। এখানেই
বড় প্রসিদ্ধ লাসভোগাস স্ট্রিপ। সারিবদ্ধ
আপেক্ষক ভাসিনো হোটেলে।

নিয়ন-সবুজ, উজ্জ্বল, কোথাও একটু
হট পিংক, আবার একটু অন্ধকার। সোয়া
চার মাইলের দ্বিপিষ্ট হেঁটে হেঁটে
অবলোকন করে উপভোগ করার মতো
সৌন্দর্যে ভরপুর হয়ে
আছে। লাসভেগাস। জুয়ার ফ্লোরের
পাশাপাশি, বিস্তীর্ণ হোটেল কমপ্লেক্সে
বিভিন্ন ধরনের দোকান, রেস্তোরাঁ।
মধ্যমান থেকে শুরু করে অত্যন্ত
উচ্চমানের। সঙ্গীত, কমডি এবং সার্ভিস-
স্টাইলের অভিনয়, পারফরম্যান্স চলছে
এখানে। সবই এই লাসভেগাসে স্থিাপে।

বেল্লাজিওর উদ্ভয়ন, কোরিওগ্রাফ করা
ফেশ্যারা এবং হাই রোলার পর্যবেক্ষণ
চাকার মতো আকর্ষণগুলোর কারণে
এখানে ভিড় জমেই থাকে। বিশ্বের নানা
কোনা থেকে আগত পর্যটকদের ভিড়।
যারা সেখানে যায়, একদিনে তাদের
মনমই ভরে না। মন ভরা তো দূরে থাক।
উপভোগের অদম্য এক পিপাসা নিয়ে
এরা ফেরে।

ডা. সোহাগ আমাদের জন্য একালায় একই রকমের খাওয়ার জন্য বলকি দিয়ে রেখেছিলেন। আধো অন্ধকারে, মোমবাতি জ্বালিয়ে রাখা একটি বড় গোলটেলি থিরে আমরা আটজন খেতে বসেছিলাম। চমৎকার স্বাদের স্টেক, সুস্বাদু নানা সি-ফুডসহ একটি হ্যাপি ডিনারের আয়োজন ছিল সেখানে। তৃপ্তির সাথে খাওয়ার পর আবার দুই প্রকারের ডেজার্ট চলে আসে। হোলান দিয়ে অর্ডার করে আনিয়ে তা উপভোগ করি। ডিনারের পর ফটোসেশন চলে।

আফসেরে কাজে টেক্সাস যাবেন
সোহাগ। এয়ারপোর্ট পৌঁছতে হবে। বাবা
এবং তার ভ্রমশপালীদের কাছ থেকে বিদায়
নেন তিনি। হোটেল ফেরার পথে শাহ জে
চৌধুরী সবার সাথে কথা বলে নেন। রুমের
পোর্টাল পর বে যা র মতো করে ঘোরাঘুরি
করতে বের হওয়া যাবে। তবে সকাল
সাতটা উঠে তৈরি হতে হবে। আরজিনে
রাজ্যে অবস্থিত গ্র্যান্ড ক্যানিয়নের উদ্দেশে
যাত্রা শুরু করতে হবে। সিরিকা রিসোর্ট
হোটেলটি শুধুমাত্র গাণ্ডবয়স্কদের জন্য।
লাসভোগাস নগরীর প্রথম এমন হোটেল।
উনিশ টানেবের প্রাণবক্শে অবস্থিত।

৩৪তলা এই ভবনের প্রথম দুই তলাছুড়ে
মেশিনখা ক্যাসিনো। অনেকগুলো নাচের
মঞ্চে মঞ্চে নাচ চলছে। একের পর এক নর্তকী
বদল হচ্ছে। অর্ধনগ্ন, এমনকি প্রায় নগ্ন
সুন্দরীরা। ভোগাসের নানা রিসোর্ট
এতেলের ক্যাসিনো ফ্লোরগুলোতে
বিবোদিত দিতে সাদা প্রস্তুত থাকে এই
তরুণীরা। দুটি দলে বিভক্ত হয়ে
ক্যাসিনো গেমিং মেশিনগুলোতে
খেলছেন অনেকে। ঘুরছেন ক্যাসিনোর
কোরিডরে মঞ্চগুলো। পরীয়া অর্ডারের নাম
করে ফ্লোরে কর্মরত লাসাময়ী স্বল্প
পোশাকের নারীদের কেউ কাছে ডেকে
কথা বলেছেন। এসব কিছুই যে জানা
নানাভাষা সাঁ। সেটা বোঝা গেল সকালবেলা।
নাচের আসর। প্রান্ত ক্যাসিনোয়
করছেন, কে কত ডলার জিতেছেন বা
হেরেছেন ক্যাসিনোটা। কেউ কখন জবাব
দিচ্ছেন না। সবাই নিরবতা ইঙ্গিত দেয়-
লাসভোগাসে যাই ঘটেছে তা
লাসভোগাসেই থাকবে। আর কোথাও না।
সবাই শহরে এ নিয়ে আলাপ হবে না।
নিজ এখন নীতিতে বিশ্বাসী। স্বল্প থেকেই
এ অঞ্চলের আবহাওয়া ছিল
সন্তোষজনক। প্রান্ত ক্যাসিনয় যাওয়ার
নিশ্চয় পথেও তাই। মরুভূমির চালের কেটে
সবলগতি হইওয়ে। দীর্ঘ পথ। পাশ গেছে
শত শত মাইল একেবারে সমতল
সরলরেখায়। উট-নিচু, আঁকাবাঁকা পাহাড়ি
সরল আরও কত শত মাইল। দু'পাশের
নান্দাভিঙ্গাম দৃশ্য। খাঁ খাঁ রৌদ্রের মরুপাশ।

নীল আকাশ, গতিময় সাদা মেঘের খণ্ড।
সুদৃশ্য পথের কোথাও পাহাড়ের খাড়া ঢালু
বেয়ে নেমে গেছে আমাদের গাড়ি।
চোখের সামনে ভেসে এসেছে দূরে নীল
জলের কোন লেক। এর সৌন্দর্য্য দেখে
শব্দ করে উচ্ছ্বাস প্রকাশ করেন

সহযাত্রীরা দর্পণ কবীর দক্ষতার সাথে
গাড়ি চালানোই না শুধু, রসাত্মক নানা
কথাবার্তায় বিনোদন দিয়ে মাতিয়েও
রাখলেন সবাইকে। একের পর এক
কৌতুক শুনিয়েছেন হেলাল উদ্দিনও।
কখনো হালকা। কখনো অট্টহাসিতে ফেটে
পড়েছেন সবাই। কৌতুক গুরুর আগেই
হয়েছে ফেলেছেন কখনো।

গ্র্যান্ড ক্যানিয়ন ন্যাশনাল পার্ক, অ্যারিজোনা। অমণের দ্বিতীয় দিন। ৪ নভেম্বর বৃহস্পতিবার দুপুরে আমরা সেখানে পৌঁছাই। বিপুল সংখ্যক গভীর গিরিখাদ। এখানে লাল পাহাড়, পাথরের শুরুর শৃঙ্খল। লক্ষ লক্ষ বছরের ভূতাত্ত্বিক ইতিহাসের বিদর্শন। ভিউপয়েন্টগুলোই অমণের মধ্যে রয়েছে ম্যাকার পয়েন্ট, ইয়াহাভাই অমণের অজবাবের স্টেশন এবং হুপটি মেরি কোকোনের লুকআউট স্ক্রিডও। রয়েছে ডেজার্ট ভিউ ওয়াচ টাউওয়ার। সূর্যোদয় এবং সূর্যাস্তের সময়, ক্যানিয়ন এবং কলোরাডো নদীর বিস্তৃত দৃশ্যই লিপান পয়েন্টটিও জনপ্রিয়।

গ্র্যান্ড ক্যানিয়ন এমন এক বিস্তীর্ণ প্রাকৃতিক দৃশ্যের চমৎকার সম্ভার। একদিনে অবলোকন করের শেষ হয় না। পিছুঠান থেকেই যায়। লাল পাহাড়, ধূসর উপত্যকার অশুশ্য সৌন্দর্যের লীলাভূমে কয়েক ঘণ্টা থাকার পর, অতৃপ্ত নিয়েই আমরা ৪ নভেম্বর সূর্যোস্তের পূর্বেই গ্র্যান্ড ক্যানিয়নকে পেছনে রেখে লস এ্যাঞ্জেলেসের উদ্দেশে গাড়িতে চড়ে বসি। আরিজোনার লাল পাহাড়ী অঞ্চল থেকে আবার নেভাদা রাজ্য হয়ে ক্যালিফোর্নিয়ার লস এ্যাঞ্জেলেস পর্যন্ত ড্রাইভ। দর্পণ কবীর ড্রাইভ করছেন। তাঁর ভ্রমণসঙ্গীনে প্রত্যেকেরই ড্রাইভিং লাইসেন্স ছিল। কিন্তু গাড়ি চালানোয় দর্পণ কবীরের ভালবাসা এবং অভিজ্ঞতা দেখে বাকিরে এই দায়িত্বটি তাঁর ওপরে ছেড়ে দিতে স্বাচ্ছন্দ্যবোধ করছিলেন।

গ্র্যান্ড ক্যানিয়ন এবং লস
 এ্যাঞ্জেলেসের মধ্যকার একটি হাইওয়ের
 নাম 'রুট ৬৬'। এটিকে 'নটোরিয়াস রুট
 সিক্সটিসিক্স' বলা হয়ে থাকে। নানা রোড
 ট্রিপ সিনেমাতেও ফিচার্ড হয়েছে এই রুট
 ৬৬। এর বিষয়ে বলা হয়, এখানে ড্রাইভ

করলে বার বার ফিরে আসতে মন চাইবে। আমাদেরও এমন অনুভূতিই হয়েছে।

প্রখ্যাত ক্যানিয়ন থেকে ভেভারলি হিলস পর্যন্ত ড্রাইভ করার পর করল দর্পণ কবীরও একই অনুভূতি প্রকাশ করছিলেন। জিপিএস বলছে আমরা রাত দশটার দিকে লস এ্যাঞ্জেলেস পৌঁছাব।

লস এ্যাঞ্জেলেস। একটি বিস্তৃত দক্ষিণ ক্যালিফোর্নিয়ার নগরী। এদেশে চলচ্চিত্র এবং টেলিভিশন শিল্পের কেন্দ্র। আইকনিক ‘হলিউড’ হাইলি হাইলিও এর প্যারামাউন্ট পিকচার, সানটানার্সাল এবং ওয়ার্নার ব্রাদার্সের মতো স্টুডিওগুলো এখানে। এখানে হলিউড বুলেভার্ডে, টেমিসেলি চাইনিজ থিয়েটার। ওয়াক অব গিট। সেলিব্রিটিদের হাত এবং পায়ের ছাপ প্রদর্শনের ব্যবস্থা। সেলিব্রিটিদের নাম, তাদের বাড়ির ম্যাপ বিক্রি করে স্থানীয় হকাররা। পর্যটকরা ম্যাপ অনুসরণ করে প্রিয় তারকার বাড়িটি চিহ্নিত করতে পারেন। এমন একটি নগরীতে আর কয়েক ঘণ্টার মধ্যে পৌঁছাব। অন্যকম উত্তেজনা ছিল সবরা মধ্যে। এই গ্রুপের অনেকেই প্রথমবারে মতো ওয়েস্ট কোস্ট ভ্রমণ করছেন। শাহ জে চৌধুরী ফোন করে সাধে কথা বলে, লস এ্যাঞ্জেলেস নগরীর বাংলা বাজারে আদালিনস্কে রেস্টুরেন্টে আমাদের রাতের খাবারের আয়োজন করে রেখেছিলেন। সাত জন বাঙালি দীর্ঘ ০৬ ঘণ্টা ভাত না খেয়ে। শুধু জাফর আহমেদ রাশেদই কোন, সবাই আমরকই নাহা বাঙালিানা খাবার তুস্তির সাথে খেয়েছিলাম। এরপর নগরীর ডাউন টাউনের মিলেনিয়াম হোটেলে গিয়ে বিশ্রাম নিয়েছেন সবাই। ৫ নভেম্বর শুক্রবার সকাল। লস এ্যাঞ্জেলেসের আবহাওয়া উজ্জ্বল এবং নাতিশীতোষ্ণ ছিল। নাস্তা সেরে আমরা বেরিয়ে পড়েছিলাম অয়েম্বল করতে। গ্রিফিত অবজারভেটরিতে গিয়েছি আমরা। পাহাড়ের গায়ের হলিউড সাইনকে পটভূমিতে রেখে এবং নানা বিখ্যাত স্থাপনার ছবি ওঠানো হয়েছে আমাদের। দুপুরের খাবার স্থানীয় একটি রেস্টুরেন্টে হয়েছে। সেখানে বাঙালি কর্মভিনিতা

নেতৃবৃন্দের সাথে মতবিনিময় হয়েছে। একটি বিজনেস মিটিংও ছিল। এরপরই লস এ্যাঞ্জেলেসের রাস্তায় হাটতে বেরিয়ে পড়েছিলাম আমরা। ডেবারলি হিলসসহ হলিউডের পরিচ্ছন্ন আবাসিক এলাকায় হেঁটে বেড়িয়েছি। মনে পড়েছে ‘ডেবারলি হিলস নাইন ও টু ওয়ান ও’ নামে একটি মূলধারার চিত্রি সিরিয়াল নব্বই দশকে খুব নামা করেছিল। সেলিব্রিটিদের আবাসস্থল ডেবারলির জিপকেড ৯০২১০। আংশিক বেলেভার্ডাম সিরিজটি। সান্তা মনিকা পেরেডোই হ্যাঁরা সময় মনে হয়েছে সেই সময়ের ঘটা হাইপ্রোফাইল ও জে সি স্পিন্সন মামলা। মনে পড়েছে জাজ্জ ইটো, এটর্নি জনি করবান। ও জে সি স্পিন্সন, একজন কিংবদন্তি ফুটবল খেলোয়াড়। নিজের স্বেতজ্বী নীকোল ব্রাউন স্পিন্সন হত্যা মামলায় তাঁর জাজ্জি পড়া। মামলার শুরু হয়েছিল ১৯৯৪ থেকে দুই যুগ আগের, ১৯৯৪ সালের ১৭ জুন ক্যালিফোর্নিয়ার ফ্রীওয়েতে দ্রুত গতিতে চলা ফোর্ড ব্রঙ্কো জীপকে দুর্ধর্ষ তড়াচাড়া করেছিল লস এ্যাঞ্জেলেস পুলিশ বিভাগ। ধরা হয়েছিল ও জে’কে। পুরো ঘটনাটি লাইভ টেলিভিশনে বিশ্বের মানুষ অবাক হয়ে দেখেছিল। তৃপ্তসহকারে মামলার শেষে রাস্তায় হেঁটে, সন্ধ্যার পর ডিবারলি সান লস এ্যাঞ্জেলেস এয়ারপোর্ট চলে যাই আমরা। সেখানে আভিস পার রেন্টোলে, লাসভেগাস থেকে রেন্ট করে নিয়ে আসা গাড়িটি জমা দিই। রাত এগারোটার ফ্লাইটে সানফ্রান্সিস্কোর উডস্টক আরও একটি ডেল্টা ফ্লাইটে উঠে বসি। মাত্র এক ঘণ্টা ১৬ মিনিটের ফ্লাইট। অমধ্যরাতের একটু পরে সানফ্রান্সিস্কো পৌঁছাই। এয়ারপোর্ট থেকে আরও একটি রেন্টাল গাড়ি নিই। রাস্তার ম্যাক সেরে হোটেলে গিয়ে সবাই ঘুমিয়ে পড়ি।

নভেম্বর শনিবার। সানফ্রান্সিস্কো ক্যালিফোর্নিয়া। সুন্দর আবহওয়া। সহনীয় তাপমাত্রা। সকালবেলা উঠেই ঐতিহাসিক গোল্ডেন গেট ব্রিজ দেখতে চলে যাই। নয়নাভিরাম দৃশ্য দেখে দেখে গাড়ি নিয়ে ব্রিজটি পার হয়ে যাই। অপর পারের একটি স্পটে থেমে গোল্ডেন গেট, সানফ্রান্সিস্কো বে' এবং ব্রিজটির দৃশ্য

অবলোকন ছিল রোমাঞ্চকর। আশ্চর্যের মধ্যে প্রাকৃতিক এবং প্রযুক্তিগত সৌন্দর্যের মিশ্রণের এক লীলাভূমি এই কোলাকটি। এখানে রয়েছে একটি স্মৃতিসৌধও। গোল্ডেন গেট থেকে নোঁথান কোরে মেরিন, মেভি এবং উৎকল্লরক্ষী নাবিকের যাত্রা শুরু করত যুদ্ধজাহাজ যখন প্রশান্ত মহাসাগর অভিমুখে যাত্রা করে গোল্ডেন গেটের উত্তর সীমান্তের এই স্থানটি পার হতো। নাবিকরা শেষবারের মতো বাড়ির দিকে তাকাতো। এরপর শুরু হতো অজানার উদ্দেশে, অসীম দিগন্তের দিকে যাত্রা। কেউ ফেরে আসত, কেউ আর কখনো ফিরত না। যুদ্ধরাস্ত্রের তৈসব নাবিকের প্রতি শ্রদ্ধা রেখে সেইরই হায়ে এই স্মৃতিসৌধ। সেখানে ছবি ওঠানোর পর্ব শেষে, ঘণ্টাখানেক ড্রাইভ করে সিলিকন ভ্যালিতে পৌঁছাই আমরা। ফেসবুক, গুগল, আমাজন ইত্যাদির হেডকোয়ার্টারগুলো ঘুরে ঘুরে দেখছিলাম। সম্প্রতি নাম পরিবর্তন করে ফেসবুক এখন ‘মেটা’ এর হেডকোয়ার্টার প্রধানের পুরাতন ফেসবুক সাইনবোর্ড সরিয়ে মেটা নামে আকর্ষণীয় সাইন বোর্ড প্রতিস্থাপন হয়েছে। আমরা সেটার পটভূমি ছবি উঠিয়েছি। আরও উচ্চতর ভিডিও ছবি মেটা নিয়ে ছবি উঠাতে আমাদের এই ভ্রমণ প্রোগ্রামের শেষদিন। সিলিকন ভ্যালির পরে নগরীর নানা জায়গায় অপরিকল্পিতভাবে ড্রাইভ-থ্রু করছি আমরা সে পর্যায়ে একটি পাহাড়ী অঙ্কত সুন্দর জায়গা পেয়ে যাই। এটি এবং আরও কয়েকটি জায়গায় গিয়ে ছবি ওঠানো যাবে। আরও একটি ভাল লাগার শহর সানফ্রান্সিসকো পেছনে ফেলে আমরা এখানে ফিরে আসার স্পৃহা হৃদয়ে নিয়ে সন্ধ্যা সাতটায় এয়ারপোর্ট চলে যাই। চোখে-মুখে একটি সুন্দর, সফল ভ্রমণের মুগ্ধতা। রাত এগারোটায় নিউইয়র্ক মুন্স্টারি ফ্লাইটে উঠি আমরা সাত জন বাসায় পৌঁছাব রোববার ভোরের রোববার, ঘুমানো যাবে। সোমবার থেকে নিউইয়র্কের কোলো। আবার শুরু সোমবার কর্নওয়াল্ড। তবে নিউইয়র্ক আমাদের ভালবাসার। আমাদের হোম সুইট হোম!



কবিতা বা গল্প কিংবা
উপন্যাস, যাই হোক
না কেন, সবই সৃষ্টির
যন্ত্রণার মতন
লেখকের চিন্তায়
জেগে থাকে। শুধুমাত্র
কলমে-কাগজে কিংবা
কিবোর্ড-মনিটরে
উগরে দিলেই সে
যন্ত্রণার উপশম সম্ভব।
আর সেই উপশমিত
যন্ত্রণাই হলো সাহিত্য।
সাহিত্য চর্চার বিষয়।
কথাটা সত্যি। কিন্তু
এর পেছনের মূল
সত্যিটা হলো নিজের
চিন্তায় সাহিত্যের
অবস্থান। সাহিত্য যদি
কারো ভেতর না থাকে
তাহলে চর্চার প্রশ্ন
আসবে কোথা থেকে।
রফিক আজাদ যেমন
বলেছেন, ‘বনকে
বিন্যস্ত করে, তবেই
উদ্যান’। উদ্যান হতে
হলে আগে তো বন
থাকতে হবে। সাহিত্য
হলো সেই বিন্যস্ত বন,
যাকে উদ্যান বলা
হয়। আমাদের প্রচেষ্টা
সেই উদ্যানকে
পাঠকের সামনে
উপস্থিত করা। যেন
তাদের মন জুড়ায়।
তৃপ্ত হয় তাদের
আকাঙ্ক্ষা। অব্যাহত
থাকবে আমাদের সেই
প্রচেষ্টা, আজকে যার
শুরু হলো। এইচ বি
রীতা

ঐ রূপ হেরি এই দর্পণে

অপরান্ন সুসমিতো

গোলাপের গোপনে গোপিনী আজ গুরুগম্ভীর।
গুলবাহার শাড়ি পরে...নাভিতে ধূপ ধোঁয়ায় গোপুুলি হলে
গ্রীবা উচিয়ে গর্জন করে চুমু করে চুপিসারে।
ডুমুর রঙ্গা শাড়ি পরে ডালিম খেতে খেতে
ড্যান্ডা ব্যব করে তাকিও না তো, আমাকে
ডাকাত ডাকছো? ডাকো এসো আমাদের
ডেরায় গড়ে উঠুক সেই সাকো।
চিমা তালে গান করছিলাম আমি,
চান্দ পথ বেয়ে ঢেউ গুনি, চলো থামি,
ঢাক বাজুক ঢুলুঢুলু, ঢাকাই শাড়ি তোমাকে
দিলাম, চলো দুজনে নামি।
তিতির পাখির মতো তিতাস নদীতে তুমি স্নান করছিলে
তুরীয়ানন্দ, আশ্চর্য তিমিরনাশক তুমি, যেখানে তিমিরপুঞ্জ,
শোনো তুমুল তুবড়ি বাজিয়ে এই তালেবর জানাই,
তুমি তাপহর কবিতাকুঞ্জ। দনুজদলনীর মতো লাগছে
তোমাকে, দিঘল দিঘির দিনেশে
দেবভাষা শেখাব শিখব, দেয়া করো।
দিব্যোদক সকালে এসো দীক্ষিত হই দয়াময় দরাজে।
ধূপছায়া ধুলোর মতো ধীমান স্বপ্ন দেখি দুজন, ধনশ্রী গাইবে তুমি
আমি ধনাধী হবো ধনুর্ধার হবো,
ধারণ করো আজ এই নিবিড় কুজন।

ব্যর্থ

ভজন দত্ত

শেষ শব্দটিকে
সুপারফাস্ট ট্রেনে বিদায় জানাতে
গিয়ে দেখলাম, বন্ধ জানালা।
একবার ফিরেও দেখলো না
হাত নাড়া!
শূন্য প্লাটফর্ম
বুকের ভেতর বিমিয়ে থাকা
মুক ও বধির পাগলিটা
মুঠো খুলে এসে দাঁড়ায়
শেখা হয়নি চোখের ভাষা
বুঝতে পারিনি চোখের কথা
গুগল নিমজ্জিত দুচোখ
শব্দটিকে আদর দিয়ে হৃদয়ে বসাতে পারিনি...

অশ্রু-অসুখ

বেনজির শিকদার

বুকের ভেতর—
একটা অসুখ— দিচ্ছে তাড়া;
চোখের ভেতর—
বইছে নদী— দিশেহারা।

প্রেমতিয়াসী—
মনটা আমার— এই বিষাদে;
পুড়ছে ভীষণ—
নির্জনতার— গোপন হ্রদে।

উথলে ওঠা—
দুখের জোয়ার—বড্ড ভারী;
বিষাদ-ব্যথায়—
খুব গোপনে— আহাজারি।

সুখগুলো সব—
ঘুরছে শুধু— উষ্ণা বেগে;
চিবুক তিলে—
রক্তক্ষরণ— আন্তিযোগে।

ক্রমশ কেবল—
আস্বাদনে— বোধের ফারাক;
ভালোবাসায়—
অশ্রু মিশে— বৃষ্টি ঝরাক।

নিখিল তরুর—
নগ্ন ঠোঁটে— মৌনতা চাষ;
খুঁজবো বলো—
কোথায় পাবো— সরল নিবাস?

বইছে দেখো—
জলের নদী— আন্তেধীরে;
বিধুর লগন—
পাখিরা সব— ফিরছে নীড়ে।
আকাশ নীলে—
হাওয়াই জাহাজ— ওই সুদূরে;
আলোর তিয়াস—
হাতছানি দেয়— অন্তপুরে!

ভাবছি বসে—
সেইতো তুমি— দূরের তারা;
আসতে যদি—
একটু কাছে— বাঁধনহারা!


কেমন হতো?
ডাছকবেলার— গল্প হলে!
হারিয়ে যেতো—
বুকের ক্ষত— কল্প ছলে!

কিইবা হতো—
একটু কেবল— আমার হলে?
ভাসিয়ে গেলে—
ভেতর-বাহির— চোখের জলে!

আত্মহনন

কেয়া ওয়াহিদ

অসহ্য সুন্দর রোদসী
সন্মোহনী নীল চুইয়ে পড়া ব্লাশন আলো,
রোদ চশমার ফ্রেমে পেঁজা তুলো মেঘ,
আহ্নিক গতিপথে উত্তপ্ত লু হাওয়া,
অসহনীয় হয়ে উঠেছে বিরতিহীন ৩৯ ডিগ্রী তাপমাত্রা...
তৃষার্ত বিটপী পল্লব, বৃষ্টিবন্দনায় কাঠবিড়ালি,
যৌবনবতী ফুলের অকাল বার্ধক্য দেখে আমার মায়া হয়,
শাখা ছিন্ন করতে গেলে তারা ফিরিয়ে দেয়
ফুলদানীতে মলিন মৃত্যু।
কোমল উষ্ণতা হারায় মধ্যাহ্নের প্রখরতায়,
উপেক্ষার তালা বুলে সদর দরজায়—
অতঃপর,
অপেক্ষায় থেকে থেকে একটি প্রাপ্তবয়স্ক দিন
আত্মহনন করে প্রেমিকার অভাবো।



যাবো আমি চলে

জেবুন্নেছা জোৎস্না

মধ্যরাতে ধবল জ্যোৎস্নায় সবাই ঘুমিয়ে গেলে
বৃক্ষরা জেগে ওঠে। বনের মাঝে ঘর আর ঘরের মাঝে
মন রেখে, কোন এক যোগিনী আমায় ডাকে!
ত্রিবেণী দুলিয়ে মায়ার ঢোলীর সংসার ছেড়ে
যশোর রোড ধরে, আমি যাই নেমে পথে!
যে গল্প হয়নি বলা তোমায় পত্রমোচী সবুজে
কৃষ্ণচূড়ার কৈশোরে, মুছেছে যে স্মৃতি
মৎস্য-শৈবালের জল পল্লবে বাদামী ডায়াটমে—
সে গল্প যেতে চায় তোমার সাথে বহুদূর
সত্যিসেঁতে মসের স্পোরের বুকে উঁছ গন্ধে!
বিষম্ন সে সন্ধ্যায় ঝরাপাতার বেদনায় চাঁদ ডুবে গেলে,
ঝিঁঝিঁর ঐকতানের সন্ধ্যা সংগীতে—
যুগপৎ বিভাজনে জন্ম নেবে উত্তরাধিকার
তখনও কারো আন্তিনের মলাটে! এমনই এক সন্ধ্যায়
যাবো আমি চলে, যে সন্ধ্যায় গিয়েছো তুমি
আলোর আনন্দকে অতিক্রম করে রাতের প্রগাঢ় আত্মহানো!

জবা নামের মেয়েটি খুব সুন্দর

আশরাফ আহমেদ

সামছুদ্দীন মাহমুদ রচিতো ‘জবা নামের মেয়েটি’ ৮টি ভৌতিক গল্পের সংকলন। প্রতিটি গল্প চান্যচুরের মতোই মচমচে ও সুস্বাদু। এক কথায় চমৎকার। প্রথম পুরুষে লেখা সবগুলো গল্প ভৌতিক হলেও প্রতিটি নিজস্ব বৈশিষ্ট্যে উজ্জ্বল, একটির সাথে অপরটির স্থান, কাল ও পাত্রের মিল নেই। অনেকটা সহজ, কিন্তুতোষ ধাঁচে লেখা। একটি পড়া শেষ করে তাই অপরটি পড়ার নেশা পেয়ে বসে।

গল্পগুলোর বিশেষত্ব হচ্ছে ভয় উদ্বেক করার বাইরেও প্রতিটিতে রয়েছে স্থান, পরিবেশ বা পেশার নতুন নতুন তথ্য যা গল্পকে পূর্ণাঙ্গ করে তোলে এবং পাঠকের তৃষণা মেটায়। বর্ণনায় নেই কোনো আভিশয্য, কিন্তু পরিমিতিবোধ খুব সুস্পষ্ট। প্রবাসে যারা বাংলা সাহিত্যের চর্চা করেন, তাদের অধিকাংশ লেখাই পেছনে ফেলে আসা জীবনের স্মৃতিকাতরতায় ভরা থাকে।



দেড় দশক থেকে আমেরিকায় বাস করা সামছুদ্দীন মাহমুদ সেই বেড়াজাল ছিন্ন করেছেন। পাঁচটি গল্পই লিখেছেন

আমেরিকায় যাঁপিতো জীবনের বিভিন্ন ঘটনা উপলব্ধ করে, যার চরিত্রগুলোও বাঙালি নয়। কাজটি অধিকাংশ লেখকের জন্যই খুব সহজ নয়। ভুতুড়ে গল্প বলতে আমরা সাধারণত গায়ে কাঁটা দেয়া মানুষের

লেখক সামছুদ্দীন মাহমুদ
পর্যবেক্ষণশীল,
পরিমিতিবোধ-সম্পন্ন,
সমমর্মী ও পাঠকের প্রতি
দায়বদ্ধ সুলেখক

অশরীরী প্রেতাত্মাজাতীয় কিছুকেই জানি। কিন্তু ‘ম্মোকি মাউন্টেনের সাদা বাইসন’ গল্পে তিনি গুরু জাতীয় একটি পশুর প্রেতাত্মাকে দিয়ে আমাদের ভয় পাওয়ানোর কাজটি সুচারুরূপে সম্পন্ন করেছেন।

‘জেসিকা ব্রাউন ও ৩৪০ নম্বর বাড়িটি’ পড়লে এদগার এলান পো’র বিখ্যাত ‘চিসিং পো’ গল্পটির কথা মনে পড়ে যায়, কিন্তু একটি থেকে অপরটি সম্পূর্ণ আলাদা। বাংলাদেশে আমরা যারা বড় হয়েছি, তারা কমবেশি পড়েছি বা শুনেছি। অথচ চমৎকার লেখার গুণে ‘মাছথেকো ভূত’ গল্পটির আবেশন হ্রাস পায়নি কোনোমতেই। লেখকের সাথে আমার পরিচয় দুদিন আগে, ৬ নভেম্বর শনিবার সন্ধ্যায় ঢাকা থেকে আগতো ‘স্বদেশ শৈলী’র একজন সম্পাদক-প্রকাশক অনন্ত উজ্জ্বলের সাথে সৌজন্য-সাক্ষাৎকার অনুষ্ঠানে। আমি ‘স্বদেশ-শৈলী’র উপদেষ্টামণ্ডলীর সদস্য। সামছুদ্দীন মাহমুদ বসেছিলেন ঠিক সামনের চেয়ারে, আমার মুখোমুখী হয়ে। সংক্ষিপ্ত বক্তব্য দেয়ার সময়ই জেনেছিলাম তিনি নিউইয়র্কের ‘ঠিকানা’ পত্রিকায় নিয়মিত কলাম লিখে থাকেন এবং একটি বইও প্রকাশ

করেছেন। তখন গায়েপড়ে সামান্য আলাপচারিতায় তাকে কোনোমতেই চৌকস মনে হয়নি। ভালো লিখবেন তাও মনে হয়নি! তবুও উপযাজক হয়ে তার বইটি পড়তে চেয়েছিলাম। টাকা সেধেছি, বিনয়ে তিনি তা প্রত্যাখান করেছেন। ‘ভূত ও আমি –একই প্রতিবিম্ব’ গল্পের বিপরীতমুখী দুটো ভূত চরিত্রের মতোই লেখক সামছুদ্দীন মাহমুদ এবং সেদিন সামনে বসে থাকা সামছুদ্দীন মাহমুদের মাঝে আমি কোনো সামঞ্জস্য খুঁজে পাইনি।

লেখক সামছুদ্দীন মাহমুদ পর্যবেক্ষণশীল, পরিমিতিবোধ-সম্পন্ন, সমমর্মী ও পাঠকের প্রতি দায়বদ্ধ সুলেখক। ৭২ পৃষ্ঠার পকেট সাইজের বইটি ২০২১ সালে ঢাকা থেকে প্রকাশ করেছে ‘স্বদেশ শৈলী’ নামের প্রকাশনা সংস্থা। প্রচ্ছদ ঐকছেহ্ন ধ্রুব এষ। আমি বইটির বহুল প্রচার কামনা করি।



LAW OFFICE

এসাইলাম, বিনিয়োগ ও বিয়ের মাধ্যমে
গ্রীনকার্ড; স্টপ ডিপোটেশন;ক্রিমিনাল,
ডিভোর্স,বাড়ীর ভায়েলেশন রিমোভ,
রিয়েল এস্টেট,ট্যাক্স সমস্যার সমাধান,
ফোরক্লোজার স্টপ ও হার্ড ক্যাশ লোনা
এক্সিডেন্ট/পার্সোনাল ইনজুরী।
Rafi : 917-432-7458



এক চিলতে রোদ্দুর আজ আকাশে। না, কাল নিউইয়র্ক যাওয়া হচ্ছে না কারন আমাদের ভ্রমণবিলাস পরিকল্পনায় কিছুটা পরিবর্তন এসেছে। কাল আমরা ফ্রান্‌কেনমাথ (Frankenmuth) নামে একটি সুন্দর জার্মান শহর দেখতে যাব। এটি মিশিগান স্টেটে পড়েছে বলে একে আবার ‘Michigan’s Little Bavaria’ বলেও ডাকা হয়। মিশিগানের হ্যামট্রামাক শহর থেকে এর দূরত্ব ১০৬ মাইল বা ১৭১ কিলোমিটার, গাড়িতে করে সেখানে যেতে প্রায় পৌনে দুই ঘণ্টার মতো সময় নেয়। স্বপ্নের পালে হাওয়া লাগিয়ে আজ দলবঁধে নিজেদের গাড়ি করে চলে এলাম সবাই এখানে। বিমান,ট্রেন বা বিলাসবহুল বাসে চড়েও ইচ্ছে করলে আসা যায় এ জায়গায়। মূলত ১৮৩০ সালে জার্মান থেকে আসা লোকজন এই শহরে এসে বসতি গাড়েন, যারা তাদের নিজস্ব কৃষ্টি সংস্কৃতিকে সযত্নে লালন করে চলেছেন এখনও। এখানকার রেষ্টোরাঁসমূহে চমৎকার সব জার্মান খাবারে ভরপুর,সাথে রয়েছে তাদের দেশীয় বিয়ারসহ অন্যান্য সব পানীয়। Frankenmuth একটি জার্মান শব্দ, যা জার্মানির ব্যাভারিয়া(Bavaria) রাজ্যের ফ্র্যান্‌কেন (Franken) বা Franconia) প্রদেশের নাম। মাথ (Mut বা Muth) আর একটা জার্মান শব্দ যার অর্থ হল গিয়ে সাহস। হ্যাঁ, সাহস আর মেধার সমন্বয়ে এরা এখানে গড়ে তুলেছে অন্য এক ভুবন। বহুতল ভবন খুব একটা চোখে পরেনি এখানে। ছোট্ট নদীর ধারে একেবারে তাদের নিজস্ব ঐতিহ্যের সাথে খাপ খাইয়ে যায়, সব স্থাপনা বিনির্মানে স্থাপত্যকলার এদিকটায় মনোনিবেশ ছিল তাদের অনেক বেশি। অনেক পরিব্রাজক এখানে এসে সন্দিগ্ধ হন এই ভেবে যে,তারা কি জার্মানির ব্যাভারিয়া রাজ্যে না আমেরিকার ফ্র্যান্‌কেনমাথ শহরে বিবরণ করছেন ভেবে!

একেবারে প্রাকৃতিক পরিবেশে গড়ে ওটা এই শহরে এসেই, আমার চোখ-মন জুড়িয়ে গেল। ছিমছাম একেবারে পরিচ্ছন্ন শহর এটা। যেন শিল্পীর তুলিতে আঁকা বলে ভ্রম হয়। সবচেয়ে লক্ষণীয় হলো, ফুলের পরিচর্যা, চারপাশে যেদিকে চোখ যায় কেবল ফুল আর ফুল। এমনকি শহরের রাস্তার দুধারের লাইট পোস্টিসমূহ লতাজাতীয় (Climbers) ও অন্যান্য প্রজাতির নানা রং বেরংয়ের ফুলেল গাছে সুশোভিত। এর বাইরে বাড়ি ঘরের আশেপাশে রয়েছে নজরকাড়া সব ফল এবং সজির বাগান, যা দেখতে দেখতে অনেক সময় পার হয়ে গেল। আমেরিকা তথা বিশ্বের নানান জায়গা ঘুরে দেখার সুযোগ হয়েছে আমার, কিন্তু এর মতো ফুলে-ফলে সজ্জিত এমন সুস্টিনন্দন শহর একটিও অদ্যবধি চোখে পড়েনি আমার। অনেক সুসজ্জিত দোকানপাট, এর একটিতে ঢুকে সবাই যার যার পছন্দ মতো কেনাকাটা করলাম। দাম তুলনামূলক বিচারে একটু বেশি হলেও, গুনগতমানের উৎকর্ষতার কথা আর বলার অপেক্ষা রাখে না এখানে। এরপর গেলাম মোটরসাইকেল রাইড করতে, যেখানে নির্দিষ্ট একটা সময় সীমার জন্য সাইকেল নিয়ে নির্দিষ্ট কিছু রাস্তায় ঘুরে বেড়ানো যায়। অনেকদিন পর এমন একটি রাইড বেশ উপভোগ্য এবং রোমাঞ্চকর, যা কোন রাজ্য জয় করার মতো ব্যাপার বলে

মনে হল আমার কাছে!

এই শহরের বাসিন্দাদের অনেকের সাথে কথা বলে বোঝা গেল, বাগান মানেই যে ফুলে ফুলে ভরা বিশাল কোনো জায়গা হতে হবে তা কিন্তু নয়। প্রকৃতিকে ভালোবাসলে যে কেউ ছোট্ট বাড়ি বা ফ্ল্যাটে থেকেও বাগানের সাধ মেটাতে পারেন। জার্মানদের নানাভাবে করা শখের বাগান সে কথাই জানিয়ে দেয় সবাইকে। শহরের কোলাহল থেকে একটু দূরে, নিরিবিলি পরিবেশে ছোট্ট একটি বাগানের শখ বা প্রকৃতির সাথে খানিকটা বন্ধুত্ব গড়তে কার না মন চায়! তবে এদেশের মতো শীতপ্রধান দেশে বাগান করার সময়কাল মাত্র কয়েক মাস। তাই বাগানটি ফুলে ফুলে ভরে তুলতে শীতকালের শেষ দিকে বা বসন্ত আসার সাথে সাথেই বাগানের কাজ শুরু করে দেয় এখানকার বাসিন্দারা, যেন গ্রীষ্মকালের সুন্দর আবহাওয়ায় বাগানে বসে সকালের নাস্তা করা, বন্ধুবান্ধবের নিয়ে বার্ষিকিউ পুরোপুরি উপভোগ করতে পারা যায়। সবকিছু দেখার পর কেন জানি আমার কাছে মনে হতে থাকল, It’s a state within a state! মিশিগান রাজ্যের ভিতরে এ শহর যেন আর এক রাজ্য!

বাড়ির সামনের জায়গাটুকুতে সাধারণত নানা রঙের চোখজুড়ানো ফুল আর ভেতর বা পেছনের বাগানে অনেকে আপেল,আঙুর, চেরি বা অন্যান্য ফলের

গাছও লাগায় এরা। আর প্রায় প্রতিটি বাগানের এক কোণায় থাকে কিচেন গার্ডেন, অর্থাৎ টমেটো, ধনেপাতা, পেঁয়াজকলি, মরিচ, পুদিনা পাতার মতো রান্নায় প্রয়োজনীয় নানা ভেষজ পাতা । আর যাদের বাগান নেই তারা এ সব লতাপাতা বাড়ির বারান্দা বা রান্নাঘরের রেলিংয়ের টবেই লাগিয়ে ফেলেন অনেক যত্নে, যা কিনা সালাদ বা রান্নার স্বাদ বাড়াতে চট করেই তুলে নেওয়া যায়। স্বাস্থ্যচেতন অনেক জার্মান গৃহিনী আবার কিচেন গার্ডেনে সারের পরিবর্তে চায়ের পাতা, ডিমের খোসা, আলুর খোসা কিংবা চাল ধোয়া পানি দিয়ে থাকেন।

জার্মানরা মনে করেন, জানালা দরজা হচ্ছে বাড়ির ‘ভিজিটিং কার্ড’। তাই বকবক্কে তকতকে জানালা দরজার কাঁচ বা পর্দাই শুধু নয়, তারা জানালার রেলিংয়ে রাখেন নয়নজুড়ানো ফুল। আর গরমকালে ব্যালকনিতে লাগাতে দেখা যায় টমেটো, ঝুরেবির মতো ছোট ছোট ফল বা সবজি আর ফুল, যা খুব সহজেই ফ্ল্যাটের ব্যালকনিকে করে তোলে আকর্ষণীয়। ফ্ল্যাটবাসীদের মধ্যে যাদের ব্যালকনির বাগানে মন ভরে না, তাদের জন্য রয়েছে ‘শ্রেবারগার্টেন’ একশ বছরেরও আগে শুরু হয়েছিল এই শ্রেবারগার্টেন বা শখের বাগানের চল। শহরের কোলাহলে থেকে খানিকটা দূরে ছোট ছোট বাগান, সাথে ছোট্ট একটি কাঠের ঘর, যেগুলো অল্প দামে কেনা বা

ভাড়া নেওয়া যায়। তবে যারা অর্গানিক পদ্ধতিতে চাষ করেন তাদের মূল্যের ক্ষেত্রে কিছুটা ছাড় দেওয়া হয় । এখানকার জার্মান বাসিন্দারা তাদের দেশজ প্রথা ভুলে থাকতে পারেননি, তাই এমনি ধরনের অনেক বাগানের দেখা মেলল এই শহরে।

শ্রেবারগার্টেন বা শখের বাগানের ভেতরের ছোট ছোট রাস্তা দিয়ে হেঁটে গেলে দেখা যায় বাগানপ্রেমীরা কি যত্ন ভালোবাসা দিয়ে, মনের মাধুরী মিশিয়ে বাগান করেন। বেশ ক’বছর হয়ে গেল আমি এদেশে এসেছি, দেশে সবুজ পরিবেশে বেড়ে ওঠা ও কাজ করার কারণেই কিনা জানি না প্রবাসজীবনের শুরু থেকেই এরকম শখের গোছানো যে কোন বাগান প্রচণ্ড কাছে টানে আমায়। তাই এসব সখের বাগান বা স্বপ্নের নন্দনকাননের সুরু রাস্তা দিয়ে হেঁটে বেড়াতে গিয়ে মুগ্ধতার অন্যরকম এক আবেশ মনে ভর করে আমার। আমি বিন্মিত হতে থাকলাম এই ভেবে যে, এত অল্প জায়গায় পরিকল্পনা মার্কিন সব কিছু করায়। কী সুন্দর ছোট্ট ছোট্ট গাছে কি সুন্দর তাজা টকটকে আপেল, আঙুর, চেরিফলের মতো লোভনীয় ফল। ফুল আর সবজি জন্মানো সম্ভব করতে পারছে তারা। সব অর্গল ভেঙ্গে ঘুরে ফিরে সানন্দে পুরো এলাকাটি বিমুগ্ধ হয়ে ঘুরে দেখে যেতে থাকি আমি।

আশার কথা, আমেরিকা জুড়ে

আমাদের দেশের লোকজনের কেউ কেউ আবার বাংলাদেশ থেকে বীজ এনে পরম মমতা আর যত্নে বিদেশের মাটিতে টেঁড়শ, লাউ, কুমড়া ও শিম ইত্যাদির মতো অনেক দেশি সবজির চাষ করছেন আজকাল। এসব কেবল শুধু লাউ, কুমড়ো বা শিম নয়, যেন দেশের প্রতি জমে থাকা টুকরো টুকরো ভালোবাসা, যা তারা অন্যান্য বাঙালি বন্ধুদের সঙ্গে ভাগাভাগি করে খেয়ে থাকেন। অনেকে আবার বাণিজ্যিকভাবে পুঁই শাক, পালং শাক, করলাসহ আমাদের স্বদেশের নানা রকম শাকসবজি উৎপাদন করে বাংলাদেশী গ্রোসারি স্টোরগুলোতে সরবরাহ করে থাকেন। এতে ভোক্তা এবং বিক্রেতা উভয়েই উপকৃত হয়ে থাকেন। এখনকার জেনারেশনের কথা আলাদা, কিন্তু যারা একটু বড় হয়ে এদেশে এসে বসতি গেড়েছেন, তাদের রসনা মেটাতে এসব তো একেবারে নিত্য অনুস্মের তালিকায়। প্রকৃতিপ্রেমী জার্মানদের আবার প্রতিবেশীদের মধ্যে গাছ উপহার দেয়ার রীতি প্রচলিত রয়েছে, যাতে দুই পরিবারের সম্পর্ক গাছের মতোই ধীরে ধীরে বেড়ে ওঠে আর বন্ধুত্ব হয় প্রকৃতির মতোই সুন্দর। বাগানের একটি সুন্দর গাছ প্রতিবেশীকে দেওয়া মানে, গাছটি একদিন বড় হয়ে বাগানের শোভাবর্ধনের সাথে সাথে তার সঙ্গে সম্পর্কের বন্ধনও হবে সুদৃঢ় ও সুমধুর। গাছ কেবল লাগালেই হয় না, যত্ন করতে হয়, গাছের সাথে কথা

বলতে হয়, তবেই না ফুলে ফলে আর পল্লবে ভরে ওঠে উদ্ভিদগুলো। তখন খুব ভালোভাবেই বোঝা যায় যে, গাছেরও প্রাণ আছে। বাগানের কাজের জন্য কে কতটা সময় দেন বা ভালোবাসেন তা থেকোনো বাগান দেখলেই নিঃসন্দেহে বোঝা যায়। শুধু কী তাই, আজকাল তো আবার অনেকে শখের বাগানকে আরও আকর্ষণীয় করে তুলতে নানা আকারের আর বাহারি রঙের সোলার লাইট লাগিয়ে,গ্রীষ্মের সন্ধ্যাকে করে তোলেন আরও অনেক নান্দনিক ও রোমান্টিক।

বাগানের কাজ বা সবুজ প্রকৃতির কাছাকাছি থাকলে মানুষের স্ট্রেস বা মানসিক চাপ কমে, বিভিন্ন সমীক্ষার অভিজ্ঞতা নিয়ে বিশেষজ্ঞরা প্রায়ই এ তথ্য জানিয়ে থাকেন। এক্ষেত্রে নিজের অভিজ্ঞতা থেকে আমার বলতে ইচ্ছে করছে, আজকের এই যান্ত্রিকজীবনে শরীর আর মনকে ফিট রাখতে প্রকৃতির কোনো বিকল্প নেই। ফোর্বস ম্যাগাজিনের বিবেচনায় বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর নারী জার্মান চ্যান্সেলর আঙ্গেলা মার্কেলও নার্কি সময় পেলে স্ট্রেস দূর করতে বাগান করেন, প্রকৃতির সংস্পর্শে যান। তাই সুযোগ থাকলে আপনি, আমি ও আমরা সবাই এ কাজটি শুরু করতে পারি বলে মনে হয়।

এই শহরে প্রবেশের পথে জার্মান ভাষায় এই লেখাটি দেখে কিছুটা অবাক ও হোঁচট খেয়েছিলাম আমি, “Kommen Sie und genießen” or “come and enjoy” Frankenmuth, the German town in Michigan. হ্যাঁ, তাই তো এখানে এলাম এবং প্রকৃতির একেবারে কাছে থেকে, মুগ্ধ হয়ে প্রাণভরে সব উপভোগ করলাম। রাতে মিশিগান ফিরে রাত্রিযাপন করত পরদিন দুপুরে যথারীতি আবার ছুট দিলাম নিউইয়র্কের পথে।



এক জার্মান শহরের গল্প

খসরু চৌধুরী



আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলিটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে । আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন ।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে আটকে রয়েছে আপনার প্রসেসিং । আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট । এবং ফাইনালী গ্রীনকার্ড । এরপর সিটিজেনশীপ । যেখানেই সমস্যা সেখানেই সমাধানও ।

যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইমপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে । বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে ‘কভিশন’ রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না । আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে ।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু ‘রাস্তা’ খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য । এসব সমস্যারও সমাধান রয়েছে । ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি ।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই । পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও । ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে ।

আমরা সহযোগীতা করছি । সকল সমস্যারই সমাধান আছে ।

কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

‘কবিতার এক পাতা’ তার অভিযাত্রার তিন বছর পূর্ণ করেছে অক্টোবর সংখ্যায়। নভেম্বর সংখ্যা প্রকাশের মাধ্যমে কবিতার পাতাটি চতুর্থ বছরে পদার্পণ করছে। পুরো ভ্রমণে আপনারা আমাদের সঙ্গে আছেন, আপনাদের জন্যে আমাদের শুভেচ্ছা ও ভালোবাসা। যে কবিগণ তিনটি বছর ধরে নিয়মিত কবিতা লিখে পাতাটিকে সমৃদ্ধ করেছেন এবং বিশ্বব্যাপী বাংলা কবিতার অগ্রসর পাঠকের কাছে বাংলা কবিতার সমৃদ্ধিকে তুলে ধরেছেন, তাঁদেরকে আমাদের কৃতজ্ঞতা! আমাদের প্রত্যয় বাংলা কবিতার সেরা সম্ভার বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা পাঠকের কাছে উপস্থাপন করা। কবি ও কবিতার জয় হোক!—**ফারুক ফয়সল**

ক বি তা র এক পা তা

বিস্তার

মাসুদ খান

কেউ চলে যাবার পরেও থেকে যায় তার নিঃশব্দ আবেশ
বৃষ্টি থেমে গেলেও যেমন থাকে মিষ্টি আওয়াজের মৃদু রেশ।

থেমে গেছে সুফিগান, ঘুমিয়ে পড়েছে শ্রোতা, আজকের মতো এই শেষ
তবুও ঘূর্ণনজাড্যে ঘুরেই চলেছে ধীরে সেই এক আবিষ্ট দরবেশ।

চুমুকের মানে

রাকীব হাসান

সবই তো আছে
সাদা সিলিং-এর নিচে
পরিচ্ছন্ন মেঝেতে সব আছে

জানালার পাশে দূর দেখার মন খারাপ
এই ঘরে রেখেছি আকাজ্জক সর্বতো প্রেমোদ্যম
সাহসে এসো, আস্তে, সংহারে ভরসা রেখে
আসো অনন্তকাল, দুয়ারে শব্দের প্রেম
দূর্বোধ্য কিছু নয়, খুলে দেখ সব আছে

আমাকে খুলে দেখার অভিধান
দূর্বোধ্য কিছু নয়
আমাদের আছে নিত্যপাঠ
দুজনের ঠোঁট খুলে গেলে ঘরে গ্রীষ্মকাল
দিনে মেঘে মেঘে ঘরে বৃষ্টির ফ্যাক্টরী
বৃষ্টি আমাদের ঘরে রান্না হয়, রাতে ম্লান করে

আমার কোনো গল্প নেই
এক কাপে দুজনের চুমুকে তোমার গল্প বানাই
ইজ্জলে শুয়ে আছো গভীর ঘুমের নিঃশ্বাস
আঙ্গুল টানলেই বাঁশি চোখ মেলবে
গান গাইবে তোমার সর্বাক্ষে রঙ্গিন পাখির ডাক।

দুই লাইনিয়া

বদরুজ্জামান আলমগীর

১. আসমানে ঈশ্বর নাই তিনি থাকেন ভাষায়
প্রেমানন্দে নাচে সৃজন দুঃখ পাবার আশায়।
২. একজন অন্ধ বুদ্ধের সঙ্গে আরেকজন অন্ধ
বুদ্ধের দেখা হলে জগতের সবকিছু দেখা যায়।
৩. পথের ধারে কে গো আমি খান গোবরের গই
তোমার হাতে পুড়বো বলে বেড়ায় সঁটে রই!
৪. আমি জন্মাবার আগেই
জন্মেছিল আমার কফিন।
৫. পথের কোন অভিযোগ নাই,
অভিযোগ করে পথিক।
৬. শত্রুর বিপক্ষে জিততে পারি
কিন্তু হেরে যাই বন্ধুর কাছে।

তোমার অবহেলায়

হেনরী স্বপন

দরজার ওপাশে তোমার ভাষা বুঝি আমি,
স্বর শুনে উদগ্রীব হাসি
পোষাকের স্বাস তুললে তখোনি
প্রতিমার মুখ ভাবি, তোমার অস্থির পায়ে পায়ে
পিঁপড়ের ধ্বনি।
অনুভূতি পেলে যদি অন্ধকার নেমে এসে
আমনের ক্ষেত ভরে যায়,
সমুদ্র তো, ব্যাকুল তোমাকে খুঁজে পেতে পাড় ভাঙ্গে;
লুব্রিকেন্ট তুমি নিরব পিচ্ছিলে গড়িয়েছে রেখার ওপাশে
মার্বেল খেলায়...
শৈশবের শত্রু ভাবা সব খেলা আমি ভুলে গেছি
তোমার অবহেলায়...।

শান্তির কবিতা

আনফ্রেড খোকন

একটি রাষ্ট্রের মধ্যে আছি
আমাকে শান্তির কবিতা
দিতে বলছে এক তরুণ সাহিত্যিক
তাকে দিব, অবশ্যই দিব
সেটা কি রাষ্ট্রতান্ত্রিক?
তা না হলে বলি,
আমার শান্তি মানে ক্ষুধা
খুঁজে দেখ কে কে খেতে পারেনি
আমার শান্তি মানে ঘুম
খুঁজে দেখো, কে কে ফুটপাতে নিখুঁম
মানে ঘুমানোর জায়গাই নেই
উদ্বাস্তরা চিরকাল উদ্বাস্তই!
শান্তি কোথাও ঘুমাতে পারছে না শান্তিতে
আমার পক্ষে খুবই সহজ
একটা শান্তির কবিতা লিখে দিতে।

দৃষ্টিহীন ধারাপাত

ফারহানা ইনিয়াস তুলি

চাঁদের সাথে কথা বলতে গেলেই অনেক
নিয়ম মানার আঙ্কাদেশ আসে। সূর্যের দিকে
তাকাতে হলেও মানতে হয় অনেক নিয়ম।
অনেক জল হারানো নদী-
কিংবা অনেক জোসনা হারানো রাত
শোনায় কৌশলবিদ্যা।

অংকের সব হিসেব বুঝে নিতে পারে না,
জগতের দৃষ্টিহীন ধারাপাত। সংযমী হতে চেয়েও
অনেক সময় নিজেকে
লুকিয়ে রাখতে পারে না শ্রাবণের বিমূর্ত ধারা।

তারপরও বীজের ধূসর বুক থেকে উঁকি দেয়
যে চারা;
আকাশের অসমতল গহীন থেকে জাগ্রত থাকে
যে নীল;
তাকে নিয়েই কবি লিখেন উন্মেষের কবিতা,
প্রথা ভেঙে শিল্পী গেয়ে উঠেন
সকল মুক্তির গান।

দেহজ্যোতি

রওশন হাসান

চোখের আবরণ ভেদ করে কোমলমতি
চৌকোণা আলোরেখা ঘরে ছড়মুড় ঢুকে পড়ে
এক অপহৃত ভালোলাগায় দেহমন ছুঁয়ে যায়।
হেমন্ত-হলুদ বরাগ্রবণ ধোঁয়াশা সকাল
অবিরাম ডেকে চলেছে বিরহী এক অচিন পাখি
সলিটারি পাহাড়ী গানের মত
অথবা লেডি অব শ্যালট শুষ্ক পাতা ছুঁয়ে
অনুনয় সুরে গাইছে আয়ুর পরিত্রাণ।
সমুদ্রের জলে স্নানসান নীরবতার মতন।

আকাশ উদাসী চেয়ে আছে মেঘ বিসর্জনের মায়ায়
জানালার গ্রীল ঘেঁষে ঈষৎ শীতল হাওয়া সুধায় নিষ্পৃহ কেন তুমি
কবি?
বিবর্ণ ফুলের কানে কানে গোড়ে সকালের দীর্ঘশ্বাস। রুজেটে
পরিপাটি ভাজে
যত্নে রাখা কবেরার পুরনো স্বাণের রৌদ্রশুকানো কমলাপাড়ের
শাড়ি।
স্মৃতিঘোর কান্তি। উপড়ে ফেলা বিরোধী বিরামকাল।
সুগন্ধির মত নিঃসঙ্গতা উত্তরহীন আমার সবটুকু হনন করে নিতে
চায়
এক অপহৃত ভালোলাগায় দেহমন ছুঁয়ে যায়।

ভ্রম

হাবিব ফয়েজি

কাছে না গেলে কতকিছুই অজানা থেকে যায়
দূর থেকে তো আমরা কতকিছুই ভুলভাল দেখি
দেখতে দেখতে চোখ ঝাপসা হয়ে আসে, কিংবা
দূর থেকে কতকিছুই ভাবি, ভাবনারা ডানা মেলে, আর
ভাবতে ভাবতে বছরের পর বছর হারিয়ে যায়
দৃষ্টিভ্রম কিংবা ভাবনাত্মমে ডুবে থাকি অবলীলায়

এতদিন দূর থেকেই দেখেছি, আর ভেবে এসেছি বটবৃক্ষ
মনের ভেতরে জমিয়েছি ছায়া প্রত্যাশার বিশল্য পাহাড়
অথচ কাছে গিয়ে দেখি নীচুজাতের বনসাই,
যা ইচ্ছে করলেই ছুড়ে ফেলতে পারি যখন তখন

অথচ দেখো কাছে যাওয়ার অলসতায়-
বোকার মতো
এতো বড়ো একটা মিথ্যাকে শুধু শুধু লালন করেছি
এতকাল...



GOLDEN AGE

HOME CARE

Licensed Home Health Care Agency



CDPAP
Service

**HHA/
PCA**
Service

Skilled
Nursing

Most Popular Home Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

**MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING**

JACKSON HEIGHTS HEAD OFFICE

71-24 35th Avenue Jackson Heights, NY 11372

Ph: **718-775-7852**, Fax: **917-396-4115**

BRONX OFFICE

831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE

509 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE

164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Shah Nawaz MBA
President & CEO
Ph: **646-591-8396**


Email: info@goldenagehomecare.com

www. **goldenagehomecare.com**



Marks Home Care

মার্কস হোম কেয়ার



- ✓ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✓ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
- ✓ আকর্ষণীয় সাপ্তাহিক আয়ের নিশ্চয়তা

আমরা নতুন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

We Welcome
Agency Transfers
and New Clients.



Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

Hicksville

217 Bethpage road
Hicksville
NY 11801

Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

বিস্তারিত জানতে কল করুন

718-697-7707

E-mail : info@markshhc.com | www.markshhc.com

প্রথম আলো

Prothom Alo North America

18 November 2021, Thursday, 5th Year, Issue 244, 40 Pages

১৮ নভেম্বর ২০২১, ৪ অগ্রহায়ণ ১৪২৮, ১৩ রবিউস সানি ১৪৪৩, বৃহস্পতিবার



ইসলামে অধিকারের গুরুত্ব

শামীম সিদ্দিকী

ইসলামে রয়েছে মানুষের অধিকার সম্পর্কে বিস্তারিত সুসংবদ্ধ নীতিমালা ও ব্যাখ্যা। মানুষের নিজস্ব যুক্তি-বুদ্ধি সেখানে অচল। ইসলামের সে ব্যাখ্যার মধ্যে রয়েছে মানবতার রক্ষাকবচ। তাইতো মহান আল্লাহপাক কুরআন মজীদে সুস্পষ্টভাবে উল্লেখ করেছেন “আল্লাহ ও তাঁর রাসূল (স.) কোন বিষয়ে ফায়সালা করলে কোন মুমিন পুরুষ কিংবা মুমিন নারীর নিজের কোন ব্যাপারে অন্য কোন সিদ্ধান্তের এখতিয়ার থাকবে না। কেউ আল্লাহ ও তাঁর রাসূলকে অমান্য করলে সে তো স্পষ্ট পথভ্রষ্ট হবে” (আহযাব ৩৬)।

উক্ত আয়াত দ্বারা বোঝা যায়, মানুষের কল্যাণকর্ম তথা অধিকারের ক্ষেত্রে কারও কোন কমবেশি করার সুযোগ নেই এবং কোনরূপ সংশোধন করারও সুযোগ নেই। ইসলামে অধিকার ও কর্তব্য পরস্পর সম্পর্কিত। শাসক-শাসিতের সম্পর্ক কেমন

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১



ঐক্য-চ্যানেল আই মিউজিক অ্যাওয়ার্ডস অনুষ্ঠানে নায়ক শাকিব খান। ছবি : সংগৃহীত

ঐক্য-চ্যানেল আই মিউজিক অ্যাওয়ার্ডসের ১৬তম আসর

রোকোয়া দীপা

ব্যাপক আয়জনের মধ্যে দিয়ে চ্যানেল আইয়ের উদ্যোগে আয়োজিত ঐক্য-চ্যানেল আই মিউজিক অ্যাওয়ার্ডসের ১৬তম আসর অনুষ্ঠিত হয়েছে। ১৪ নভেম্বর রোববার নিউইয়র্কের এমাজুরা কনসার্ট হলে জাঁকজমকভাবে অনুষ্ঠানটি আয়োজন করা হয়। বাংলা শোবিজ জগতের বড় বড় তারকা এতে অংশ নেন।

বৃষ্টির বিপত্তি উপেক্ষা করে প্রবাসীদের

জাতিসংঘে রোহিঙ্গা নিয়ে প্রস্তাব গৃহীত

উত্তর আমেরিকা অফিস

জাতিসংঘে প্রথমবারের মতো সর্বসম্মতিক্রমে গৃহীত হলো রোহিঙ্গা রেজুলেশন, যা এই সংকটের সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়ের দৃঢ় প্রতিশ্রুতিরই প্রতিক্রিয়া—১৭ নভেম্বর বুধবার জাতিসংঘে ‘মিয়ানমারের রোহিঙ্গা মুসলিমসহ অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের মানবাধিকার পরিস্থিতি’ শীর্ষক রেজুলেশনটি গ্রহণকালে বক্তৃতায় একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা।

রেজুলেশনটি যৌথভাবে উত্থাপন করে ওআইসি এবং ইউরোপীয় ইউনিয়ন। বাস্তবায়ন রোহিঙ্গাদের আশ্রয় ও মানবিক

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫



বারী হোম কেয়ার

আরও বিস্তারিত বিজ্ঞাপন দেখুন ১৯ পৃষ্ঠায়



কর্ণফুলী ট্যাক্স

TAX SERVICES INC. www.karnafullytax.com

ইনকাম ট্যাক্স	কর্পোরেট ট্যাক্স	সেলস ট্যাক্স
পেরোল	বিজনেস সেটআপ	ENROLLED AGENT
ইমিগ্রেশন	নোটারী পাবলিক	IRS

PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent



খালিল বিরিয়ানীতে আসুন

“বাইভেন বিরিয়ানী” এর স্বাদ নিন

KHALIL BIRYANI & HALAL CHINESE
2062 McGraw Ave, Bronx
NY 10462, Ph: 347-621-2884

KHALIL BIRYANI HOUSE
1445 Olmstead Ave. Bronx
NY 10462 Ph: 718-483-8904
www.khalilfood.com



বাংলাদেশের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK

সর্বচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: banglatraveltour@gmail.com (কোনদল কিং এর পার্শে, ডাইভারসিটি ব্লকার)

Phone: 917-396-4140, 917-592-7828

সুপার সেল \$৬৪৯+

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO



M MOTIN

An Icon of Growth & Development

Sweets & Masala

সা ফ ল্য

ব্লগার প্রিসিলার জনপ্রিয়তা এখন দেশ-বিদেশে

রাজুব ভৌমিক

আমেরিকার নিউইয়র্কে পরিচিত একটি নাম ফাতিমা নাজনীন প্রিসিলা। তিনি এরইমধ্যে সফল ব্লগার এবং ইউটিউবার হিসেবে দেশ-বিদেশে বেশ জনপ্রিয়তা পেয়েছেন। তাঁর চ্যানেল ও পেজে প্রিসিলা নামটি ব্যবহার করেন। এজন্য তিনি লাখ লাখ ভক্তের কাছে প্রিসিলা নামেই পরিচিত।

প্রিসিলার জন্ম কুমিল্লায়। তাঁর পূর্বপুরুষরা সবাই কুমিল্লার। পরিবারের অনেকেই এখনো কুমিল্লায় থাকেন। যুক্তরাষ্ট্রে বাবা চিকিৎসা বিষয়ক গ্রন্থ-প্রণেতা এবং একটি কর্পোরেশনের কর্মকর্তা। তাঁর মা একটি কোম্পানির ম্যানেজার। ছোটবেলায় প্রিসিলা হলিউডের মুভি দেখতে পছন্দ করতেন। এ থেকেই অভিনয় করার ইচ্ছে জন্মে। প্রিসিলা স্কুলে নাচ, গান ও অভিনয়ের দলে যোগ দেন। বিভিন্ন পুরস্কারও তিনি পেয়েছেন। এতে তাঁর সুযোগ হয় অভিনয় করার। প্রিসিলার আগ্রহ দেখে তাঁর বাবা হলিউডের একটি প্রতিষ্ঠান, নিউইয়র্ক ফিল্ম একাডেমীতে অভিনয় ও মডেলিং



ব্লগার প্রিসিলা

কোর্সে ভর্তি করিয়ে দেন। কোর্স শেষ করার পর নানা ব্যস্ততায় অভিনয়ে পুরোপুরি মনোযোগ দেয়া সম্ভব হয়নি প্রিসিলার। তিনি বলেন, “মাদার তেরেসার কিছু গল্প, কিছু কথা আমার জীবনে বিশেষ প্রভাব ফেলে। তাছাড়া প্রিন্সেস ডায়ানার জীবনী অনুপ্রাণিত করেছে আমাকে। তাই সোশ্যাল মিডিয়াতে আসা। এ আসা ভাল কিছু করার স্বপ্ন নিয়ে। অভিনয় বা

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫



CORE CREDIT REPAIR

ক্রেডিট লাইনের কারণে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই টিক করে নিন আপনার ক্রেডিট লাইন

- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us **646-775-7008**
www.cmscreditsolutions.com

Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com



হোসেনকেয়ার সেবার জন্য যোগাযোগ করুন

- মেডিকেলিড প্রোগ্রামের আওতায় আপনজনের সেবা করে ঘরে বসে অর্থ উপার্জন করুন
- কোন অধিকৃত প্রয়োজন নেই
- এটি সম্পূর্ণ আইনসম্মত

কর্পোরেট অফিস
৩৭-০৫ ৭৪ স্ট্রিট, ২য় তলা
জ্যাকসন হাইটস, নিউয়র্ক ১১৩৭২
টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১

গ্রন্থ অফিস
২১৪৮ টারলিং এডিনিউ
২৮, নিউইয়র্ক ১০৪৬২
টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১



RAHMANIA TRAVEL SERVICES

TICKETS: DOMESTIC & INTERNATIONAL

কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন

হজ ওমরাহ 718-205-3270, 646-322-1654

স্বল্প ফি'তে বাংলাদেশে দ্রুত ও নিরাপদে টিকা পাঠান

37-15, 73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372



MTR Electric

Murad Hussain

আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিন্দু সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।

আমরা অত্যন্ত দক্ষতার সাথে বাড়ি কিংবা অফিসে যেকোনো ধরনের বিন্দু সংযোগ, রিপেয়ার ইলেকট্রিক্যাল কন্ট্রোল, বয়লার সিস্টেম, থার্মোস্ট্যাট, এয়ার কন্ডিশন, ওয়ার্মিং সিস্টেম, সাউন্ড সিস্টেম এবং সিকিউরিটি ক্যামেরা, অ্যালার্ম সিস্টেম, হাউস রেনোভেশন, টাইলস, স্টিয়ারক, ডোরস, দরজা-জানালাসহ ফুল হাউস রেনোভেশনের কাজ করে থাকি।

MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com



Mohammed A Azad MBA

Real Estate Developer
Libertyrenovation04@gmail.com
917-346-8207

বাজেটের মধ্যে আপনার স্বপ্নের বাড়ি ইনডোর এবং আউটডোর সংস্কার, পুনঃনির্মাণে একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান। যে কোন আয়তনের কিচেন, বাথরুম, ফ্যামেলি রুম, অফিসসহ সম্পূর্ণ বাড়ির সংস্কার করা হয়।




জ্যামাইকার সার্টিফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি



মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি

বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ



আমাদের সেবাসমূহ

- যন্ত্রসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রসাব, ইকোজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রোগন্যাটি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যন্ত্রসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
- আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।



আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এডজমা (হাঁপানি), বাতের ব্যাথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



রুবিনা আক্তার, এমডি

বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC 147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

সম্পাদক: ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত: ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, স্টুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, ই-মেইল: নিউজ: news@prothomalony.com, বিজ্ঞাপন: cm@prothomalony.com